# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 05, 1433 Bangla, June 19, 2026, Friday, No. 164, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has told SSF, trust and love of the people are main strength of a democratic head of government; security should not separate leaders from people. [Jago FM: 25]

Home Minister has announced an initiative to build a barbed-wire fence to curb border killings, infiltration, and various cross-border crimes. [BBC: 06]

Road Transport and Bridges Minister has announced a plan to relocate four inter-district bus terminals from Dhaka within the next two and a half years. [Jago FM: 19]

Information and Broadcasting Minister has said, an opportunity has been created for establishment of an independent National Media Commission by bringing all stakeholders in a common platform. [R. Today: 33]

HSC and equivalent examinations will begin on July 2, with a common question paper for all general education boards --- Education Minister. [Jago FM: 22]

CID has prepared a draft charge sheet in the Bangladesh Bank reserve theft case after a decade, accusing 64 individuals and organizations. [R. Today: 29]

International Business Forum of Bangladesh has described proposed national budget as a realistic roadmap for economic recovery and investment expansion. [Jago FM: 24]

Government has decided to implement ninth pay scale for public employees from next July. [Jago FM: 23]

European Union has announced €14 million in financial assistance for Rohingya refugees. [BBC: 06]

Deposits by Bangladeshis in Swiss banks have exceeded Tk 12,500 crore; rising by about 41.5 percent in 2025 alone. [R. Today: 29]

More than 200 workers in Gazipur fell ill after drinking water; while 18 students in Chapainawabganj became ill after consuming school meals. [DW: 12]

The United States and Iran have electronically signed a memorandum of understanding to extend their ceasefire and reopen the Strait of Hormuz. [NHK: 12]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ০৫, বাংলা ১৪৩৩, জুন ১৯, ২০২৬, শুক্রবার, নং- ১৬৪, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান স্পেশাল সিকিউরিটি ফোর্সকে বলেছেন, জনগণের আস্থা ও ভালোবাসাই গণতান্ত্রিক সরকার প্রধানের প্রধান শক্তি; নিরাপত্তা যেন জনগণ থেকে বিচ্ছিন্ন না করে। [জাগো এফএম: ২৫]

স্বরাষ্ট্রমন্ত্রী সীমান্ত হত্যা, অনুপ্রবেশ ও আন্তঃসীমান্ত বিভিন্ন অপরাধ দমনের লক্ষ্যে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগের কথা জানিয়েছেন। [বিবিসি: ০৬]

আড়াই বছরের মধ্যে ঢাকা থেকে চারটি আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নেওয়ার পরিকল্পনা জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী। [জাগো এফএম: ১৯]

গণমাধ্যম সংস্কারে সব অংশীজনকে একমঞ্চে এনে স্বাধীন জাতীয় গণমাধ্যম কমিশন গঠনের সুযোগ সৃষ্টি হয়েছে --- বলেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী । [রে. টুডে: ৩৩]

২ জুলাই থেকে শুরু হচ্ছে এইচএসসি ও সমমান পরীক্ষা, সব সাধারণ বোর্ডে অভিন্ন প্রশ্নপত্র --- শিক্ষামন্ত্রী। [জাগো এফএম: ২২]

বাংলাদেশ ব্যাংক রিজার্ভ চুরি মামলায় এক দশক পর খসড়া অভিযোগপত্র প্রস্তুত করেছে সিআইডি, ৬৪ ব্যক্তি ও প্রতিষ্ঠান অভিযুক্ত। [রে. টুডে: ২৯]

ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অব বাংলাদেশ প্রস্তাবিত জাতীয় বাজেটকে অর্থনৈতিক পুনরুদ্ধার, বিনিয়োগ সম্প্রসারণে বাস্তবমুখী রোডম্যাপ হিসেবে অভিহিত করেছে। [জাগো এফএম: ২৪]

সরকারি চাকরিজীবীদের নবম পে-স্কেল আগামী জুলাই মাস থেকেই কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। [জাগো এফএম: ২৩]

রোহিঙ্গা শরণার্থীদের জন্য ১ কোটি ৪০ লাখ ইউরো অর্থ সহায়তা ঘোষণা করেছে ইউরোপীয় ইউনিয়ন। [বিবিসি: ০৬]

সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানত ছাড়িয়েছে ১২ হাজার ৫শ' কোটি টাকা। ২০২৫ সালেই আমানত বেড়েছে প্রায় সাড়ে ৪১ শতাংশ। [রে. টুডে: ২৯]

গাজীপুরে পানি পান করে দুই শতাধিক শ্রমিক এবং চাঁপাইনবাবগঞ্জে স্কুল ফিডের খাবার খেয়ে ১৮ শিক্ষার্থী অসুস্থ। [ডয়চে ভেলে: ১২]

যুক্তরাষ্ট্র ও ইরান যুদ্ধবিরতির মেয়াদ বাড়াতে এবং হরমুজ প্রণালী পুনরায় খুলে দিতে ডিজিটাল মাধ্যমে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। [এনএইচকে: ১২]

# বিবিসি

## আচরণ পরিবর্তন না করা পর্যন্ত ইরানকে চাপে রাখবে যুক্তরাষ্ট্র: ভ্যান্স

মৌলিক আচরণে পরিবর্তন না আনা পর্যন্ত ইরানকে অর্থনৈতিকভাবে চাপে রাখার কথা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ভবিষ্যতে ইরানকে পারমাণবিক অস্ত্র তৈরিতে কী বাধা দেবে- সাংবাদিকদের এই প্রশ্নের জবাবে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট বলেন, যুক্তরাষ্ট্র ইরানের "বিলিয়ন বিলিয়ন" ডলারের পারমাণবিক অবকাঠামো ধ্বংস করে দিয়েছে, তাই পুনরায় পারমাণবিক অস্ত্র তৈরি করতে ইরানের "প্রচুর অর্থের" প্রয়োজন হবে। যুক্তরাষ্ট্র ইরানকে একটি "অর্থনৈতিক শ্বাসরুদ্ধকর পরিস্থিতির" মধ্যে রেখেছে এবং "যতক্ষণ না তারা তাদের আচরণে মৌলিক পরিবর্তন আনছে, ততক্ষণ পর্যন্ত আমরা এই চাপ শিথিল করব না," বলেন তিনি। ভ্যান্স বলেন যে, আচরণ পরিবর্তনের অর্থ হলো, ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত ধ্বংস করা। ইরান যদি তাদের আচরণ পরিবর্তনের প্রমাণ দিতে পারে এবং তা যদি "যাচাইযোগ্য" হয়, কেবল তখনই তারা বিশ্ব অর্থনীতির সঙ্গে যুক্ত হতে পারবে, বলেও মন্তব্য করেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## কোনো চাপের কাছে মর্যাদা বিকিয়ে দেয়নি ইরান: পেজেশকিয়ান

যুক্তরাষ্ট্রের সঙ্গে সই হওয়া সমঝোতা স্মারকে ইরান "নিজের মর্যাদা বিকিয়ে দেয়নি" বলে মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। স্বাক্ষরিত নথির ফার্সি সংস্করণের একটি ছবিসহ সামাজিক মাধ্যম এক্স-এ এসব কথা লিখেছেন তিনি। যেখানে ইরানের প্রেসিডেন্ট উল্লেখ করেছেন যে, "এই লেখাগুলো এমন একটি জাতির কণ্ঠস্বরের প্রতিফলন, যারা কোনো হুমকি বা চাপের কাছে তাদের মর্যাদা এবং স্বাধীনতা বিকিয়ে দেয়নি।" তিনি বলেন, "আজ যা নথিবদ্ধ হলো, তা জাতীয় সহনশীলতা, রাজনৈতিক যৌক্তিকতা এবং দায়িত্বশীল কূটনীতির ফসল।"
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## 'যাওয়ার পরিকল্পনা আছে, তবে সময় নিশ্চিত নয়' সুইজারল্যান্ড সফর নিয়ে মার্কিন ভাইস প্রেসিডেন্ট

ইরানের সঙ্গে চুক্তি সাক্ষরের জন্য সুইজারল্যান্ড যাওয়ার পরিকল্পনা এখনো রয়েছে, তবে "আমি ঠিক জানি না কখন যাব" এই মন্তব্য করেছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। বৃহস্পতিবার সংবাদ সম্মেলনে তিনি জানান, আলোচনা খুবই কৌশলগত হওয়ায়, এই বিষয়ে কাজ করার জন্য সঠিক ব্যাক্তির সেখানে থাকাটা গুরুত্বপূর্ণ। "আমরা মনে করছি, আলোচনাগুলো এই সপ্তাহের শেষের দিকে কোনো এক সময়ে শুরু হবে," বলেন মি. ভ্যান্স। উল্লেখ্য, ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারক সইয়ের অনুষ্ঠানটি শুক্রবার সুইজারল্যান্ডে হওয়ার কথা ছিল। তবে সমঝোতা স্মারকটি ইতোমধ্যে সই হয়ে যাওয়ায় অনুষ্ঠানটি বাতিল করা হয়েছে বলে জানিয়েছে মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান। যদিও পরবর্তী আলোচনার জন্য মার্কিন ও ইরানি প্রতিনিধিদের সুইজারল্যান্ডে দেখা করার কথা রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## হাম ও হামের উপসর্গে আক্রান্তের সংখ্যা লাখ ছাড়াল

বাংলাদেশে হাম ও হামের উপসর্গে আক্রান্তের সংখ্যা সরকারি তথ্যেই এক লাখ ছাড়িয়েছে। এছাড়া একশ দিনেরও কম সময়ের ব্যবধানে এই রোগের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৬৬৬ জনে। স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ বার্তা অনুযায়ী, ১৫ই মার্চ থেকে এখন পর্যন্ত তিন মাসে মোট নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১০ হাজার ৭৭৩ জন এবং সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৮৯ হাজার ৯০৪ জন। এই সময়ে নিশ্চিত হাম রোগে ৯৩ জন এবং হামের উপসর্গ নিয়ে ৫৭৩ জনের মৃত্যু হয়েছে বলেও নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। এদিকে হাম সংক্রান্ত সবশেষ বার্তায় স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে যে, বুধবার সকাল আটটা থেকে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত এই রোগের উপসর্গ নিয়ে পাঁচজনের মৃত্যু হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ নারগীস)

## সুইজারল্যান্ডে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান বাতিল, বিবিসিকে জানালেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী

সমঝোতা স্মারকটি ইতোমধ্যে স্বাক্ষর হওয়ায়, জেনেভায় শুক্রবার অনুষ্ঠিত হতে যাওয়া চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান বাতিল করা হয়েছে বলে বিবিসি উর্দুকে জানিয়েছেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার। পাকিস্তানের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা প্রথমে বিবিসিকে জানিয়েছিলেন যে, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ জেনেভায় তার সফর স্থগিত করছেন। তিনি বলেন, "একটি সামগ্রিক কাঠামোর অধীনে পরবর্তী ধাপগুলো বিভিন্ন পর্যায়ে আলোচনার মাধ্যমে এগিয়ে নেওয়া হবে।" বৃহস্পতিবার ভোরে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ যখন সামাজিক মাধ্যম এক্সে দেওয়া একটি পোস্ট থেকে কিছু অংশ সরিয়ে ফেলেন, তখনই এই ইভেন্টের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন উঠেছিল। মুছে ফেলা ওই অংশে লেখা ছিল, "পাকিস্তানসহ-মধ্যস্থতাকারী রাষ্ট্র কাতারের সমর্থনে, এই ঐতিহাসিক ঘটনা উদযাপনে এবং বিভিন্ন পর্যায়ে আলোচনার সূচনা করতে ১৯ জুন ২০২৬ তারিখে সুইজারল্যান্ডে অনুষ্ঠানের আয়োজন করবে।" বৃহস্পতিবার সকালে পাকিস্তানের একাধিক সূত্র বিবিসিকে নিশ্চিত করেছিল যে, ইভেন্টটি এখনো বহাল রয়েছে। তবে সন্ধ্যা নাগাদ সেই পরিকল্পনায় পরিবর্তন হয়। মধ্যস্থতাকারী হিসেবে এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারীদের একজন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ নারগীস)

## মালয়েশিয়া-চীনে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম বিদেশ সফরে কী হতে যাচ্ছে

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া ও চীন সফর নিয়ে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে জোর প্রস্তুতি চলছে। এটিই হবে গত ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার পর তার প্রথম বিদেশ সফর। এর মাধ্যমে প্রধানমন্ত্রী হিসেবে প্রথম বিদেশ সফরের জন্য ভারত ও চীনকে এড়িয়ে তৃতীয় একটি দেশকে বেছে নেওয়ার বিষয়টি রাজনৈতিক অঙ্গনে আলোচনায় এসেছে। তার এই সফরকে ঘিরে এখন পর্যন্ত যে পরিকল্পনা রয়েছে, সে অনুযায়ী, প্রধানমন্ত্রী ২১ ও ২২ জুন মালয়েশিয়া সফর করবেন। এরপর ২৩ জুন তিনি কুয়ালালামপুর থেকেই বেইজিং যাবেন এবং ২৬ জুন ঢাকায় ফিরবেন। প্রধানমন্ত্রীর এই সফরের খুঁটিনাটি চূড়ান্ত করতে বাংলাদেশের পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম বেইজিং গিয়ে চীনের উপ-পররাষ্ট্রমন্ত্রীসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন বলে জানিয়েছেন ঢাকার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। বিশ্লেষকরা বলছেন, ভারত-চীন বিতর্ক এড়ানো কিংবা সম্পর্কে ভারসাম্যের বার্তা দেওয়ার চেষ্টা এবং ভারতকে নিয়ে জনমনে থাকা প্রতিক্রিয়া বিবেচনায় নিয়ে কৌশলগত কারণেই প্রথম সফরের জন্য মালয়েশিয়াকে বেছে নিয়ে থাকতে পারেন প্রধানমন্ত্রী। তাদের মতে, প্রধানমন্ত্রীর সফরের মাধ্যমে মালয়েশিয়া ও চীনের সাথে সম্পর্কের গতি আরও বাড়বে, যার মাধ্যমে মালয়েশিয়ার শ্রমবাজার নিয়ে জটিলতার অবসান ও বাংলাদেশে চীনা বিনিয়োগ আরও বাড়ানোর ক্ষেত্র তৈরির সুযোগ তৈরি হতে পারে।

**সফরে কী হবে**

পররাষ্ট্র মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তারা বলছেন, প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফরে বাংলাদেশের দিক থেকে বেশি গুরুত্ব দেওয়া হবে শ্রমবাজার বিষয়ে। পাশাপাশি শিক্ষাখাতেও দেশটির সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাবনা আছে। বাংলাদেশ থেকে জনশক্তি রপ্তানির তালিকায় চতুর্থ দেশ হিসেবে রয়েছে মালয়েশিয়া। তারপরেও দেশটির শ্রমবাজার নিয়ে বিভিন্ন সময় নানা টানাপড়েনের মধ্যদিয়ে গেছে বাংলাদেশ। সিন্ডিকেটসহ বিভিন্ন কারণে এখনো বাংলাদেশের জন্য বন্ধ আছে মালয়েশিয়ার শ্রমবাজার। গত এপ্রিলে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানবিষয়ক মন্ত্রী আরিফুল হক চৌধুরী ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন কুয়ালালামপুর সফর করেন। পরে ঢাকায় ফিরে মি. আমিন সাংবাদিকদের বলেছিলেন, বন্ধ থাকা মালয়েশিয়ার শ্রমবাজারে বাংলাদেশের জনশক্তি পাঠানোর বিষয়ে সরকার কাজ করে যাচ্ছে। এরপর ১৫ জুন ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক বৈঠকের পর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক নুর সাংবাদিকদের বলেছেন যে, প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন মালয়েশিয়া সফরের মধ্যদিয়ে বন্ধ শ্রমবাজার পুনরায় চালুর বিষয়ে বড়ো সুযোগ তৈরি হবে বলে তারা আশা করছেন।

ঢাকায় কর্মকর্তারা বলছেন, প্রধানমন্ত্রীর সফরে মালয়েশিয়া যে-সব বাংলাদেশি শ্রমিকের বৈধ কাগজপত্র নেই, তাদের বৈধতা দেওয়া এবং শ্রমবাজারটি উন্মুক্ত করে বাংলাদেশ থেকে জনশক্তি রফতানিতে সব বাধা দূর করার ওপর গুরুত্ব দেওয়া হবে। এর বাইরে বাংলাদেশ থেকে আরও বেশি শিক্ষার্থী যেন দেশটিতে উচ্চশিক্ষা অর্জনের জন্য যেতে পারে, সেটি নিশ্চিত করতে দুই দেশের সরকারেরই আগ্রহের কথা জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। তবে মালয়েশিয়ার চেয়ে বেশি কৌতূহল তৈরি হয়েছে প্রধানমন্ত্রীর চীন সফর নিয়ে। পরিকল্পনা অনুযায়ী প্রধানমন্ত্রী ২৩ থেকে ২৬ জুন পর্যন্ত বেইজিং সফর করবেন। এ সফরে প্রায় ১৫টির মতো সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার আভাস পাওয়া গেছে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে। বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য, প্রতিরক্ষাসহ বিভিন্ন খাতে এসব সমঝোতা স্মারক হবে বলে জানা যাচ্ছে। তবে এই সফরে যে কয়টি বিশেষ গুরুত্ব পেতে পারে তার মধ্যে রয়েছে- বাংলাদেশে প্রস্তাবিত দ্বিতীয় পদ্মা সেতু, তিস্তা মহাপরিকল্পনা, যমুনায় আরেকটি সেতু, বাংলাদেশে চীনা অর্থনৈতিক অঞ্চল। সম্প্রতি একনেকে চীনের ঋণে ৪ হাজার কোটি টাকার একটি অর্থনৈতিক অঞ্চলের প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর সফরের সময়েই বেইজিংয়ে একটি বিনিয়োগ সম্মেলন আয়োজনের চেষ্টা করছে বাংলাদেশ। পাশাপাশি চীনা মুদ্রায় একটি বন্ড চালুর প্রস্তাব খতিয়ে দেখছে বাংলাদেশ। কর্মকর্তারা বলছেন, এ সফরে বৈদ্যুতিক গাড়ি নির্মাণে বিনিয়োগ ও প্রযুক্তি সহায়তা চাইবে বাংলাদেশ। এছাড়া কৃষি প্রযুক্তি হস্তান্তরেও চীনকে প্রস্তাব দেওয়ার পরিকল্পনা রয়েছে বাংলাদেশের দিক থেকে। এর বাইরেও চীন ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ), মুদ্রা বিনিময় চুক্তি এবং বাংলাদেশে একটি চীনা ব্যাংক স্থাপনের পাশাপাশি দুই দেশের মধ্যে থাকা বিনিয়োগ চুক্তিগুলোর আপগ্রেডেশনের প্রস্তাব আলোচনায় আসতে পারে বলে কর্মকর্তারা ধারণা দিয়েছেন।

**মালয়েশিয়ায় কেন প্রথম সফর**

বাংলাদেশের রাজনীতিতে দীর্ঘকাল ধরেই গুরুত্ব দিয়ে দেখা হয় ভারত ও চীনকে। রাজনৈতিক ক্ষেত্রে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সময়ে ভারতই বেশি গুরুত্ব বা প্রাধান্য পেয়েছে। তবে আওয়ামী লীগ সরকারের আমলে উভয় দেশই একে অপরকে ব্যাপক সমর্থন দিয়ে আসছিল, যা নিয়ে তখন বিএনপির দিক থেকে প্রকাশ্যেই উষ্মা প্রকাশ করে বক্তব্য দেওয়া হয়েছিল। কিন্তু ২০২৪ সালে আওয়ামী লীগ সরকারের পতনের পর চীন দ্রুতই তখনকার অন্তর্বর্তী সরকার এবং বিএনপি, জামায়াতে ইসলামীসহ আওয়ামী লীগ বিরোধী দলগুলোর সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ তৈরি করে। অন্যদিকে অন্তর্বর্তী সরকারের সাথে ভারতের সম্পর্ক তলানিতে গিয়ে পৌঁছায়। তবে ফেব্রুয়ারির নির্বাচনের আগে থেকেই ভারত বাংলাদেশের নির্বাচিত সরকারের সঙ্গে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করে। এরপর ভারতীয় নেতাদের বাংলাদেশে বিএনপির সঙ্গে সম্পর্ক বাড়ানোর উদ্যোগও অনেকটাই দৃশ্যমান হয়। বিশেষ করে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর পর তার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে গত জানুয়ারিতে ঢাকায় আসেন ভারতের

পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। একইসঙ্গে খালেদা জিয়ার মৃত্যুতে তার ছেলে তারেক রহমানের কাছে শোকবার্তা পাঠিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নির্বাচনে বিএনপির জয়লাভের পর তারেক রহমানের শপথ অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন ভারতের স্পিকার ওম বিড়লা।

এদিকে, এর আগে শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে চীন সরকারের আমন্ত্রণে দফায় দফায় চীন সফরে গিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর থেকে শুরু করে দলটির বিভিন্ন পর্যায়ের নেতারা। এছাড়া ঢাকাতেও চীনা কূটনীতিকরা সরকার ও বিরোধী দলের সঙ্গে নিয়মিত দেখা সাক্ষাৎ করে আসছেন। আবার শুরু থেকেই ভারত ও চীন উভয় দেশের তরফ থেকে তারেক রহমানকে সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। তারেক রহমানের প্রধানমন্ত্রী হিসেবে শপথের পরপরই ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'সুবিধাজনক সময়ে ভারত সফরের' আমন্ত্রণপত্রটি তারেক রহমানের হাতে তুলে দিয়েছিলেন। এর কয়েকদিন পর ২৪ ফেব্রুয়ারিতে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে তাকে আনুষ্ঠানিকভাবে চীন সফরের আমন্ত্রণ জানান। ওই সাক্ষাতের পর প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা) হুমায়ুন কবির এক ব্রিফিংয়ে বলেছিলেন যে, প্রধানমন্ত্রী যখন বিদেশ সফর শুরু করবেন তখন চীন সফরের বিষয়টি বিবেচনা করবেন। পরে মে মাসে চীনের প্রধানমন্ত্রীর দিক থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে বেইজিং সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানিয়ে চিঠি আসে ঢাকায়। কিন্তু এর মধ্যে গত এপ্রিলে সরকারের একজন মন্ত্রী ও প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা মালয়েশিয়া সফরে যান। দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে তাদের আনুষ্ঠানিক বৈঠকের সময় মি. ইব্রাহীম বাংলাদেশের প্রধানমন্ত্রীকে মালয়েশিয়া সফরের আমন্ত্রণ জানান। এরপরই প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম বিদেশ সফরের জন্য মালয়েশিয়াকে চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং এতে মূলত প্রথম বিদেশ সফরের জন্য ভারত ও চীনকে এড়িয়ে তৃতীয় একটি দেশকে বেছে নেওয়ার চিন্তাই প্রাধান্য পেয়েছে বলে বিশ্লেষকেরা মনে করছেন।

**বিশ্লেষকরা যা বলছেন**

চীনে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত মুন্সি ফয়েজ আহমেদ বলছেন, প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফর দেশ দুটির সাথে সম্পর্কের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করবে এবং সম্পর্কে নতুন গতি আনবে। "শুরুতে ভুটান ও ভারতে প্রধানমন্ত্রী যাবেন এমন খবর বেরিয়েছিল। কিন্তু এখন তিনি মালয়েশিয়া ও চীন যাচ্ছেন। আসলে চীন সফরের আগে প্রধানমন্ত্রী কোথায় গেলেন, তা নিয়ে চীন চিন্তা করে না। ফলে মালয়েশিয়া আগে যাওয়াতে কোনো ক্ষতি নেই। বরং দুই দেশেই সহযোগিতা বৃদ্ধির অনেক ক্ষেত্র আছে, যা প্রধানমন্ত্রীর সফরে গুরুত্ব পাবে বলে আশা করছি," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে, প্রধানমন্ত্রীর চীন সফরে বাণিজ্য ও অর্থনীতিসহ অনেক বিষয়ে আলোচনা হবে। কিন্তু প্রতিবেশী দেশ হিসেবে ভারতের সাথেও সুসম্পর্কের জন্য দুই পক্ষকেই উদ্যোগী হতে হবে নিজ স্বার্থেই। আঞ্চলিক রাজনীতির বিশ্লেষক ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. ফরিদ হোসেন বলছেন, প্রথম সফরের জন্য মালয়েশিয়াকে বেছে নেওয়া প্রধানমন্ত্রীর একটি কৌশলগত সিদ্ধান্ত, যা আঞ্চলিক রাজনীতি ও কূটনীতির ক্ষেত্রে বিশেষ গুরুত্ব বহন করে। "বিনিয়োগ ও শ্রমবাজার বিষয়ে মালয়েশিয়া বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ। আবার আঞ্চলিক ও বৈশ্বিক রাজনীতিতে দেশটির নিরপেক্ষ ভূমিকা রয়েছে। পাশাপাশি চীন ও পশ্চিমাদের সঙ্গেও ঘনিষ্ঠ সম্পর্ক আছে দেশটির। আমার ধারণা, দুই শক্তিধর দেশ ভারত ও চীনের বিতর্ক এড়িয়ে সেজন্যই প্রধানমন্ত্রী কুয়ালালামপুরকে বেছে নিয়েছেন," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে, বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পতনের পর চীন যেভাবে রাজনৈতিকদলসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে সম্পর্ক উন্নয়নে কাজ করেছে, ভারতের দিক থেকে তেমনটি দেখা যায়নি এবং সেটিও সফরের জন্য চীনকে আগে বেছে নেওয়ার ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বলে মনে করেন তিনি । "তারেক রহমান চীন ও ভারতের মধ্যে ভারসাম্য দেখাতে চাইছেন। কিন্তু একজন উপদেষ্টাকে নিয়ে দিল্লিতে যা ঘটেছে, সেটি দুই দেশের সম্পর্কেরও একটা প্রতিফলন। অর্থাৎ নতুন সরকারের সাথে তাদের সম্পর্ক এখনো প্রত্যাশিত মানে আসেনি। "আবার চীন বাংলাদেশে ভারতের তুলনায় বড়ো বিনিয়োগকারী। পাশাপাশি বিএনপি, জামায়াত ও এনসিপিসহ রাজনৈতিক দল, এমনকি ছাত্র প্রতিনিধিদেরও চীন সফর করতে দেখছি নিয়মিত। পাশাপাশি বিভিন্ন শ্রেণি-পেশার সফর বিনিময় বেড়েছে। এসব কিছুই চীন সফরে যেতে প্রধানমন্ত্রীকে উদ্বুদ্ধ করে থাকতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন মি. হোসেন। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র-ইরান চুক্তি বাস্তবায়ন নিয়ে আলোচনা শুরু হবে সুইজারল্যান্ডে, তেহরান 'ভাবছে'

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে স্বাক্ষরিত ১৪ দফা চুক্তির বাস্তবায়ন নিয়ে শুক্রবার থেকে সুইজারল্যান্ডে আলোচনা শুরু হবে। আয়োজনকারী দেশ সুইজারল্যান্ড এক বিবৃতিতে জানিয়েছে, "বর্তমান পরিকল্পনা অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইরান, মধ্যস্থতাকারী হিসেবে পাকিস্তান ও কাতারসহ সংশ্লিষ্ট অন্যান্য দেশের সঙ্গে আগামীকাল বুর্গেনস্টকে সমঝোতা স্মারকের বাস্তবায়ন নিয়ে প্রাথমিক আলোচনা শুরু হবে।" বিবৃতিতে আরও বলা হয়, "এই বৈঠকের সময়সূচি ও বিস্তারিত বিষয়ে বর্তমানে আর কোনো তথ্য পাওয়া যাচ্ছে না"। এদিকে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকায়ি বলেছেন, সুইজারল্যান্ডে নতুন দফা আলোচনা "এখনো বিবেচনায় রয়েছে"। সরকারের আনুষ্ঠানিক সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্ট থেকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়েছে, "আগামী কয়েক ঘণ্টার মধ্যে কূটনৈতিক চ্যানেল

ও মধ্যস্থতাকারীদের প্রচেষ্টার মাধ্যমে আলোচনা অব্যাহত থাকার প্রত্যাশা করা হচ্ছে"। উল্লেখ্য, চুক্তিটির আনুষ্ঠানিক স্বাক্ষর শুক্রবার সুইজারল্যান্ডে হওয়ার কথা ছিল- তবে চুক্তির একটি ইলেকট্রনিক সংস্করণ ইতোমধ্যে দুই দেশই স্বাক্ষর করেছে এবং গতকাল ট্রাম্প চুক্তিটির একটি মুদ্রিত অনুলিপিতে স্বাক্ষর করেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## বিশ্ববাজারে আরো কমলো জ্বালানি তেলের দাম

যুক্তরাষ্ট্র ও ইরান গত রাতে একটি সমঝোতা স্মারকে সই করার পর আজ সকালে বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম আরো কমেছে। বুধবার সামান্য বাড়লেও, গত এক সপ্তাহ ধরেই দুই দেশের মধ্যে একটি চুক্তির সম্ভাবনা জোরালো হওয়ায় জ্বালানি তেলের দাম কমছিল। সমঝোতা চুক্তিতে যুদ্ধের অবসান এবং গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালি পুনরায় খুলে যাওয়ার কথা বলা হয়েছে। এই খবরের প্রভাব বিশ্ববাজারেও পড়েছে। বৈশ্বিক মানদণ্ড ব্রেন্ট ক্রুড ওয়েল সপ্তাহের শুরুতে প্রায় ৮৬.৮০ ডলারে লেনদেন হয়েছিল। এটি বর্তমানে ৭৪.৮০ ডলারে লেনদেন হচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## জাতীয় সংসদে আবারও আলোচনায় মাইক্রোওয়েভ, ওয়াশিং মেশিন, পর্দা

বিরোধী দল জামায়াতে ইসলামীর একজন সংসদ সদস্য সংসদে দাঁড়িয়ে মাইক্রোওয়েভ, ওয়াশিং মেশিন এবং পর্দা চাওয়ায় লজ্জা পাচ্ছেন বলে জানিয়েছেন ভোলা-১ আসনের সংসদ সদস্য বিজেপি নেতা আন্দালিভ রহমান পার্থ। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনে আলোচনা শুরুর আগে পয়েন্ট অর্ডারে এসব কথা বলেন তিনি। মি. পার্থ বলেন, "এটা আমাকে অনেক লজ্জা দেয় যে, একজন মেম্বার অব পার্লামেন্ট এখানে দাঁড়িয়ে যেখানে জনগণের কথা বলবে, যেখানে জনগণের বিভিন্ন দাবির কথা বলবে- সেখানে একজন মেম্বার অব পার্লামেন্ট দাঁড়িয়ে উনি ওয়াশিং মেশিন পেলো, নাকি মাইক্রোওয়েভ পেলো, না কার্টেইন (পর্দা) পেলো, সেই ব্যাপারে দাঁড়িয়ে কথা বলবে। যেখানে আবার বলা হয়, আমরা গাড়ি নেব না, আমরা প্লট নেব না।" এসময় বিরোধী দলের ওই সংসদ সদস্যকে নিজের তরফ থেকে একটা মাইক্রোওয়েভ দিতে চান বলে জানান তিনি। "যদি ওনার পর্দা আর মাইক্রোওয়েভ চান, তাহলে আমার তরফ থেকে ওনাকে একটা মাইক্রোওয়েভ দিতে চাই এবং প্রধানমন্ত্রীকে রিকোয়েস্ট করতে চাই যে, যদি ওয়াশিং মেশিনটা উনি দেয় এবং হোম মিনিস্টার (স্বরাষ্ট্রমন্ত্রী) থাকলে আমি বলতাম, উনি যদি পর্দাটা কিনে দিয়ে ওনার সংসারটা আমরা গোছাই দিতে পারতাম," বলেন মি. পার্থ। পরে এ নিয়ে কথা বলেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেন, বাজেট সেশনের ওপর বক্তব্য রাখতে গিয়ে একজন সদস্য নিজেদের সুবিধা-অসুবিধার কথা বলেছেন। সামান্য বিষয় নিয়ে সংসদে তর্ক-বিতর্ক না বাড়ানোরও আহ্বান জানান তিনি। "আমি মনে করি, এটা সংসদে না বললেও ভালো হতো। কিন্তু এটা বলে এমন কোনো গর্হিত অপরাধও তিনি করেননি," বলেন স্পিকার। বুধবার জাতীয় সংসদে ২০২৬–২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে- সংসদ সদস্যদের জন্য বরাদ্দকৃত ফ্ল্যাটগুলোয় একটি করে ওয়াশিং মেশিন ও মাইক্রোওভেন দেওয়ার দাবি জানান বাংলাদেশ জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মিজানুর রহমান। এছাড়া, ফ্ল্যাটগুলোর দরজা-জানালায় পর্দা লাগানোরও দাবি জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইরানের সঙ্গে চুক্তির সমালোচকদের 'নির্বোধ' বললেন ট্রাম্প

ইরানের বিষয়ে "যথেষ্ট কঠোর নন" বলে যে সমালোচনা করা হচ্ছে, তার জবাব দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম ট্রুথ-এ তিনি লিখেছেন, "এই বোকারা যারা মনে করে, আমি ইরানের বিষয়ে যথেষ্ট কঠোর ছিলাম না, যখন শেয়ারবাজার সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে এবং তেলের দাম কমছে, তারা হয় হিংসুক, খারাপ মানুষ, অথবা নির্বোধ।" এই মন্তব্য এসেছে এমন সময়, যখন যুক্তরাষ্ট্রের কিছু আইনপ্রণেতা যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে হওয়া চুক্তির সমালোচনা করেছেন এবং সতর্ক করেছেন যে, এই চুক্তি ইরানের পারমাণবিক কর্মসূচিকে পর্যাপ্তভাবে সীমাবদ্ধ করে না এবং একইসঙ্গে ইরানকে হরমুজ প্রণালিকে চাপ সৃষ্টির হাতিয়ার হিসেবে ব্যবহার চালিয়ে যাওয়ার সুযোগ দেয়। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## রোহিঙ্গা শরণার্থীদের জন্য প্রায় দেড় কোটি ইউরো সহায়তার ঘোষণা ইউরোপীয় ইউনিয়নের

কক্সবাজারে আশ্রয় নেওয়া রোহিঙ্গা শরণার্থীদের জন্য এক কোটি ৪০ লাখ ইউরো অর্থ সহায়তা ঘোষণা করেছে ইউরোপীয় ইউনিয়ন। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন এবং জাতিসংঘের শরণার্থী সংস্থা বা ইউএনএইচসিআর। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এই অর্থ রোহিঙ্গা শরণার্থীদের জরুরি সহায়তা ও সুরক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার পাশাপাশি স্থানীয় আশ্রয়দাতা জনগোষ্ঠীকেও সহায়তা করবে। আজ ঘোষিত ইইউ-এর এই অর্থায়ন, বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ও আশ্রয়দাতা জনগোষ্ঠীর সুরক্ষা ও ক্ষমতায়নের লক্ষ্যে বিদ্যমান ২৩ মিলিয়ন (দুই কোটি ৩০ লাখ) ইউরোর কয়েক বছরের (২০২৪-২০২৭) একটি চুক্তির অংশ। বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত ও প্রতিনিধি দলের প্রধান মাইকেল মিলার বলেন, "বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী ও আশ্রয়দাতা জনগোষ্ঠীর পাশে থাকতে ইউরোপীয় ইউনিয়ন প্রতিশ্রুতিবদ্ধ।" এই সহায়তা রোহিঙ্গা পরিবারগুলোকে তাদের প্রয়োজনীয় সুরক্ষা সেবা পাওয়া, মৌলিক চাহিদা পূরণ এবং একটি নিরাপদ ও মর্যাদাপূর্ণ ভবিষ্যতের আশা ধরে রাখতে

সাহায্য করবে বলে মন্তব্য করেন বাংলাদেশে ইউএনএইচসিআরের রিপ্রেজেনটেটিভ ইভো ফ্রেইসেন। ২০ জুন বিশ্ব শরণার্থী দিবসের ঠিক আগে ইউরোপীয় ইউনিয়নের পক্ষ থেকে এই সহায়তার ঘোষণা করা হলো।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## নিজ নিজ ধর্মীয় রীতিতে স্পিকারের চেয়ারের প্রতি সম্মান জানাবেন সংসদ সদস্যরা

সংসদ সদস্যরা যার যার ধর্মীয় রীতিতে জাতীয় সংসদের স্পিকার বা সভাপতির চেয়ারের প্রতি সম্মান জানাবেন বলে সিদ্ধান্ত জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। বৃহস্পতিবার অধিবেশনের শুরুতেই সংসদের স্পিকার বা সভাপতির চেয়ারের প্রতি সম্মান জানানোর বিষয় নিয়ে কথা বলেন তিনি। স্পিকার জানান, সংসদের কার্যপ্রণালি বিধিতে সংশোধন করে ২০০৬ সালেই 'ঝুঁকিয়া' শব্দটি বাদ দেওয়া হয়েছে। "যেহেতু শব্দটি বাদ দেওয়া হয়েছে, সেহেতু মাননীয় সদস্যবৃন্দ আপনারা জাতীয় সংসদে যার যার ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ারের প্রতি বা সভাপতির প্রতি সম্মান জানাবেন," বলেন তিনি। গত ১৬ জুন রাজশাহী-১ আসনের সংসদ সদস্য মোহাম্মদ মুজিবুর রহমান এবং এর পরদিন ফেনী-২ আসনের সংসদ সদস্য জয়নাল আবেদিন ফারুক- সংসদের সভাপতির প্রতি ঝুঁকে সম্মান জানানোর বিষয়টি সুরাহার অনুরোধ জানান। নিয়ম অনুযায়ী, সংসদের বৈঠক চলমান থাকা অবস্থায়- সংসদ কক্ষ ত্যাগ করার সময় কিংবা আসন গ্রহণের সময় সংসদের সভাপতি বা স্পিকারের প্রতি সম্মান জানাতে হয়।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ভারত ও মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া কীভাবে দেওয়া হবে?

বাংলাদেশের দিক থেকে এখন পর্যন্ত সীমান্তে কোনো কাঁটাতারের বেড়া নেই। তবে সীমান্ত হত্যা, অনুপ্রবেশ ও আন্তঃসীমান্ত বিভিন্ন অপরাধ দমনের লক্ষ্যে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগের কথা জানিয়েছেন বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বুধবার সংসদ অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ভারত সীমান্তের স্পর্শকাতর স্থানে কাঁটাতারের বেড়া নির্মাণের পরিকল্পনা গ্রহণের কার্যক্রম বিবেচনাধীন রয়েছে। কিন্তু সীমান্তে এই কাঁটাতারের বেড়া কীভাবে দেওয়া হবে, কোনো নির্দিষ্ট নিয়ম কি মানতে হবে- কিংবা প্রতিবেশী দেশের সাথে কি আলোচনা করতে হবে?

### আন্তর্জাতিক আইনে কী আছে?

আন্তর্জাতিকভাবে সীমান্তে স্থাপনা নির্মাণের বিষয়ে সার্বজনীন কোনো আইন নেই। নিরাপত্তা নিশ্চিত এবং অভিবাসন নিয়ন্ত্রণে যে-কোনো সার্বভৌম দেশের নিজ সীমান্তে স্থাপনা নির্মাণের স্বাধীনতা রয়েছে। এছাড়া কোনো কোনো ক্ষেত্রে প্রতিবেশী দেশের সাথে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমেও সীমান্তে স্থাপনা নির্মাণের বিষয়ে সমঝোতা করা হয়। যেমন, ভারত ও বাংলাদেশের মধ্যে ১৯৭৪ সালে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, শূন্যরেখা থেকে দেড়শ গজের মধ্যে কোনো পক্ষই প্রতিরক্ষা সামর্থ্য থাকা স্থাপনা গড়তে পারবে না। এছাড়া উন্নয়নমূলক স্থাপনা তৈরি করতে হলেও অপর পক্ষের কাছ থেকে সম্মতি নিতে হবে বলে উল্লেখ করা হয়েছিল। কিন্তু নিরাপত্তার স্বার্থে নিজ সীমান্তে বেড়া দেওয়া রাষ্ট্রের এখতিয়ারের মধ্যে পড়ে বলে জানান অধ্যাপক সাহাব এনাম খান। সেক্ষেত্রে প্রতিবেশী দেশের দিক থেকে কোনো ধরনের বাধা দেওয়ার সুযোগ থাকে না বলে মন্তব্য করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের এই শিক্ষক। তবে যুদ্ধকালীন অবস্থার মতো মানবিক সংকটের সময় শারীরিক স্থাপনা নির্মাণ না করার 'নর্ম অ্যান্ড প্র্যাকটিস' রয়েছে। বাংলাদেশ-ভারত সীমান্তে ভারতের দিক থেকে ইতোমধ্যেই কাঁটাতারের বেড়া থাকায় বাংলাদেশের এই উদ্যোগেও কোনো নিয়ম ভাঙ্গা হচ্ছে না বলে মনে করছেন অধ্যাপক খান। কিন্তু ভারত থেকে বাংলাদেশের অভ্যন্তরে 'পুশ-ইনের' ঘটনায় জাতীয় নিরাপত্তা ইস্যু তৈরি হয়েছে। যার কারণে কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্তকে যৌক্তিক এবং নৈতিক বলেই মনে করছেন তিনি। "এতে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন করা না হলেও তা আন্তর্জাতিক চর্চার বিপরীতমুখী অবস্থান। ফলে স্বরাষ্ট্রমন্ত্রীর অবস্থান জাতীয় এবং আন্তর্জাতিক আইনের মধ্যে থেকেই করা সম্ভব," বলেন অধ্যাপক সাহাব এনাম খান। অন্যদিকে কাঁটাতারের বেড়াকে 'আস্থার অভাব' হিসেবেই দেখছেন বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ। "যে-কোনো দেশ বা দুই দেশই যদি কাঁটাতার বা এই ধরনের কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করে, তবে তাতে পরিষ্কারভাবেই পরস্পরের প্রতি আস্থার অভাবের দিকটি প্রকাশ পেয়ে যায়," বলেন তিনি।

### দরকার প্রযুক্তিগত সমাধান

গত ২৬ এপ্রিল বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে দ্বিতীয় পর্যায়ের সীমান্ত সড়ক নির্মাণ প্রকল্পের অনুমোদন দেয় জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি- একনেক, যার মোট অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে তিন হাজার ৬৬৬ কোটি ৩৬ লক্ষ ৭৩ হাজার টাকা। এর আগে প্রথম পর্যায়ে তিন হাজার ৮৬০ কোটি ৮২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ধরা হয়। সীমান্ত সড়ক নির্মাণের কাজ শেষ হয়ে এলে দ্রুততম সময়ের মধ্যে কাঁটাতারের বেড়া দেওয়া যাবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। একইভাবে বাংলাদেশ-ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া দিতে হলেও আগে থেকেই বেশ কিছু কাঠামো নির্মাণের প্রয়োজন হবে। সেক্ষেত্রে ভূমি ব্যবস্থাপনা থেকে শুরু করে সীমান্ত সড়ক নির্মাণ এবং বেড়া নির্মাণ পর্যন্ত বড় অঙ্কের অর্থের প্রয়োজন হবে। যদিও ভারত সীমান্তের 'স্পর্শকাতর স্থানের' ক্ষেত্রেই কেবল বেড়া নির্মাণের পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে বলে সংসদে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

মন্ত্রী বলেছেন, দেশের জাতীয় স্বার্থ রক্ষার্থে এবং সীমান্ত এলাকায় সব ধরনের অপরাধ শূন্যের কোটায় নামিয়ে আনতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সমন্বিত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করছে। তবে কাঁটাতারের বেড়ার মতো কাঠামোগত স্থাপনার চেয়ে নজরদারির ক্ষেত্রে ড্রোন কিংবা কৃত্রিম বুদ্ধিমত্তা- এআইয়ের মতো প্রযুক্তিগত সমাধানের দিকটিতেই গুরুত্ব দিচ্ছেন পর্যবেক্ষকরা। "বাংলাদেশের জাতীয় নিরাপত্তার স্বার্থে কাঁটাতারের বেড়া যতটা না গুরুত্বপূর্ণ, তারচেয়ে বেশি জরুরি নজরদারির সক্ষমতা বাড়ানো। যাতে তা মানবাধিকারের সাথে সাংঘর্ষিক না হয়, একইসাথে অবৈধ যাতায়াতকে রুখে দেওয়া," বলছিলেন অধ্যাপক সাহাব এনাম খান। তার মতে, এতে করে একদিকে যেমন চোরাচালানসহ অবৈধ কর্মকাণ্ড বন্ধ করা যাবে, একইসাথে মানবিক সংকটকে কেন্দ্র করে সীমান্তে বেড়া দেওয়ার বিষয়টিকে আন্তর্জাতিকভাবে যেভাবে মানবাধিকার লঙ্ঘন হিসেবে ধরা হয়, সেটিকেও এড়িয়ে যাওয়া যাবে। অবশ্য স্বরাষ্ট্রমন্ত্রী তার বক্তব্যে দুর্গম ও স্পর্শকাতর সীমান্ত এলাকায় বিওপি বা বর্ডার আউট পোস্ট এবং টিওবি বা টেম্পোরারি অপারেটিং বেস নির্মাণের পাশাপাশি দেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তরপশ্চিম সীমান্তের অতি সংবেদনশীল এলাকায় ইতোমধ্যে 'স্মার্ট বর্ডার সার্ভেইল্যান্স সিস্টেম' স্থাপনের কথা জানিয়েছেন।

**ভারত অংশে কাঁটাতারের বেড়া কীভাবে কাজ করে?**

ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সংসদের শীতকালীন অধিবেশনে জানিয়েছিলেন যে, বাংলাদেশের সঙ্গে ভারতের পশ্চিমবঙ্গের দুই হাজার ২১৬ কিলোমিটার সীমান্ত রয়েছে। তিনি জানান, এর মধ্যে ১ হাজার ৬৫৩ কিলোমিটার সীমান্তে কাঁটাতার দেওয়া সম্পূর্ণ হয়েছে। তবে একমাত্র পশ্চিমবঙ্গে ৫৬৩ কিলোমিটার সীমান্ত কাঁটাতার দেওয়া বাকি রয়েছে। ভারত আর বাংলাদেশের সীমান্তের শূন্য রেখা থেকে ভারতের অভ্যন্তরে ১৫ কিলোমিটার পর্যন্ত এলাকায় বিএসএফ তাদের কার্যক্রম যেমন- তল্লাশি, গোপন সূত্রে খবর পেয়ে রেইড ইত্যাদি চালাতে পারত। তবে ২০২১ সালের অক্টোবর মাসে ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক নির্দেশে সেই পরিধি বাড়িয়ে ৫০ কিলোমিটার করা হয়। এর আগে, পশ্চিমবঙ্গ, আসাম ও পাঞ্জাবে ওই পরিধি থাকলেও গুজরাত আর রাজস্থানে তা যথাক্রমে ছিল ৮০ ও ৫০ কিলোমিটার। ২০২১ সালের নির্দেশ অনুযায়ী, সব সীমান্তেই ৫০ কিলোমিটারের পরিধি করা হয়। ১৯৭৪ সালের চুক্তি মেনে ভারত-বাংলাদেশ সীমান্তের শূন্য রেখা থেকে দেড়শো গজ পর্যন্ত কোনো নির্মাণকাজ চালানো যায় না। তবে শূন্য রেখা ও কাঁটাতারের বেড়ার মাঝের যে অংশ, সেই ভারতীয় ভূখণ্ডের জমির মালিকরা নিজেদের খেতে চাষাবাদ করতে পারেন। এর জন্য কাঁটাতারের বেড়ায় লোহার গেট আছে। সকালে ওই গেট খোলা হয়, বিএসএফ সদস্যদের রেজিস্ট্রারে নাম লিখিয়ে, পরিচয়পত্র দেখিয়ে চাষের খেতে ঢুকতে পারেন কৃষকরা। আবার সন্ধ্যায় গেট বন্ধ হওয়ার আগে ফিরে আসতে হয় তাদের। ফেরার সময়ে তাদের তল্লাশি করা হয়। কাঁটাতারের বেড়ার বাইরে কোন ফসল চাষ করা যাবে, তা নিয়ে বিএসএফ কিছু গাইডলাইন ঠিক করে দেয়। যেমন, পাট চাষের ক্ষেত্রে তাদের আপত্তি থাকে কারণ পাট গাছ অনেক লম্বা হওয়ায় বিএসএফ সদস্যদের নজরদারিতে তা বাধা সৃষ্টি করে। তবে এ নিয়ে স্থানীয় কৃষকদের মধ্যে ক্ষোভ রয়েছে। বেড়ার বাইরে কিছু এলাকায় বসতি আছে। তাদের ক্ষেত্রেও একই নিয়ম। সকালে তারা পরিচয়পত্র দেখিয়ে, রেজিস্ট্রারে নাম লিখিয়ে বেড়ার বাইরে আসতে পারে, আবার সন্ধ্যায় তাদের ফিরে যেতে হয়। সমস্যা হয় কাঁটাতারের বেড়ার বাইরে যে-সব বাড়ি-ঘর আছে, সেইসব পরিবারে রাতে কোনো মেডিক্যাল এমারজেন্সি হলে। আগে তো মোটেই গেট খোলা হতো না। তবে ইমারজেন্সির ক্ষেত্রে স্থানীয় প্রহরীদের অনুরোধ করলে এবং কোম্পানি কমান্ডার স্তরের অনাপত্তিপত্র থাকলে গেট খোলার কয়েকটি ঘটনা শোনা গেছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ নারগীস)

## শর্ত না মানলে ইরানের ওপর আবারও নৌ-অবরোধ : হেগসেথ

চুক্তিতে দেওয়া প্রতিশ্রুতি পূরণ না করলে ইরানের ওপর আবারও "কঠোর অবরোধ" আরোপ করা হতে পারে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। প্রয়োজনে সামরিক অভিযান চালানোর সতর্কতাও দিয়েছেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী। সাম্প্রতিক চুক্তির অংশ হিসেবে, যুক্তরাষ্ট্র ইরানের ওপর থেকে নৌ-অবরোধ তুলে নিতে সম্মত হয়েছে, যা এতদিন ইরানি জাহাজ চলাচলে বাধা সৃষ্টি করছিল। হেগসেথ বলেন, "ইরান যদি তাদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ না করে" এবং তাদের ভাষায় "পারমাণবিক অস্ত্র তৈরির উচ্চাকাঙ্ক্ষা" ত্যাগ না করে, তবে "প্রয়োজন হলে যুক্তরাষ্ট্রের যুদ্ধ বিভাগ পুনরায় সামরিক অভিযান শুরু করতে প্রস্তুত।" কিছু ইউরোপীয় দেশ হরমুজ প্রণালিতে মাইন অপসারণ অভিযানে অংশ নিতে প্রস্তুত বলেও জানান মার্কিন প্রতিরক্ষামন্ত্রী। এছাড়া ব্রিটেনকে আরও বড় ভূমিকা পালনের আহ্বান জানিয়ে হেগসেথ বলেছেন, দেশটিকে অবশ্যই "আরও এগিয়ে আসতে হবে।"

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ নারগীস)

## কুড়িগ্রাম সীমান্তের শূন্যরেখা থেকে সরানো হয়েছে শিশুসহ চারজনকে

বাংলাদেশ-ভারত সীমান্তের কুড়িগ্রামের রৌমারিতে পুশ ইন চেষ্টার শিকার যে নয়জন চারদিন ধরে দুই দেশের সীমান্তের শূন্য রেখায় অবস্থান করছিলেন, তাদের মধ্যে দুই শিশুসহ চারজনকে সেখান থেকে সরিয়ে নেওয়া হয়েছে। তবে তাদেরকে কোথায় নেওয়া হয়েছে এ বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। স্থানীয়রা বলছেন, গয়টাপাড়া সীমান্তে ছয়জন এবং ইজলামারী ভন্দুরচর সীমান্তে তিনজনকে বুধবার রাত পর্যন্ত অবস্থান করতে দেখা গেলেও বৃহস্পতিবার সকাল থেকে দুই শিশুসহ চারজনকে আর সেখানে দেখা যায়নি। "গতকাল (বুধবার) রাতেও ছয়জনকে সীমান্তে দেখছিলাম

কিন্তু আজকে সকালে এসে দেখলাম দুইজন বসে আছে। বাকিদের কোথায় নেওয়া হয়েছে আমার ধারণা নেই," বিবিসি বাংলাকে বলেন গয়টাপাড়া সীমান্ত সংলগ্ন এলাকার ইউনিয়ন পরিষদ সদস্য সোনা মিয়া। দুই শিশুসহ চারজনের না থাকার বিষয়টি নিশ্চিত করলেও তাদেরকে কোথায় নেওয়া হয়েছে সে বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি জামালপুর ৩৫ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল হাসানুর রহমান। বিবিসি বাংলাকে তিনি জানান, বর্তমানে রৌমারি উপজেলার গয়টাপাড়া সীমান্তে দুইজন এবং ইজলামারী ভন্দুরচর সীমান্তে তিনজন শূন্যরেখায় অবস্থান করছেন। উল্লেখ্য, গত রোববার সকালে কুড়িগ্রামে বাংলাদেশ-ভারত সীমান্তের এই দুই পয়েন্ট দিয়ে নয়জনকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করেছিল বিএসএফ।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### সংসদে মাথা নত না করে নিজ ধর্মমতে সম্মান দেখানোর সুযোগ পেলেন এমপিরা

বাংলাদেশের জাতীয় সংসদের সদস্যরা এখন থেকে নিজ নিজ ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ার বা সভাপতির প্রতি সম্মান প্রদর্শন করবেন। আজ (বৃহস্পতিবার) সংসদের বৈঠকের শুরুতে এ বিষয়ে রুলিং দিয়ে এই সিদ্ধান্ত জানান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। সংসদে কয়েকদিন ধরে এ নিয়ে সমালোচনা ও বিভ্রান্তির পরিপ্রেক্ষিতে তিনি এই সিদ্ধান্ত দেন। স্পিকার জানান, জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধির ২৬৭(১) ধারায় বলা হয়েছে, "সংসদের বৈঠক চলাকালে কোনো সদস্য সংসদে প্রবেশ করার বা সংসদ-কক্ষ ত্যাগ করার সময় এবং তার আসন গ্রহণ বা ত্যাগ করার সময়ে সভাপতির প্রতি সম্মান প্রদর্শন করবেন।" তিনি উল্লেখ করেন, এই বিধিতে আগে 'ঝুঁকিয়া' (মাথা নত করা) শব্দটি ছিল। তবে ২০০৬ সালের ২৬ সেপ্টেম্বর অষ্টম জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিবেদনের ভিত্তিতে তা সংশোধন করে 'ঝুঁকিয়া' শব্দটি বাদ দেওয়া হয়। সংসদ সদস্যদের উদ্দেশ্যে স্পিকার বলেন, "যেহেতু 'ঝুঁকিয়া' শব্দটি বাদ দেওয়া হয়েছে, মাননীয় সদস্যবৃন্দ, আপনারা যার যার ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ারের প্রতি বা সভাপতির প্রতি সম্মান জানাবেন।" বিষয়টি প্রথম উত্থাপন করেন গত সোমবার জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মুজিবুর রহমান। তিনি পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বলেন, সংসদ কক্ষে প্রবেশ বা বের হওয়ার সময় অনেক সদস্য স্পিকারের চেয়ারের দিকে মাথা নত করে সম্মান জানান, যা ইসলামী দৃষ্টিকোণ থেকে আপত্তিকর। তিনি কার্যপ্রণালি বিধি থেকে 'ঝুঁকিয়া' শব্দটি বাদ পড়ার কথাও উল্লেখ করেন। এরপর বুধবার বিএনপির সংসদ সদস্য জয়নাল আবদিন ফারুকও একই বিষয়ে বক্তব্য দিয়ে সংসদ সদস্যদের মধ্যে এ নিয়ে বিভ্রান্তির কথা জানান এবং স্পিকারের কাছে সুনির্দিষ্ট দিক-নির্দেশনা চান। স্পিকার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে আজ আনুষ্ঠানিকভাবে এই সিদ্ধান্ত জানান। এর ফলে সংসদ সদস্যরা নিজ নিজ ধর্মীয় রীতি- যেমন সালাম, মাথা নত করা বা অন্যান্য পদ্ধতিতে- স্পিকারের চেয়ারের প্রতি সম্মান দেখাতে পারবেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ডয়চে ভেলে

### দুই দিন পর একই এলাকায় আবার মন্দিরের প্রতিমা ভাঙচুর

বাংলাদেশে ফরিদপুরের মধুখালীতে একটি কালীমন্দিরে প্রতিমা ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। এ নিয়ে গত দুই দিনে একই এলাকার দুটি মন্দিরের প্রতিমা ভাঙচুরের ঘটনা ঘটলো। এর আগে সোমবার দিবাগত রাতে বামুন্দী বাজারে মন্দিরের প্রতিমা ভাঙচুর করার ঘটনা ঘটে। গতকাল বুধবার রাতে মধুখালী উপজেলার মেঘচামী ইউনিয়নের বামুন্দী সার্বজনীন কালীমন্দিরে এ ঘটনা ঘটে। এ সময় একটি প্রতিমার মাথা ভেঙে ফেলা হয়। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানায়, গত সোমবার রাতে বামুন্দী বাজারে কালীমন্দিরে কালীদেবীর প্রতিমা ভাঙার ঘটনায় মামলা করেননি বামুন্দী বাজার কমিটির সভাপতি নিরোদ চক্রবর্তী। তিনি বলেন, কারা এ ঘটনা ঘটিয়েছে, তা জানা নেই। তাই তিনি বুঝতে পারেননি, কাদের বিরুদ্ধে মামলা করবেন। তবে এলাকার একাধিক বাসিন্দার ভাষ্য, এ ঘটনায় পুলিশকে জানানো হলে মধুখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিষয়টি চেপে যেতে এবং দ্রুত ভাঙা প্রতিমা বিসর্জনের পরামর্শ দেন। ওসির পরামর্শে ওই বাজারের লোকজন মঙ্গলবার সন্ধ্যায় প্রতিমাটি বিসর্জন দেন। অভিযোগের বিষয়ে জানতে চাইলে মধুখালী থানার ওসি শুকদেব রায় বিস্ময় প্রকাশ করেন। প্রথম আলোকে তিনি বলেন, ''আমি ঘটনা চেপে যেতে বলবো কেন, কেন মামলা নেবো না? বাজারের মন্দিরের ঘটনায় এখনো মামলা করার সুযোগ আছে। পাশাপাশি গত রাতে বামুন্দী সার্বজনীন মন্দিরে কালীপ্রতিমা ভাঙচুরের ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।''

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

### চুক্তির শর্ত না মানলে ইরানে আবার হামলার হুমকি

যুক্তরাষ্ট্রের সঙ্গে সদ্য স্বাক্ষর করা চুক্তি অনুযায়ী কাজ না করলে যুক্তরাষ্ট্র আবার ইরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ শুরু করবে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। আজ বৃহস্পতিবার ব্রাসেলসে ন্যাটোভুক্ত দেশগুলোর প্রতিরক্ষামন্ত্রীদের সঙ্গে বৈঠকের পর তিনি আরো বলেন, শর্ত অমান্য করলে যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলোতে আবার অবরোধ আরোপ করবে। হেগসেথ বলেন, ''প্রেসিডেন্ট (ট্রাম্প) এটা স্পষ্ট করেছেন যে, আলোচনার সময়সীমার মধ্যে ইরান প্রতিশ্রুতি অনুযায়ী কাজ না করলে আমরা আবার (সামরিক) পদক্ষেপ নিতে প্রস্তুত থাকবো।'' এর আগে গতকাল

(বুধবার) ফ্রান্সে জি-সেভেন শীর্ষ সম্মেলনে ডনাল্ড ট্রাম্প বলেন, ''এটি (চুক্তি) স্রেফ একটা সমঝোতা স্মারক। আমার যদি এটা পছন্দ না হয়, তাহলে আবার আমরা তাদের লক্ষ্য করে গুলি চালাবো, তাদের মাথায় বোমা ফেলবো। তারা যদি ঠিকঠাক আচরণ না করে, আমার তা ভালো লাগবে না। তখন আমরা আবার সরাসরি তাদের মাথার মাঝখানে বোমা ফেলতে শুরু করবো।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

## নামকরণের বাড়াবাড়ি সরকারকে বিতর্কিত করে

স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের নির্বাচনি এলাকা (বগুড়া-২) শিবগঞ্জ ভেঙে মোকামতলা নামে নতুন উপজেলা করা হয়েছে। এছাড়া শিবগঞ্জে মীরবাড়ী এবং মোকামতলায় সীমান্ত, দিগন্ত ও স্বর্ণগ্রাম নামে নতুন চারটি ইউনিয়ন করা হয়েছে। এই চার ইউনিয়নই তার পরিবারের সদস্যদের নামে করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। যদিও প্রতিমন্ত্রী সোমবার সংসদে এই অভিযোগ অস্বীকার করে বলেছেন, অলৌকিকভাবে তার ছেলেদের নামের সঙ্গে মিলে গেছে। তবে বিশেষজ্ঞরা বলছেন, নামকরণের বাড়াবাড়ি সরকারকে বিতর্কিত করে। সাবেক অতিরিক্ত সচিব ফিরোজ মিয়া ডয়চে ভেলেকে বলেন, ''অতীতের সরকার যা করেছে এখন যদি সেটার পুনরাবৃত্তি হয় তাহলে জনগণ তো তাদের আগের সরকারের মতো মনে করবে।... আগে তো কত নাম রাখছে, এগুলো কী এখন থাকছে? এ থেকে আমরা শিক্ষা নেই না কেন?'' সাবেক সচিব আবু আলম শহীদ খান বলেন, ''উনি যেহেতু স্থানীয় সরকার প্রতিমন্ত্রী এবং এই নামকরণের বিষয়টি উনার দপ্তর থেকেই ফাইনাল হয়, ফলে এটা কনফ্লিক্ট অব ইন্টারেস্টের পর্যায়ে পড়ে।'' শুধুমাত্র প্রধানমন্ত্রীর পক্ষেই স্থানীয় সরকার প্রতিমন্ত্রীকে নিবৃত্ত করা সম্ভব বলে মনে করেন তিনি। আর জনপ্রশাসন গবেষক এ কে এম আব্দুল আউয়াল মজুমদার বলছেন, বিতর্কমুক্ত থাকতে এসব কাজ না করাই ভালো। এ বিষয়ে কথা বলতে ডয়চে ভেলের পক্ষ থেকে প্রতিমন্ত্রীর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও পাওয়া যায়নি।

### যেভাবে নামকরণ

গত ৩ জুন শিবগঞ্জ উপজেলার এক সভায় বিএনপির এক নেতা ইউনিয়নগুলোর নামকরণের বিষয়ে প্রস্তাব করলে সভায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। পরে উপজেলা প্রশাসন থেকে নামগুলো লিখিত প্রস্তাব আকারে জেলা প্রশাসকের কাছে পাঠানো হয়। জেলা প্রশাসক ১১ জুন মীরবাড়ি ইউনিয়ন এবং ১৪ জুন সীমান্ত ইউনিয়ন ও দিগন্ত ইউনিয়ন নামে গেজেট জারি করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জিয়াউর রহমান বলেছেন, নতুন ইউনিয়ন গঠনের প্রস্তাব এলে এ বিষয়ে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির সুপারিশ জেলা প্রশাসকের কাছে পাঠানো হয়। নাম কারা প্রস্তাব করেছেন, এ বিষয়ে জানতে চাইলে ইউএনও বলেন, ''কয়েকজন ব্যক্তি নামগুলো প্রস্তাব করেন। তবে কারও নাম আমার মনে নেই।'' বগুড়া জেলা প্রশাসক স্বাক্ষরিত গেজেটে বলা হয়, শিবগঞ্জ উপজেলা ও নবগঠিত মোকামতলা উপজেলায় প্রশাসনিক পুনর্গঠনের অংশ হিসেবে সীমান্ত ইউনিয়ন, দিগন্ত ইউনিয়ন ও মীরবাড়ি নামে এই তিনটি নতুন ইউনিয়ন গঠন করা হয়। এ ছাড়া স্বর্ণগ্রাম নামে আরেকটি ইউনিয়ন গঠন করা হয়। নবগঠিত মোকামতলার আওতাধীন সৈয়দপুর ইউনিয়ন ভেঙে গঠিত সীমান্ত ইউনিয়নের অন্তর্ভুক্ত মৌজাগুলো হলো, মানকৈর, ভবানীপুর, অভিরামপুর, খেরুয়াপাড়া, কিশোরীপুর, জগন্নাথপুর, আমঝুপি, জীবনপুর, কুকি কালিদাস ও কুকি জগন্নাথপুর। ১১টি মৌজা নিয়ে গঠিত এ ইউনিয়নের জনসংখ্যা ১৬ হাজার ২৬৭ জন। দেউলী ইউনিয়ন ভেঙে গঠিত দিগন্ত ইউনিয়নের মৌজাগুলো হলো, ভরিয়া (ভৈরা), মেঘাখর্দ্দ, আলমপুর, রহবল, সাওয়ালদহ, কৃষ্ণপুর, তালিবপুর ও বোয়ালমারী। মোট ৮টি মৌজা নিয়ে গঠিত এ ইউনিয়নের জনসংখ্যা ১৭ হাজার ৭৫৯ জন। এছাড়া শিবগঞ্জ উপজেলার তিনটি ইউনিয়নের অংশ নিয়ে মীরবাড়ি ইউনিয়ন গঠন করা হয়। একই সঙ্গে শিবগঞ্জ পৌরসভার সীমানা সম্প্রসারণ এবং নতুন ইউনিয়ন গঠনের কারণে বিহার, রায়নগর, বুড়িগঞ্জ, কিচক ও আটমুল ইউনিয়ন পুনর্গঠন করা হয়েছে। মীরবাড়ি ইউনিয়ন ফেনীগ্রাম, সৈয়দপুর, চন্দনপুর, দোপাড়া, তেয়াইল, গোরনা, ধামাহার, বাদলদীঘি, বেতগাড়ী, রামকান্দি, চকগোপাল, ডাবুর, চককানু, হরিপুর ও গোপীনাথপুর– এই ১৫টি মৌজা নিয়ে গঠিত হয়েছে। নতুন ইউনিয়নের মোট জনসংখ্যা ১৮ হাজার ৯২৪ জন।

### অভিযোগ ও প্রতিমন্ত্রীর প্রতিক্রিয়া

শিবগঞ্জের সাধারণ মানুষের অভিযোগ, প্রতিমন্ত্রীর পৈতৃক বাড়ি, দুই ছেলে ও ভাতিজির নামে চারটি ইউনিয়নের নামকরণ করা হয়েছে। প্রতিমন্ত্রীর পৈতৃক বাড়ির নাম 'মীরবাড়ি'। সেই নামে একটি ইউনিয়নের নামকরণ হয়েছে। এছাড়া সীমান্ত ও দিগন্ত নামে প্রতিমন্ত্রীর দুই ছেলে রয়েছেন। তাদের নামে হয়েছে দুটি ইউনিয়নের নাম। আর প্রতিমন্ত্রীর লন্ডনপ্রবাসী ভাতিজির ডাক নাম স্বর্ণা। ময়দানহাট্টা ইউনিয়ন ভেঙে তার নামে স্বর্ণগ্রাম নামে আরেকটি ইউনিয়ন করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। মীর শাহে আলমের দুই ছেলের মধ্যে বড় ছেলে মীর শাকরুল আলম সীমান্ত লন্ডনে পড়াশোনা শেষে এক বছর আগে দেশে ফিরে রাজনীতি এবং বাবার ব্যবসা দেখাশোনা শুরু করেন। দেশে ফেরার পর তাকে শিবগঞ্জ উপজেলা বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক করা হয়। ছোট ছেলে মীর সাকলাইন আলম দিগন্ত লন্ডনে আইন বিষয়ে পড়াশোনা করছেন। গত ৮ জুন শাকরুল আলম সীমান্ত সিলেকশনের মাধ্যমে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালক নির্বাচিত হয়েছিলেন। অবশ্য এর পরদিনই তিনি পদত্যাগ করেন। সম্পূরক বাজেট আলোচনায় বিষয়টি সোমবার সংসদে তোলেন জামায়াতের এমপি শফিকুল ইসলাম মাসুদ। তিনি বলেন, ''স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম তার এলাকায় একটি ইউনিয়নে মীর বংশের নামে মীরবাড়ি নামকরণ করেছেন। তার

দুই সন্তান সীমান্ত ও দিগন্ত নামে দুটো ইউনিয়নের নামকরণ করা হয়েছে। পরিবারের সদস্যদের নামে প্রতিষ্ঠানের নামকরণের প্রস্তাব প্রধানমন্ত্রী নাকচ করেছেন। আমরা বাহবা দিয়েছি। প্রধানমন্ত্রী যা চান সেটাই তো মন্ত্রীদের চাওয়ার কথা। বিগত ফ্যাসিস্ট সময়ে নাম সংশোধনী করতে অনেক সময় কেটে গিয়েছিল। এখন একই সংস্কৃতি আমাদের মাঝে ফিরছে।'' প্রতিমন্ত্রী মীর শাহে আলম সংসদে কৈফিয়ত দেওয়ার সুযোগ দিতে চিফ হুইপ নূরুল ইসলাম মনি অনুরোধ করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদকে। এ পর্যায়ে প্রতিমন্ত্রীকে ফ্লোর দেন স্পিকার। প্রতিমন্ত্রী বলেন, তার ছেলেদের নামে নয়, স্থানীয়ভাবে প্রশাসনিক যাচাই-বাছাই এবং গণশুনানি করে এলাকার নামে নবগঠিত ইউনিয়ন দুটির নামকরণ করেছে জেলা প্রশাসক। নবগঠিত মোকামতলা ইউনিয়নে সৈয়দপুর ইউনিয়ন পরিষদ আয়তনে অনেক বড়। এই ইউনিয়ন ভেঙে সীমান্ত নামে ইউনিয়ন গঠন করা হয়েছে। কারণ গাবতলী এবং সোনাতলা উপজেলার ইউনিয়নটি সীমান্তবর্তী। আরেকটি ইউনিয়নের নাম ছিল দেউলী। তা গাইবান্ধা জেলার সীমান্তবর্তী। দূরবর্তী হওয়ায় নাম দেওয়া হয়েছে দিগন্ত। অলৌকিকভাবে আমার সন্তানদের নাম ইউনিয়ন পরিষদের নামের সঙ্গে মিলে গেছে ঠিকই, কিন্তু আমার সন্তানদের নাম হচ্ছে, মীর সীমান্ত, মীর দিগন্ত। আমার যদি ইচ্ছা থাকত, তাহলে জেলা প্রশাসককে বলতাম 'নাম রাখেন মীর সীমান্ত, না হলে মীর দিগন্ত'। কিন্তু নামের আগে তো মীর নেই। আল্লাহ বাঁচাইছে যে মাননীয় সংসদ সদস্য যে বলেননি বিজিবির সীমান্ত ব্যাংক লিমিটেড, ওটা আমার ব্যাংক। তিনি যে দয়া করে বলেননি, খুলনা থেকে পার্বতীপুরে যে ট্রেন যায় সীমান্ত এক্সপ্রেস, সেটিও আমার ট্রেন। তিনি যে দয়া করে বলেননি, গুলশান ১-এ যে দিগন্ত টাওয়ার রয়েছে, সেটিও আমার। এ সময় প্রতিমন্ত্রী দেশের বিভিন্ন অঞ্চলে দিগন্ত ও সীমান্ত নামের এলাকা স্থাপনার তালিকা তুলে ধরেন জাতীয় সংসদে।

**বিশ্লেষকরা যা বলছেন**

সাবেক সচিব আবু আলম শহীদ খান ডয়চে ভেলেকে বলেন, ''এতে বোঝা যায়, প্রধানমন্ত্রী যেভাবে চাইছেন সেভাবে যে তার নির্দেশ বা অভিপ্রায় বাস্তবায়ন হচ্ছে না, এটা তার একটা প্রমাণ। উনি যেহেতু স্থানীয় সরকার প্রতিমন্ত্রী এবং এই নামকরণের বিষয়টি উনার দপ্তর থেকেই ফাইনাল হয়, ফলে এটা কনফ্লিক্ট অব ইন্টারেস্টের পর্যায়ে পড়ে। উনি একটা ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করছেন, কিন্তু জনগণ তো বুঝতে পারছে এটা উনি ছেলে, ভাতিজি ও পরিবারের নামে করেছেন। এর অর্থ প্রধানমন্ত্রী যেভাবে সরকার চালাতে চাইছেন সেটার সঙ্গে সঙ্গতিপূর্ণ হচ্ছে না। এখানে দুইটা জিনিসঃ একটা, প্রধানমন্ত্রীর চাওয়ার সঙ্গে সঙ্গতিপূর্ণ হচ্ছে না, এবং আরেকটি হলো কনফ্লিক্ট অব ইন্টারেস্ট হয়ে যাচ্ছে। এখানে প্রধানমন্ত্রীকেই তাকে নিবৃত্ত করতে হবে। কারণ তিনি প্রধানমন্ত্রীর কাছে দায়বদ্ধ। আর জনগণের কাছে দায়বদ্ধতা থাকলে তো তিনি এটা করতেন না। শুধুমাত্র প্রধানমন্ত্রীর পক্ষেই তাকে নিবৃত্ত করা সম্ভব।'' জনপ্রশাসন গবেষক, সাবেক সচিব ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (পিএটিসি) সাবেক রেক্টর এ কে এম আব্দুল আউয়াল মজুমদার ডয়চে ভেলেকে বলেন, ''এখন প্রতিমন্ত্রী যেটা দাবি করছেন, অলৌকিকভাবে মিলে গেছে, সেটাও হতে পারে। কিন্তু আমাদের মনে রাখতে হবে, তিনি প্রধানমন্ত্রীর জেলার একজন এমপি। এই জেলা সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শ্বশুরবাড়ি এখানে। ফলে এখানে এমন কিছু করা উচিত না যা বিতর্কের সৃষ্টি করতে পারে। বিতর্কমুক্ত থাকতে এসব কাজ না করাই ভালো।'' ইউনিয়ন পরিষদ আইন ২০০৯-এর ১১(১) ধারা অনুযায়ী, জেলা প্রশাসক সরকারি গেজেটে প্রজ্ঞাপনে কয়েকটি গ্রাম বা সংলগ্ন মৌজা বা গ্রামের সমন্বয়ে একটি ওয়ার্ড এবং ৯টি ওয়ার্ডের সমন্বয়ে একটি ইউনিয়ন ঘোষণা করতে পারেন। নবগঠিত ইউনিয়নের নাম নির্ধারণ করবেন জেলা প্রশাসক। তবে কোনো ব্যক্তির নামে ইউনিয়নের নামকরণ করা যাবে না। আইনে এই বিধান থাকার পরও কীভাবে প্রতিমন্ত্রীর সন্তানদের নামে ইউনিয়ন পরিষদ গঠন করা হয়েছে সেই প্রশ্ন এখন সাধারণ মানুষের মধ্যে আলোচনা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. সাদিক হাসান ডয়চে ভেলেকে বলেন, ''ইউনিয়ন পরিষদের নামকরণের বিষয়টি প্রস্তাব আকারে আসতে হবে ইউনিয়ন পরিষদ থেকেই। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এলাকার লোকজনকে ডেকে বৈঠক করবেন। আলোচনার পর একটি প্রস্তাব উপজেলা প্রশাসনের কাছে পাঠাবেন। সেখান থেকে জেলা পরিষদে যাবে। এখন যেহেতু অধিকাংশ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দায়িত্বে নেই, ফলে সেখানে প্রশাসকরা দায়িত্ব পালন করছেন। প্রশাসকরা সরকারি কর্মকর্তা। ফলে এখানে যে প্রস্তাব করা হয়েছে, সেটা কিন্তু নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছ থেকে এসেছে বলে মনে হয় না। সাধারণত এলাকার নাম বা ঐতিহাসিক স্থাপনা থাকলে সেই নামে নামকরণ হয়ে থাকে। ইউনিয়নের নাম ব্যক্তির নামে নামকরণের সুযোগ নেই। বগুড়ায় যেটা হয়েছে সেটা কাকতালীয় কিনা বলা মুশকিল।'' এ বিষয়ে জানতে চাইলে সাবেক অতিরিক্ত সচিব ফিরোজ মিয়া ডয়চে ভেলেকে বলেন, ''ইউনিয়ন পরিষদ বা স্থানীয় সরকারের যে-কোনো প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সতর্ক থাকতে হয়। মাঠ প্রশাসনকেও, সরকারকেও। এই নামকরণে যাতে কোনো বিতর্কের সৃষ্টি না হয়। নামকরণ হয় মূলত ওই এলাকার ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতিকে ঘিরে। অনেক সময় মৌজার নামেও নামকরণ হয়। এভাবে নামকরণ করলে সরকার বিব্রত হয়। এই ঘটনায় মাঠ প্রশাসন প্রয়োজনীয় যোগ্যতা ও দূরদর্শিতা দেখাতে পেরেছে বলে আমার মনে হয় না। এই ধরনের নামকরণে ব্যক্তিকেন্দ্রিক, পরিবারকেন্দ্রিক সরকার চলছে সেই বার্তা জনগণের কাছে যায়। এরা নিজেদেরকে কীভাবে প্রতিষ্ঠিত করবে সেটাই চিন্তা করছে, জনস্বার্থের প্রতি ভ্রুক্ষেপ আছে বলে ততটা মনে হয় না। অতীতের সরকার যা করেছে এখন যদি সেটার পুনরাবৃত্তি হয় তাহলে জনগণ তো তাদের আগের সরকারের মতো মনে করবে। এগুলো উচিত

না। যে নামটা ব্যক্তির কাছে যায় বা ব্যক্তি বোঝাতে পারে এমন নাম আনলে কি তিনি ইতিহাসে বিখ্যাত ব্যক্তি হয়ে যাবেন? এগুলো তো বোঝা উচিত। আগে তো কত নাম রাখছে, এগুলো কী এখন থাকছে? এ থেকে আমরা শিক্ষা নেই না কেন? জোর করে কোনো নাম গছিয়ে দিলে তো থাকবে না।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

## কঙ্গোয় ছড়াচ্ছে ইবোলা, আলোচনা জি-৭ বৈঠকে

ডেমোক্র্যাটিক রিপাবলিক কঙ্গোয় এখনো পর্যন্ত প্রায় ২০০ জনের মৃত্যু হয়েছে ইবোলায়। দেশজুড়ে দ্রুত এই রোগ ছড়িয়ে পড়ছে। এই পরিস্থিতিতে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে জি-৭ বৈঠকে। ইবোলা ঠেকাতে এবং কঙ্গোর মানুষকে চিকিৎসা পরিষেবা দিতে সবরকম সাহায়ের কথা ঘোষণা করা হয়েছে। বৈঠকে ইউরোপীয় ইউনিয়নের তরফে উরসুলা ফন ডেয়ার লাইয়েন জানিয়েছেন, স্বাস্থ্যের নিরাপত্তা সকলের জন্য সমান। ফলে কঙ্গোর পাশে সকলের দাঁড়ানো উচিত। ইইউ জানিয়েছে, ৪৯৩ মিলিয়ন ইউরোর একটি ফান্ড ইবোলা মোকাবিলায় দেওয়া হবে। এদিকে কঙ্গোর প্রশাসন জানিয়েছে, এখনো পর্যন্ত ৮৩৭ জনের শরীরে ইবোলার সংক্রমণ মিলেছে। গত ২৪ ঘণ্টায় ২৯ জনের শরীরে সংক্রমণ হয়েছে। গত কয়েকদিনে রোগ সংক্রমণ বৃদ্ধি পেয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তিতে লাভ হবে: খলিলুর

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি বাংলাদেশে বিদেশি বিনিয়োগ আকর্ষণ, জ্বালানি নিরাপত্তা শক্তিশালীকরণ ও বৈশ্বিক সরবরাহ চেইনে বাংলাদেশের অবস্থান উন্নত করতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। বুধবার সংসদ অধিবেশনে সংসদ সদস্য এ কে এম ফজলুল হক মিলনের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এই আশা প্রকাশ করেন। লিখিত জবাবে তিনি বলেন, "এই চুক্তির আওতায় মার্কিন তুলা দিয়ে তৈরি বাংলাদেশের তৈরি পোশাক যুক্তরাষ্ট্রের বাজারে শুল্কমুক্ত প্রবেশের সুবিধা পাবে।" পররাষ্ট্রমন্ত্রী দাবি করেছেন, "ইউরোপ ও আমেরিকার প্রতিষ্ঠিত বাজারের পাশাপাশি মধ্যপ্রাচ্য, আফ্রিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া, দক্ষিণ আমেরিকা, মধ্য এশিয়া ও পূর্ব ইউরোপের মতো উদীয়মান বাজারগুলোতেও বাংলাদেশের বাণিজ্যিক উপস্থিতি শক্তিশালী হয়েছে।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

## ইরানের সঙ্গে যুদ্ধবিরতির চুক্তিতে সই করলেন ট্রাম্প

আমেরিকার প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প এবং ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেসকিয়ান যুদ্ধবিরতি চুক্তিতে সই করেছেন। তবে এটি কোনো দীর্ঘস্থায়ী চুক্তি নয়। আপাতত আগামী ৬০ দিনের জন্য এই চুক্তি হয়েছ। এই সময়ের মধ্যে হরমুজ প্রণালী খুলে দেওয়ার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁর সঙ্গে নৈশভোজ শেষ করে বেরিয়ে চুক্তিতে সই করার কথা জানান ট্রাম্প। অন্যদিকে ইরানে প্রেসিডেন্টের মুখপাত্র চুক্তি সই হওয়ার কথা স্বীকার করেছেন। এই চুক্তিতে অন্যতম মধ্যস্থতাকারী ছিলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ। তিনি জানিয়েছেন, সই হওয়ার সঙ্গে সঙ্গে চুক্তি কার্যকর করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

## পানি পান করে অসুস্থ শতাধিক শ্রমিক, স্কুল ফিডিংয়ের খাবার খেয়ে অসুস্থ ১৮ শিক্ষার্থী

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা এলাকায় একটি পোশাক তৈরি কারখানায় পানি পান করে শতাধিক শ্রমিক অসুস্থ হয়ে পড়েছেন। অসুস্থ শ্রমিকদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলার ড্রেসম্যান লিমিটেড নামের একটি কারখানায় এ ঘটনা ঘটে বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। অন্যদিকে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার সালিম ডোলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কর্মসূচির খাবার খেয়ে ১৮ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। ১০ জন শিক্ষার্থীকে চাঁপাইনবাবগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল বুধবার বিকেল থেকে রাত আটটার মধ্যে এসব শিক্ষার্থীকে হাসপাতালে ভর্তি করা হয়। বিষয়টি ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে নিশ্চিত করেছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক দুরুল হোদা ও জেলা হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) মাহবুব হাসান।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রনি)

# এনএইচকে

## সংঘাত নিরসনে সমঝোতা স্মারকে স্বাক্ষর করলেন মার্কিন ও ইরানি প্রেসিডেন্ট

হোয়াইট হাউস বুধবার জানিয়েছে যে, যুক্তরাষ্ট্র ও ইরান ডিজিটাল মাধ্যমে তাদের সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। ইরানের রাষ্ট্র পরিচালিত টেলিভিশন জানিয়েছে যে প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এতে স্বাক্ষর করেছেন। এই প্রাথমিক চুক্তির লক্ষ্য হলো তাদের মধ্যকার সংঘাতের অবসান ঘটানো। ইরানের গণমাধ্যম পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাইয়ের দেওয়া সর্বশেষ তথ্য প্রকাশ করেছে। তিনি বলেছেন, এই সমঝোতা স্মারক লঙ্ঘন করলে "বৃহত্তর মূল্য" দিতে হবে, কারণ উভয় নেতাই এতে স্বাক্ষর করেছেন। তিনি আরও জানিয়েছেন, এটিই তেহরানের পছন্দের পন্থা এবং এর জন্য আনুষ্ঠানিকতার তেমন প্রয়োজন তারা দেখছেন না। তবে তিনি বলেন, সুইজারল্যান্ড বৈঠকের পরিকল্পনা "অপরিবর্তিত রয়েছে।" সুইস পররাষ্ট্র মন্ত্রণালয় এর আগে জানিয়েছিল যে, শুক্রবার সুইজারল্যান্ড চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করবে। বুধবার সকালে ফ্রান্সের এভিয়ান শহরে অনুষ্ঠিত

জি৭-এর শীর্ষসম্মেলন ত্যাগ করার সময় ট্রাম্প এই সমঝোতা স্মারকের প্রশংসা করেন। তিনি বলেন, এর মাধ্যমে সব লক্ষ্য এবং "আরও অনেক কিছু" অর্জিত হবে। যুক্তরাষ্ট্র ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর লক্ষ্য নির্ধারণ করেছে। ট্রাম্প তেহরানকে সতর্ক করে দিয়ে এও বলেন, "এটি একটি সমঝোতা স্মারক। এটি যদি ৬০ দিনের মধ্যে সম্পন্ন না হয়, তাহলে ঠিক আছে, আমরা আবার বোমা হামলা শুরু করব। আমি তা করতে চাই না, কারণ এটি খুবই ভালো, কিন্তু আমাদের হয়ত তা করতে হতে পারে, কারণ আমরা তাদের কখনোই পারমাণবিক অস্ত্রের অধিকারী হতে দেব না।" ট্রাম্প আরও জানান, চূড়ান্ত চুক্তিতে পৌঁছাতে আরও বেশি সময় লাগতে পারে। তবে তিনি এও বলেন যে, ইরান শর্তগুলো মেনে চললে তিনি এ নিয়ে চিন্তিত নন।
(এনএইচকে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### একসময় বলা হতো সবার আগে গোপালগঞ্জ, এখন কি সবার আগে বগুড়া

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সংসদ সদস্য আতিকুর রহমান মোজাহিদ বলেছেন, নিন্দুকেরা বলে— একসময় বলা হতো সবার আগে গোপালগঞ্জ। এখন কি আমরা বলবো সবার আগে বগুড়া? আমরা এই বাংলাদেশ চাই না। সবার আগে বাংলাদেশ হলে প্রতিটা প্রান্তের মানুষের জন্য সমান ধরনের বাজেট থাকতে হবে। বৃহস্পতিবার (১৮ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন তিনি। এসময় সংসদ অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। বিগত নির্বাচনে বিএনপির স্লোগান ছিল- 'সবার আগে বাংলাদেশ'। আতিকুর রহমান মোজাহিদ বলেন, ইদানীং নিন্দুকেরা বলে, নতুন একটা উপজেলার আবির্ভাব ঘটেছে— এটাকে নবাবি উপজেলা বলা হচ্ছে। আমি বগুড়ার শিবগঞ্জ উপজেলার কথা বলছি। যেখানে অন্যান্য এলাকায় বাজেট পায় না, সেখানে এক উপজেলায় কী এক ক্যারিশম্যাটিং মিরাকল সেখানে ৭৬ কোটি টাকা চলে যায়! প্রতিরক্ষা খাতে বাজেট বরাদ্দের বিষয়ে তিনি বলেন, মুক্তিযুদ্ধের সময় যদি প্রতিরক্ষা খাতে যথেষ্ট বরাদ্দ ও অস্ত্র থাকত, আধুনিক অস্ত্র থাকলে আমাদের লোক দিয়ে, একক কর্তৃত্বে স্বাধীনতা অর্জন করতে পারতাম। শহীদ জিয়াউর রহমানকে যুদ্ধের সময় ভারতের পক্ষ থেকে একটা ভাঙা ওয়ারলেস দেওয়া হয়েছিল। রাগ করে ফেলে দিয়ে ভারতীয় কমান্ডোকে তিনি বলেছিলেন- অস্ত্র যখন দিবা, সরঞ্জামদি যখন দিবা, তখন এমন জিনিস দাও, যেটা ফাংশান করে, ডিসফাংশনাল দিও না, এটা আমাদের বাধাগ্রস্ত করে। প্রতিরক্ষা খাতে ৪২ হাজার কোটি টাকা বরাদ্দের প্রস্তাবের কথা তুলে ধরে এনসিপির এ সংসদ সদস্য বলেন, যার মধ্যে ৩৫ হাজার কোটি টাকাই পরিচালন ব্যয়। বাকি সাত হাজার কোটি টাকা দিয়ে কি আমাদের প্রতিরক্ষা হবে? প্রতিরক্ষার আধুনিক অস্ত্র দিয়ে দেশের মানুষের নিরাপত্তা দেওয়ার কথা তুলে ধরে তিনি বলেন, প্রতিদিন আমাদের বিভিন্ন সীমান্ত থেকে হুমকি দেওয়া হচ্ছে। এ বাজেটে প্রতিরক্ষা খাতে তেমন বরাদ্দ দেওয়া হয়নি। আমাদের মিয়ানমার সীমান্তে (মিয়ানমারের অভ্যন্তরে) যুদ্ধ চলমান। পার্বত্য তিনটি জেলায় তিনটা বিদ্রোহী গোষ্ঠীর বিরুদ্ধে, কুকি চিনের বিরুদ্ধে আর্মির দুটি ডিভিশন কাজ করছে। এসময় আকাশ ও নৌ প্রতিরক্ষায় আধুনিক সরঞ্জাম প্রয়োজন বলেও উল্লেখ করেন আতিকুর রহমান মোজাহিদ। তিনি বলেন, ভারত জিডিপির ২ দশমিক ৫ শতাংশ বরাদ্দ দেয়, মিয়ানমার জিডিপির ৩ দশমিক ৫ শতাংশ বরাদ্দ দেয়। পৃথিবীর সব দেশে গড়ে ২ দশমিক ২ শতাংশ বাজেট বরাদ্দ দেয়। কিন্তু আমাদের সেটা নেই। এই আজাদি ভূমিকে রক্ষার জন্য যদি এক বেলা না খেয়েও থাকতে হয়, স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার স্বার্থে প্রতিরক্ষা খাতে যেন বেশি বরাদ্দ দেওয়া হয়। কারণ, প্রতিনিয়ত আমাদের সীমান্ত হুমকির মুখে আছে। আমাদের সবার দেশ রক্ষা করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

### জলাবদ্ধতামুক্ত চট্টগ্রাম গড়তে নাগরিকদেরও দায়িত্বশীল হতে হবে

আসন্ন বর্ষা মৌসুমকে সামনে রেখে নগরীর জলাবদ্ধতা নিরসন ও পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে পাঁচটি খালে খনন কার্যক্রম শুরু করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। এ সময় নগরবাসীর প্রতি খাল-নালায় বর্জ্য না ফেলার আহ্বান জানিয়েছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। বৃহস্পতিবার (১৮ জুন) নগরের বিভিন্ন এলাকায় খাল খনন কার্যক্রম উদ্বোধন ও পরিদর্শনকালে তিনি এই আহ্বান জানান। চসিক সূত্র জানায়, এদিন ৪ নম্বর চান্দগাঁও ওয়ার্ডের ডোম খাল, ৭ নম্বর পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সুন্নিয়া মাদরাসা খাল ও সদর খাল, ৩ নম্বর পাঁচলাইশ ওয়ার্ডের অনন্যা আবাসিক খাল এবং ৮ নম্বর শুলকবহর ওয়ার্ডের টেক্সটাইল ব্রিজসংলগ্ন চশমা খালে খনন কার্যক্রমের উদ্বোধন করা হয়। মেয়র বলেন, চট্টগ্রামকে জলাবদ্ধতার অভিশাপ থেকে মুক্ত করতে খাল, নালা ও ড্রেন সচল করার লক্ষ্যে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। খনন ও পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে খালগুলোর স্বাভাবিক পানি প্রবাহ নিশ্চিত করা হচ্ছে, যাতে বর্ষাকালে বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশিত হতে পারে। চট্টগ্রাম নগরের বিভিন্ন এলাকায় চলছে খাল খনন কার্যক্রম/ছবি: জাগো নিউজ। তিনি বলেন, সিটি করপোরেশন নিয়মিত খাল পরিষ্কার ও খননের কাজ করলেও খাল-নালায় ময়লা-আবর্জনা ফেলা বন্ধ না হলে কাঙ্ক্ষিত সুফল পাওয়া যাবে না। জলাবদ্ধতামুক্ত চট্টগ্রাম গড়তে নাগরিকদেরও দায়িত্বশীল আচরণ করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

### পরীমনির সঙ্গে 'অবৈধ সম্পর্ক', এডিসি সাকলায়েনকে বাধ্যতামূলক অবসর

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) ও বর্তমানে ঝিনাইদহ ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের অতিরিক্ত পুলিশ সুপার মো. গোলাম সাকলায়েনকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। বৃহস্পতিবার (১৮ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে বাধ্যতামূলক অবসরের কথা জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনের সই করেন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। এর আগে মঙ্গলবার এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম জাগো নিউজকে বলেন, 'বিষয়টি মন্ত্রীর দপ্তর থেকে জানা যেতে পারে। ঘটনাটি আমিও দেখেছি। এ ব্যাপারে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তবে ঘটনাটি সত্য।' ২০২৪ সালের ১৩ জুন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখা থেকে উপসচিব রোকেয়া পারভিন জুঁইয়ের সই করা এক চিঠিতে গোলাম সাকলায়েনকে 'গুরুদণ্ড' হিসেবে চাকরি থেকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' পরামর্শের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়।

২০২৪ সালের ১৩ জুন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখা থেকে উপসচিব রোকেয়া পারভিন জুঁইয়ের সই করা এক চিঠিতে গোলাম সাকলায়েনকে 'গুরুদণ্ড' হিসেবে চাকরি থেকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' পরামর্শের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়। ওই চিঠিতে বলা হয়, বিভিন্ন সময়ে (দিনে ও রাতে) নায়িকা পরীমনির বাসায় এডিসি গোলাম সাকলায়েন অবস্থান করেছেন বলে প্রমাণ পাওয়া যায় মোবাইল ফোনের ফরেনসিক রিপোর্ট দেখে। তাকে গুরুদণ্ড দেওয়ার বিষয়ে মতামত চেয়ে সরকারি কর্ম কমিশনের কাছে চিঠি পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০২১ সালের ১৩ জুন ঢাকার অদূরে সাভারের বিরুলিয়ার বোট ক্লাবের ঘটনার পর পরীমনিকে ধর্ষণচেষ্টা ও শারীরিক নির্যাতন করা হয়েছে বলে অভিযোগ এনে মামলা করা হয়। মামলার পরদিনই আসামি হিসেবে ক্লাব নেতা ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদকে ঢাকার উত্তরার একটি বাসা থেকে গ্রেফতার করা হয়। তার সঙ্গে গ্রেফতার হন আরও কয়েকজন সহযোগী। মামলা তদন্তের অংশ হিসেবে পরীমনিকে গোয়েন্দা কার্যালয়ে ডেকে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করা হয়। তখনই ডিবির গুলশান বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার (এডিসি) গোলাম সাকলায়েনের সঙ্গে পরিচয় হয় পরীমনির। এরপর দুজনের মধ্যে শুরু হয় যোগাযোগ। নিয়মিত পরীমনির বাসায় যাতায়াত শুরু করেন গোলাম সাকলায়েন। মাঝেমধ্যেই গাড়ি নিয়ে বের হতেন দুজনে। সংশ্লিষ্ট সূত্রের তথ্যানুযায়ী, সবশেষ পরীমনি ডিবির কর্মকর্তা গোলাম সাকলায়েনের রাজারবাগের মধুমতি ভবনের বাসায় গিয়ে প্রায় ১৮ ঘণ্টা অবস্থান করেন। ২০২১ সালের ৪ আগস্ট রাতে গ্রেফতারের পর পরীমনি অকপটে স্বীকার করেন সবকিছু। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## কোন দেশের ভিসা থাকলে ২২ দেশ ভ্রমণের সুযোগ পাবেন, জেনে নিন

বাংলাদেশি ভ্রমণপ্রেমীদের কাছে বর্তমানে যুক্তরাজ্যের (ইউকে) ভিসা শুধু ব্রিটেন ভ্রমণের অনুমতিপত্র নয়, বরং বহুদেশ ভ্রমণের একটি কার্যকর ও তুলনামূলক সাশ্রয়ী মাধ্যম হিসেবে বিবেচিত হচ্ছে। একটি বৈধ ও ব্যবহৃত ইউকে ভিসা কিংবা রেসিডেন্স পারমিটের মাধ্যমে ইউরোপ, মধ্যপ্রাচ্য, আফ্রিকা, লাতিন আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চলের বেশ কয়েকটি দেশে ভিসামুক্ত প্রবেশ, ভিসা অন অ্যারাইভাল অথবা সহজ শর্তে প্রবেশের সুযোগ পাওয়া যায়। ভ্রমণবিষয়ক বিশেষজ্ঞদের মতে, বৈধ ইউকে ভিসাধারী বাংলাদেশি পাসপোর্টধারীরা বিশ্বের অন্তত ২২টি দেশে বিশেষ ভ্রমণ সুবিধা ভোগ করতে পারেন। ফলে, একটি ভিসা ব্যবহার করেই একাধিক দেশ ঘুরে দেখার সুযোগ তৈরি হয়, যা ভিসা ফি, আবেদন প্রক্রিয়ার সময় এবং সামগ্রিক ভ্রমণ ব্যয় উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনতে সহায়তা করে। বর্তমানে বৈধ ইউকে ভিসাধারীদের জন্য সুবিধাজনক গন্তব্য দেশগুলোর মধ্যে রয়েছে-১.আলবেনিয়া ২.সার্বিয়া ৩. মন্টিনিগ্রো ৪.নর্থ মেসিডোনিয়া ৫.জর্জিয়া ৬.তুরস্ক (ই-ভিসা সুবিধা) ৭.সৌদি আরব ৮.মিশর ৯.আজারবাইজান ১০.মেক্সিকো ১১.কোস্টারিকা ১২.পানামা ১৩.ডোমিনিকান রিপাবলিক ১৪.অ্যান্টিগুয়া ও বারবুডা ১৫.অ্যাঙ্গুইলা ১৬.ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডস ১৭.তুর্কস অ্যান্ড কাইকোস দ্বীপপুঞ্জ ১৮.মরক্কো ১৯.স্কটল্যান্ড ২০.ওয়েলস ২১.উত্তর আয়ারল্যান্ড ২২.যুক্তরাজ্যের অন্যান্য অঞ্চল এছাড়া ভিসার ধরন, মেয়াদ ও সংশ্লিষ্ট দেশের নীতিমালার ওপর নির্ভর করে আরও কয়েকটি গন্তব্যে বিশেষ প্রবেশ সুবিধা পাওয়া যেতে পারে। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশি নাগরিকদের জন্য ইউরোপীয় শেনজেন ভিসা প্রাপ্তি তুলনামূলকভাবে কঠিন হয়ে উঠেছে। অনেক ক্ষেত্রে প্রথমবার আবেদনকারীরা স্বল্পমেয়াদি ভিসা পান এবং আবেদন প্রক্রিয়াও দীর্ঘ সময়সাপেক্ষ হয়। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের ভিসা আবেদনেও কঠোর যাচাই-বাছাই ও সাক্ষাৎকার প্রক্রিয়ার কারণে অনিশ্চয়তা থেকে যায়। এমন বাস্তবতায় ইউকে ভিসা আন্তর্জাতিক ভ্রমণের একটি নির্ভরযোগ্য বিকল্প হিসেবে গুরুত্ব পাচ্ছে। একবার ভিসা পাওয়া গেলে শুধু যুক্তরাজ্য নয়, বরং বিশ্বের বিভিন্ন অঞ্চলের একাধিক দেশ ভ্রমণের সুযোগ সৃষ্টি হয়। ফলে পর্যটক, শিক্ষার্থী, ব্যবসায়ী ও প্রবাসীদের মধ্যে ইউকে ভিসার প্রতি আগ্রহ ক্রমেই বাড়ছে।

তাছাড়া, ইউকে ভিসাধারীদের জন্য অনেক দেশে প্রবেশের শর্ত তুলনামূলক সহজ হওয়ায় আলাদা ভিসা আবেদন, অতিরিক্ত ফি এবং দীর্ঘ অপেক্ষার ঝামেলা এড়ানো সম্ভব হয়। পর্যাপ্ত সময় ও পরিকল্পনা থাকলে এক সফরেই কয়েকটি দেশ ভ্রমণ করা যায়। এতে ভ্রমণ ব্যয় কমার পাশাপাশি আন্তর্জাতিক ভ্রমণের অভিজ্ঞতাও সমৃদ্ধ হয়। বিশেষজ্ঞদের মতে, ইউরোপ, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার বিভিন্ন দেশকে একই ভ্রমণ পরিকল্পনায় যুক্ত করে তুলনামূলক কম খরচে দীর্ঘ আন্তর্জাতিক সফর সম্পন্ন করা সম্ভব। তবে, ইউকে ভিসার আবেদন করার সময় ব্যাংক স্টেটমেন্ট, আয়ের উৎস, পেশাগত তথ্য, ভ্রমণ ইতিহাস এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র যথাযথভাবে প্রস্তুত রাখা জরুরি। কোনো ধরনের জাল

বা ভুয়া কাগজপত্র ব্যবহার করলে ভিসা প্রত্যাখ্যাত হওয়ার পাশাপাশি ভবিষ্যতে দীর্ঘমেয়াদি ভিসা নিষেধাজ্ঞার ঝুঁকি তৈরি হতে পারে। স্বচ্ছ আর্থিক সক্ষমতা, তথ্য, শক্তিশালী ভ্রমণ ইতিহাস এবং সুপরিকল্পিত ভ্রমণ পরিকল্পনা থাকলে ইউকে ভিসা পাওয়ার সম্ভাবনা উল্লেখযোগ্যভাবে বাড়ে। এর মাধ্যমে তুলনামূলক কম খরচে বিশ্বের বিভিন্ন অঞ্চলের একাধিক দেশ ভ্রমণের স্বপ্ন বাস্তবে রূপ নিতে পারে। সময়ে সময়ে বিভিন্ন দেশের ভিসা ও প্রবেশ সংক্রান্ত নীতিমালা পরিবর্তিত হতে পারে। তাই ভ্রমণের আগে সংশ্লিষ্ট দেশের দূতাবাস, কনস্যুলেট অথবা সরকারি ইমিগ্রেশন কর্তৃপক্ষের সর্বশেষ নির্দেশনা যাচাই করে নেওয়া উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## আব্দুল্লাহপুর ফ্লাইওভারে মোটরসাইকেলের ধাক্কায় যুবক নিহত

রাজধানী উত্তরা পূর্ব থানার আব্দুল্লাহপুর ফ্লাইওভারে মোটরসাইকেলের ধাক্কায় মো. ইমন (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। গতকাল বুধবার (১৭ জুন) এ দুর্ঘটনা ঘটে। ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার (১৮ জুন) বিকেল ৪টার দিকে মারা যান ওই যুবক। এর আগে, বুধবার দুর্ঘটনার পর দুপুর ১২টার দিকে আহত অবস্থায় ইমনকে উদ্ধার করে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতালে নেওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হলে পরে ঢাকা মেডিকেলে ভর্তি করানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় আজ বিকেলে মৃত্যু হয় ইমনের। নিহতের চাচা নাজিমুদ্দিন জানান, ইমন শারীরিক প্রতিবন্ধী। বুধবার বিকেলের পর থেকে বাসায় না ফেরায় স্বজনরা চিন্তিত হয়ে পড়েন। পরে খবর পেয়ে কুয়েত বাংলাদেশ মৈত্রী হাসপাতালে যান তারা। সেখান থেকে ইমনকে ঢাকা মেডিকেলে ভর্তি করানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার বিকেলে মারা যান ইমন। তিনি আরও জানান, ইমন গাজীপুর সদর এলাকার প্রয়াত সোহেল চৌধুরীর ছেলে। বর্তমানে টঙ্গী এলাকায় থাকতেন তিনি। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ বক্সের ইনচার্জ (পরিদর্শক) মোহাম্মদ ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে।বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## এলিভেটেড এক্সপ্রেসওয়েতে অনেক সরকারি কর্মকর্তাও টোল দিচ্ছেন না

এলিভেটেড এক্সপ্রেসওয়ে ব্যবহার করে অনেকে টোল দিচ্ছেন না, এ তালিকায় সরকারি কর্মকর্তারাও রয়েছেন বলে অভিযোগ করেছেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) চেয়ারম্যান ইঞ্জিনিয়ার বেলায়েত হোসেন। তিনি বলেন, দীর্ঘদিনের স্থবিরতা, দুর্নীতি ও অব্যবস্থাপনা থেকে সিডিএ-কে বের করে আনতে 'যুদ্ধ' শুরু করেছি। জনবান্ধব ও গতিশীল প্রতিষ্ঠান হিসেবে সিডিএ-কে গড়ে তুলতে নগরবাসীর সহযোগিতাও কামনা করেন তিনি। বৃহস্পতিবার (১৮ জুন) নগরের বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন সিডিএ চেয়ারম্যান। বেলায়েত হোসেন বলেন, সিডিএর অনেক প্রকল্প বছরের পর বছর ধরে স্থবির হয়ে আছে। নির্মাণ শেষ হলেও কয়েকটি আধুনিক মার্কেট চালু করা হয়নি। ফলে সেসব মার্কেট থেকে কোনো ভাড়া আদায় হচ্ছে না। আবার এলিভেটেড এক্সপ্রেসওয়ে ব্যবহার করেও অনেকে টোল দিচ্ছেন না। এ তালিকায় সরকারি কর্মকর্তারাও রয়েছেন। অতীতে বিভিন্ন প্রকল্পে দুর্নীতির ঘটনাও ঘটেছে। এদিন সকালে প্রবর্তক মোড়, হিজরা খাল, কাপাসগোলা ও চাক্তাইসহ জলাবদ্ধতা নিরসন প্রকল্পের আওতাধীন বিভিন্ন খাল পরিদর্শন করেন সিডিএ চেয়ারম্যান। পরে কালুরঘাট-চাক্তাই সংযোগ সড়ক এবং শহীদ ওয়াসিম আকরাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প ঘুরে দেখেন। জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অগ্রগতি তুলে ধরে সিডিএ চেয়ারম্যান বলেন, প্রকল্পের আওতাধীন ৩৬টি খালের মধ্যে ৩০টির কাজ শতভাগ শেষ হয়েছে। বাকি পাঁচটির কাজও প্রায় ৬৮ শতাংশ সম্পন্ন হয়েছে। শুষ্ক মৌসুমে ডিসেম্বরের মধ্যেই অবশিষ্ট কাজ শেষ হবে বলে আশা প্রকাশ করেন তিনি। তিনি বলেন, প্রকল্প বাস্তবায়নে অনেক বহুতল ভবন ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হয়েছে, যা সেনাবাহিনীর ৩৪ ইঞ্জিনিয়ার ব্রিগেডের জন্য বড় চ্যালেঞ্জ ছিল। অতীতে চাক্তাই খাল নগরবাসীর জন্য দুর্ভোগের কারণ হলেও আধুনিক স্লুইচ গেট নির্মাণের ফলে এটি এখন সুফল বয়ে আনবে বলে তিনি আশা করেন। নগরবাসীর প্রতি সচেতন হওয়ার আহ্বান জানিয়ে বেলায়েত হোসেন বলেন, খালে বর্জ্য ফেলা বন্ধ না হলে প্রকল্পের কাঙ্ক্ষিত সুফল পাওয়া যাবে না। শহীদ ওয়াসিম আকরাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রসঙ্গে তিনি বলেন, অনেকেই টোল না দিয়ে সড়কটি ব্যবহার করছেন। এ প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। প্রকল্পকে আর্থিকভাবে টেকসই করতে যানবাহন চলাচল বাড়ানোর পাশাপাশি সবার টোল পরিশোধ নিশ্চিত করতে হবে। কন্ট্রোল রুম থেকে টোল আদায়ের বিষয়টি নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে বলেও জানান তিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## বিমানবাহিনীর সাবেক কর্মকর্তার স্ত্রীকে হত্যার রহস্য উদঘাটন

রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকায় বিমানবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তার স্ত্রী ফারাহ দীবা (৬০) হত্যা মামলার প্রধান আসামি গাড়িচালক মো. সবুজ বিশ্বাসকে গ্রেফতার করেছে র‍্যাব। হত্যাকাণ্ডের পর পৌনে দুই বছর আত্মগোপনে থাকার পর কুষ্টিয়া থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। র‍্যাব বলছে, হত্যাকাণ্ড নিশ্চিত হওয়ার পর আসামিরা আলমারি থেকে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার লুট করে পালিয়ে যায়। লুটপাটের উদ্দেশ্যেই এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। বৃহস্পতিবার (১৮ জুন) রাতে রাজধানীর কাওরান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। তিনি

বলেন, ২০২৪ সালের ২৭ অক্টোবর মিরপুর ডিওএইচএস এলাকায় বিমানবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা উইং কমান্ডার কাজী আব্দুল মতিনের স্ত্রী ফারাহ দীবাকে নিজ বাসায় হত্যা করা হয়। এ ঘটনায় পল্লবী থানায় হত্যা মামলা করা হয়। ঘটনার পরদিন ২৮ অক্টোবর অভিযুক্ত নিরাপত্তাকর্মী মো. মিলন মিয়াকে গ্রেফতার করে র‍্যাব। তার আদালতে দেওয়া ১৬৪ ধারার জবানবন্দি এবং মামলার চার্জশিট অনুযায়ী, নিরাপত্তাকর্মী মিলন মিয়া ও গাড়িচালক সবুজ বিশ্বাস একসঙ্গে বাসায় প্রবেশ করে ফারাহ দীবাকে আক্রমণ করেন। সংবাদ সম্মেলনে কথা বলেন র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী তারা ভুক্তভোগী নারীকে পেছন থেকে জাপটে ধরে মেঝেতে ফেলে দেন। এ সময় সবুজ বিশ্বাস তার মুখ চেপে ধরেন। পরে মিলন মিয়া তার হাত-পা রশি দিয়ে বেঁধে ফেলেন এবং মুখ গামছা দিয়ে পেঁচিয়ে দেন। এতে শ্বাসরোধ হয়ে ফারাহ দীবার মৃত্যু হয়। উইং কমান্ডার ইন্তেখাব চৌধুরী আরও বলেন, হত্যাকাণ্ড নিশ্চিত হওয়ার পর আসামিরা আলমারি থেকে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার লুট করে পালিয়ে যায়। তদন্তে প্রমাণিত হয়েছে, লুটপাটের উদ্দেশ্যেই এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। বহুল আলোচিত এ ঘটনায় অভিযুক্ত সবুজ বিশ্বাস দীর্ঘদিন ধরেই আত্মগোপনে ছিলেন। তাকে গ্রেফতারে র‍্যাব সদর দপ্তরের গোয়েন্দা শাখা ও র‍্যাব-১২ যৌথভাবে নজরদারি এরই ধারাবাহিকতায় তথ্য-প্রযুক্তির সহায়তা ও গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার কুষ্টিয়া সদর থানার কোর্ট স্টেশন এলাকায় অভিযান চালিয়ে পরোয়ানাভুক্ত প্রধান আসামি সবুজ বিশ্বাসকে গ্রেফতার করা হয়। গ্রেফতার এড়াতে তিনি দেশের বিভিন্ন এলাকায় ভিন্ন পরিচয়ে এতদিন আত্মগোপনে ছিলেন। এ ঘটনায় গাড়িচালকের ক্ষোভ নাকি লোভের কারণে হত্যা করা হয়েছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, লোভের কারণে অর্থাৎ বাসা থেকে লুটপাট করার জন্যই এই হত্যাকাণ্ড। বাসার নিরাপত্তাকর্মী ও গাড়িচালক নিয়োগের আগে তার পরিচয়পত্র যথাযথভাবে শনাক্তের পর নিয়োগ দেওয়ার অনুরোধ জানান র‍্যাব কর্মকর্তা এম জেড এম ইন্তেখাব চৌধুরী। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## মোবাইল ফোন নিয়ে পালাচ্ছিল ছিনতাইকারী, ধাওয়া করে ধরলেন পুলিশ সদস্য

রাজধানীর মিরপুরে এক নারী যাত্রীর মোবাইল ফোন ছিনতাই করে পালানোর সময় ওই ছিনতাইকারীকে আটক করেছে ডিএমপির পল্লবী ট্রাফিক পুলিশ। আটক ছিনতাইকারীর নাম আরমান হোসাইন (২৭)। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে মিরপুর-১০ নম্বরের শাহ আলী মার্কেটের সামনে এ ঘটনা ঘটে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। ট্র্যাফিক মিরপুর বিভাগের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, ট্র্যাফিক পল্লবী জোনের মিরপুর-১০ নম্বরের ব্যস্ততম ক্রসিংয়ের শাহ আলী মার্কেটের সামনে দায়িত্ব পালন করছিলেন পুলিশ সার্জেন্ট মো. তুহিনুর রহমান তুহিন। ডিউটিরত অবস্থায় হঠাৎ এক নারীর চিৎকারের শব্দ শুনে তিনি দ্রুত এগিয়ে যান। এ সময় তিনি লক্ষ্য করেন এক ছিনতাইকারী এক নারী যাত্রীর ব্যাগ থেকে মোবাইল ফোন ছিনতাই করে দৌড়ে পালাচ্ছেন। পরিস্থিতি বুঝে সার্জেন্ট তুহিনুর রহমান তাৎক্ষণিক ছিনতাইকারীকে ধাওয়া করেন। পুলিশের ধাওয়া খেয়ে একপর্যায়ে ছিনতাইকারী তার হাতে থাকা ছিনতাই করা মোবাইল ফোনটি রাস্তা দিয়ে যাওয়া এক বাসের নিচে ছুড়ে ফেলে দিয়ে পালাতে থাকেন। এরপরও পুলিশ সার্জেন্ট পিছু ধাওয়া করেন। একপর্যায়ে ওই ছিনতাইকারীকে জাপটে ধরতে সক্ষম হন। এরপর বাসের নিচ থেকে ছিনতাই করা মোবাইল ফোন অক্ষত অবস্থায় উদ্ধার করা হয় এবং ভুক্তভোগীকে বুঝিয়ে দেওয়া হয়। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আটক ছিনতাইকারীকে কাফরুল থানায় হস্তান্তর করা হয়েছে। তার বিরুদ্ধে কাফরুল থানায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান নিয়াজ মেহেদী। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## প্রতিমন্ত্রীর আত্মীয় পরিচয়ে পুলিশে চাকরি দেওয়ার নামে প্রতারণা

পুলিশ কনস্টেবল পদে চাকরি দেওয়ার নামে অর্থ আত্মসাতের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে শাহবাগ থানা-পুলিশ। তার নাম মো. এরশাদ আকন্দ (৩৮)। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুর নিকটাত্মীয় পরিচয় দিয়ে তিনি এই প্রতারণা করেন বলে জানা গেছে। বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিসি) নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। শাহবাগ থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গত ৪ মে বিকেল আনুমানিক ৪টার দিকে শাহবাগ থানাধীন একটি হোটেলে বসে মো. এরশাদ আকন্দ নিজেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুর নিকটাত্মীয় পরিচয় দেন। তিনি ভুক্তভোগীকে বাংলাদেশ পুলিশে কনস্টেবল পদে চাকরি দেওয়ার প্রলোভন দেখিয়ে মোট ৮ লাখ ৪১ হাজার টাকা গ্রহণ করেন। পরবর্তীতে চাকরি দিতে ব্যর্থ হন। এ ঘটনায় ভুক্তভোগীর অভিযোগের ভিত্তিতে শাহবাগ থানায় একটি নিয়মিত মামলা করা হয়। পরবর্তীতে গোপন সংবাদের ভিত্তিতে শাহবাগ থানা পুলিশের একটি টিম বৃহস্পতিবার (১৮ জুন) ভোরে টাঙ্গাইল জেলার ভূঞাপুর থানা এলাকায় অভিযান পরিচালনা করে মো. এরশাদ আকন্দকে গ্রেফতার করে। এ ঘটনায় পরবর্তী আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের ডিসি নিয়াজ মেহেদী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## মন্ত্রিপরিষদ সভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সন্ধ্যা সোয়া ৭টায় জাতীয় সংসদ ভবনের জনপ্রশাসন সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব মো. সুজাউদ্দৌলা বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারে আগ্রহী বাংলাদেশ ও চীন

বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এ আগ্রহের কথা জানান। বৃহস্পতিবার (১৮ জুন) সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতে চীনের রাষ্ট্রদূত জাতিসংঘ সাধারণ পরিষদের ২০২৬-২৭ সেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থী ড. খলিলুর রহমান নির্বাচিত হওয়ায় বাংলাদেশকে অভিনন্দন জানান। এদিন বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, কারিগরি শিক্ষা এবং দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়।বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## প্রধানমন্ত্রীর মালয়েশিয়া-চীন সফর নিয়ে ব্রিফ করবে পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন মালয়েশিয়া ও চীন সফর উপলক্ষ্যে শনিবার (২০ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ে একটি কার্টেন রেইজার বা সফর-পূর্ব গণমাধ্যম ব্রিফিং অনুষ্ঠিত হবে। ওইদিন বেলা ১১টায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ইউএনক্লস ভবনের কনফারেন্স রুমে এ ব্রিফিং হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামরুল ইসলাম ভূঁইয়া বৃহস্পতিবার (১৮ জুন) এক আমন্ত্রণপত্রের বরাত দিয়ে এ তথ্য জানান। ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর মালয়েশিয়া ও চীন সফরের বিভিন্ন দিক, সফরের উদ্দেশ্য, সম্ভাব্য কর্মসূচি, দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন বিষয় এবং প্রত্যাশিত অর্জন সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সফরপূর্ব এই কার্টেন রেইজারে সফরের বিস্তারিত কর্মসূচি ও গুরুত্বপূর্ণ বিষয়গুলো তুলে ধরা হবে বলে আশা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## থার্ড টার্মিনাল চালুর পর এভিয়েশন খাতে বিনিয়োগে আগ্রহী যুক্তরাজ্য

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল চালুর পর এভিয়েশন খাতে বিনিয়োগ করতে চায় যুক্তরাজ্য। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে এ আগ্রহের কথা জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। বৃহস্পতিবার (১৮ জুন ২০২৬) সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব শাহাদাত হোসেন স্বাধীন এ তথ্য জানান। বৈঠকে ব্রিটিশ হাইকমিশনার বর্তমান সরকারের সময়ে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বিদ্যমান সম্পর্ক আরও সুদৃঢ় হওয়ার আশা ব্যক্ত করেন। এসময় তিনি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান ও প্রশিক্ষণ খাতে ব্রিটিশ সরকারের সহযোগিতার প্রস্তাব দেন। এছাড়া বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বাণিজ্য বৃদ্ধি এবং বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা নিয়েও আলোচনা হয়, যা দেশে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। এসময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল চালুর পর এভিয়েশন খাতে ব্রিটিশ বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেন ব্রিটিশ হাইকমিশনার। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## যে কারণে চাকরি গেলো এডিসি সাকলায়েনের

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) ও বর্তমানে ঝিনাইদহ ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের অতিরিক্ত পুলিশ সুপার মো. গোলাম সাকলায়েনকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। বৃহস্পতিবার (১৮ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের শৃঙ্খলা-২ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনটিতে সই করেন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। প্রজ্ঞাপনে বলা হয়, ডিবির গুলশান বিভাগের এডিসি হিসেবে দায়িত্ব পালনকালে পুলিশের একজন দায়িত্বশীল কর্মকর্তা হয়েও সরকারি দায়িত্বের বাইরে চিত্রনায়িকা পরীমনির সঙ্গে নৈতিকতাবহির্ভূত ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করেন গোলাম সাকলায়েন। এতে আরও বলা হয়, তিনি বিবাহিত ও এক সন্তানের জনক হওয়া সত্ত্বেও পরীমনির সঙ্গে বিবাহবহির্ভূত সম্পর্ক স্থাপন, তার সঙ্গে জন্মদিন উদযাপন এবং সরকারি বাসভবনে স্ত্রীর অনুপস্থিতিতে সময় কাটানোর ঘটনা বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়। এসব ঘটনায় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। এ ঘটনায় ২০২৩ সালের ২০ ফেব্রুয়ারি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী ‘অসদাচরণ’-এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। একই সঙ্গে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী পাঠিয়ে তাকে কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়।

পরবর্তীতে ২০২৩ সালের ১৯ মার্চ তিনি অভিযোগের জবাব দেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ওই বছরের ২৮ মার্চ তার ব্যক্তিগত শুনানি হয়। প্রজ্ঞাপনে বলা হয়, কারণ দর্শানোর জবাব ও অন্যান্য বিষয় পর্যালোচনা করে অভিযোগের বিষয়ে তদন্তের সিদ্ধান্ত নেওয়া হয়। ২০২৩ সালের ৩০ আগস্ট একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ

দেওয়া হয়। তদন্ত শেষে ১২ ডিসেম্বর দাখিল করা প্রতিবেদনে তার বিরুদ্ধে আনা অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে বলে মতামত দেওয়া হয়। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ২০২৪ সালের ৮ ফেব্রুয়ারি তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। পরে ১০ মার্চ তিনি ওই নোটিশের জবাব দেন। প্রজ্ঞাপনে বলা হয়, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন, অপরাধের গুরুত্ব এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হওয়ায় বাধ্যতামূলক অবসর প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়। এ বিষয়ে পরামর্শ চেয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) কাছে পাঠানো হলে কমিশনও তার বিরুদ্ধে 'বাধ্যতামূলক অবসর' সূচক গুরুদণ্ড আরোপের পক্ষে মত দেয়। এরপর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে রাষ্ট্রপতি গত ১৭ জুন এ শাস্তিমূলক ব্যবস্থা অনুমোদন করেন। ফলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৪(৩)(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর দায়ে মো. গোলাম সাকলায়েনকে চাকরি থেকে বাধ্যতামূলক অবসর দেওয়া হয়েছে।
(জাগাও নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## জাপানি বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান রাষ্ট্রদূতের

সরকারের কর অবকাশ সুবিধা, শুল্ক ছাড় ও শতভাগ পুঁজি প্রত্যাহারের সুবিধার কথা উল্লেখ জাপানি বিনিয়োগকারীদের বাংলাদেশে আরও বড় পরিসরে বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন টোকিওতে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দাউদ আলী। বৃহস্পতিবার (১৮ জুন) জাপানের টোকিওতে বাংলাদেশ দূতাবাসে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ বিজনেস সেমিনারে এ আহ্বান জানান রাষ্ট্রদূত। জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশন ও জাপানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের যৌথ উদ্যোগে এ সেমিনারের আয়োজন করা হয়। দূতাবাসে আয়োজিত এ সেমিনারে জাপানি ব্যবসায়ী, উদ্যোক্তা, বিনিয়োগকারী ও সরকারি কর্মকর্তাসহ বিভিন্ন খাতের প্রতিনিধিরা অংশ নেন। উদ্বোধনী পর্বে রাষ্ট্রদূত মো. দাউদ আলী তার বক্তব্যের শুরুতে বাংলাদেশ-জাপানের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বের কথা স্মরণ করেন এবং দুই দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রদূত উল্লেখ করেন, বাংলাদেশ বর্তমানে দক্ষিণ এশিয়ার অন্যতম দ্রুত বর্ধনশীল অর্থনীতি ও বিশ্বমানের অবকাঠামো, বিশেষ অর্থনৈতিক অঞ্চল এবং হাইটেক পার্কগুলোর মাধ্যমে বিদেশি বিনিয়োগকারীদের জন্য আকষর্ণীয় সুযোগ তৈরি করেছে। এসময় তিনি জাপানি বিনিয়োগকারীদের বাংলাদেশে আরও বৃহৎ পরিসরে বিনিয়োগ করার আহ্বান জানান। রাষ্ট্রদূত আশাবাদ ব্যক্ত করেন, জাপানের প্রযুক্তি ও অভিজ্ঞতা এবং বাংলাদেশের বিশাল দক্ষ যুবশক্তির সমন্বয়ে দুই দেশই যৌথভাবে লাভবান হতে পারে। সেমিনারে বাংলাদেশে ব্যবসার উদীয়মান সুযোগ ও সম্ভাবনাগুলোর ওপর দুটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন দূতাবাসের পলিটিক্যাল কাউন্সেলর মুহাম্মদ সফিউল আজম এবং কমার্শিয়াল কাউন্সেলর মোরারজী দেশাই বর্মন। তারা বাংলাদেশের বিনিয়োগ নীতি, কৌশলগত সুবিধা, বিভিন্ন খাতের টেকসই উন্নয়নের চিত্র এবং তৈরি পোশাক শিল্পের পাশাপাশি সম্ভাবনাময় রপ্তানি পণ্য যথা চামড়া ও পাটজাত পণ্য, ফার্মাসিউটিক্যালস ও প্লাস্টিক শিল্প বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। বাংলাদেশে সাম্প্রতিক স্থানীয় উন্নয়ন এবং বিনিয়োগের বাস্তব অভিজ্ঞতা নিয়ে আলোচনা করেন বাংলাদেশ থেকে আগত জাপান-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট তারেক রফি ভূঁইয়া জুন। এছাড়াও, বাংলাদেশে ব্যবসা সম্প্রসারণের বাস্তব অভিজ্ঞতা থেকে জাপানি প্রযুক্তি খাতে বাংলাদেশি দক্ষ জনশক্তি সম্পৃক্ত হওয়ার সম্ভাবনার বিষয়টি সেমিনারে গুরুত্বের সাথে তুলে ধরেন সান কোং লিমিটেডের প্রেসিডেন্ট ও সিইও শুম্পেই নাকাসোনে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## সুন্দরবনে দস্যুতা দমনে কঠোর অবস্থানে কোস্টগার্ড: ডিজি

সুন্দরবনে দস্যুতা দমন, মাদক ও মানবপাচার প্রতিরোধ এবং উপকূলীয় জনগোষ্ঠীর নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ কোস্টগার্ড কঠোর অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন বাহিনীর মহাপরিচালক (ডিজি) রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক। বৃহস্পতিবার (১৮ জুন) সুন্দরবনের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি পরিদর্শন শেষে বাগেরহাটের মোংলার হারবাড়িয়া স্টেশনে তিনি এ কথা বলেন। কোস্টগার্ড ডিজি বলেন, দেশের সামুদ্রিক সম্পদ রক্ষা, মাদক ও মানবপাচার প্রতিরোধ, চোরাচালান ও অবৈধ অনুপ্রবেশ রোধ, জেলে ও উপকূলীয় জনগোষ্ঠীর নিরাপত্তা নিশ্চিতকরণ এবং দুর্যোগকালীন উদ্ধার কার্যক্রম পরিচালনার মাধ্যমে বাংলাদেশ কোস্টগার্ড জাতীয় নিরাপত্তা ও অর্থনৈতিক স্থিতিশীলতায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তিনি আরও বলেন, বিশেষ করে সুন্দরবন অঞ্চলে আইনশৃঙ্খলা প্রতিষ্ঠা ও সম্পূর্ণরূপে বনদস্যুতা দমনে বর্তমান সরকারের দিকনির্দেশনায় বাংলাদেশ কোস্টগার্ডের নেতৃত্বে 'অপারেশন রিস্টোর পিস ইন সুন্দরবন' এবং 'অপারেশন ম্যানগ্রোভ শিল্ড' নামে দুটি বিশেষ অভিযান পরিচালিত হচ্ছে। বাংলাদেশ কোস্টগার্ডের ধারাবাহিক অভিযান, গোয়েন্দা তৎপরতা এবং অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বিত প্রচেষ্টায় দস্যু চক্রগুলো ব্যাপকভাবে কোণঠাসা হয়ে পড়েছে। এরই ধারাবাহিকতায় সুন্দরবনের কুখ্যাত ডাকাত ছোট সুমন ও তার সহযোগীরা সম্প্রতি কোস্টগার্ডের নিকট আত্মসমর্পণ করে।

ডিজি বলেন, এছাড়া দীর্ঘদিন ধরে বনদস্যুদের ঘাঁটি হিসেবে পরিচিত মোংলার জয়মনির ঘোল এলাকায় কোস্টগার্ড স্টেশন হারবারিয়া স্থাপনের কারণে বনদস্যুদের কাছে রসদ, লজিস্টিক সহায়তা, অস্ত্র ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহের পথ কার্যকরভাবে বাধাগ্রস্ত হয়েছে। ফলে তাদের অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা উল্লেখযোগ্যভাবে ব্যাহত হয়েছে এবং সুন্দরবনে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। ডিজি আরও বলেন, এরই পরিপ্রেক্ষিতে সম্প্রতি

সুন্দরবনের জয়মনির ঘোল এলাকায় কোস্ট গার্ড স্টেশন হারবারিয়ায় একদল দুর্বৃত্ত কর্তৃক হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে, যা অত্যন্ত দুঃখজনক, নিন্দনীয় এবং উদ্বেগজনক। রাষ্ট্রের আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত একটি বাহিনীর স্থাপনায় হামলা কেবল সরকারি সম্পদের ক্ষতিই নয়, বরং সুন্দরবনের নিরাপত্তা ব্যবস্থা এবং অপরাধ দমন কার্যক্রমকে বাধাগ্রস্ত করার একটি অপচেষ্টা বলে প্রতীয়মান। এ ঘটনার পরপরই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে এবং জড়িত ব্যক্তিদের শনাক্ত করে আইনের আওতায় আনার কার্যক্রম চলমান। এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সুন্দরবন ও উপকূলীয় এলাকার জনগণের প্রতি আহ্বান জানিয়ে রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক বলেন, কোনো ধরনের গুজব, অপপ্রচার বা বিভ্রান্তিকর তথ্য দ্বারা প্রভাবিত না হয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আস্থা রাখুন এবং দায়িত্বশীল ভূমিকা পালন করুন। পাশাপাশি সুন্দরবনের নিরাপত্তা, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং স্থানীয় জনগণের নিরাপদ জীবন জীবিকা নিশ্চিত করতে যে কোনো অপরাধমূলক তথ্য কোস্ট গার্ড জরুরি সেবা নম্বর ১৬১১১-এ অবহিত করার মাধ্যমে অপরাধ দমনে সক্রিয় ভূমিকা রাখুন। বাংলাদেশ কোস্টগার্ড দেশের জনগণের নিরাপত্তা, জাতীয় স্বার্থ, উপকূলীয় এবং সামুদ্রিক সার্বভৌমত্ব রক্ষায় সর্বদা অঙ্গীকারাবদ্ধ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## সুইস ব্যাংকে বাংলাদেশিদের অর্থ বেড়েছে ৪১.৪৯ শতাংশ

সুইস ব্যাংকে ফুলে ফেঁপে উঠেছে বাংলাদেশিদের আমানত। এক বছরেই দেশটির ব্যাংকগুলোতে বাংলাদেশিদের জমা অর্থের পরিমাণ ৪১.৪৯ শতাংশ বেড়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) প্রকাশিত সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংক সুইস ন্যাশনাল ব্যাংকের (এসএনবি) বার্ষিক প্রতিবেদনে বলা হয়, ২০২৫ সালে বাংলাদেশিদের জমা অর্থের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৮৩ কোটি ৪১ লাখ সুইস ফ্রাঁ (সুইজারল্যান্ডের মুদ্রা)। ২০২৪ সালে এর পরিমাণ ছিল প্রায় ৫৯ কোটি সুইস ফ্রাঁ। বর্তমান বাজারদর অনুসারে এক সুইস ফ্রাঁতে ১৫২ থেকে ১৫৩ টাকা পাওয়া যায়। প্রতি সুইস ফ্রাঁ ১৫২ টাকা ধরলে সুইস ব্যাংকের প্রতিবেদন অনুসারে সুইস ব্যাংকে ২০২৫ সালের শেষে বাংলাদেশিদের অর্থ জমার পরিমাণ ১২ হাজার ৬৭৮ কোটি টাকা। প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, ২০২১ সালের পর গত বছরই (২০২৫ সাল) বাংলাদেশিদের সর্বোচ্চ পরিমাণ অর্থ জমা হয়েছে সুইস ব্যাংকগুলোতে।

সুইজারল্যান্ডের ব্যাংকে বাংলাদেশিদের অর্থ ব্যক্তি ও প্রতিষ্ঠানের নামে জমা হয়। বাংলাদেশের অনেক ব্যাংকও বৈধ পথে দেশটির ব্যাংকে অর্থ জমা রাখে। আবার বিশ্বের বিভিন্ন দেশে বসবাসকারী বাংলাদেশিরাও সুইস ব্যাংকে অর্থ জমা রাখেন। এ ছাড়া বিশ্বের বিভিন্ন দেশে সুইস ব্যাংকের শাখাগুলোতে সেসব দেশে বসবাসকারী বাংলাদেশিরাও অর্থ জমা রাখেন, সেগুলোও সুইস ব্যাংকে জমা অর্থ হিসেবে বিবেচিত হয়। সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন দেশ থেকে জমা হওয়া এসব অর্থ সে দেশের দায় হিসাবে আর্থিক প্রতিবেদনে উল্লেখ করে থাকে। এর মানে, সুইস ব্যাংকে রাখা সব অর্থ পাচার করা নয়। এসএনবির প্রতিবেদন অনুযায়ী, ২০২২ ও ২০২৩ সালে পরপর দুই বছর সুইস ব্যাংকে বাংলাদেশিদের জমা অর্থের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে কমে গিয়েছিল। ওই দুই বছর যথাক্রমে সাড়ে ৫ কোটি সুইস ফ্রাঁ ও পৌনে ২ কোটি সুইস ফ্রাঁ জমা ছিল। আন্তর্জাতিক নানা চুক্তির কারণে এখন সুইজারল্যান্ড বিভিন্ন দেশের সরকারের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করে। তাই এখন অনেকে ব্যবসা–বাণিজ্যের আড়ালে বিভিন্ন দেশে অর্থ পাচার করেন— এমন অভিযোগ আছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারে আগ্রহী বাংলাদেশ ও চীন

বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এ আগ্রহের কথা জানান। বৃহস্পতিবার (১৮ জুন) সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতে চীনের রাষ্ট্রদূত জাতিসংঘ সাধারণ পরিষদের ২০২৬-২৭ সেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থী ড. খলিলুর রহমান নির্বাচিত হওয়ায় বাংলাদেশকে অভিনন্দন জানান। এদিন বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, কারিগরি শিক্ষা এবং দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ রুবাইয়া)

## আড়াই বছরের মধ্যে রাজধানী থেকে সরবে চার বাস টার্মিনাল: মন্ত্রী

আড়াই বছরের মধ্যে রাজধানী ঢাকা থেকে চারটি আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নেওয়া হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু, নৌপরিবহন এবং রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম। বৃহস্পতিবার (১৮ জুন) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপ'-এ মন্ত্রী এ কথা বলেন। টার্মিনালগুলো হলো- গাবতলী বাস টার্মিনাল, মহাখালী বাস টার্মিনাল, সায়েদাবাদ বাস টার্মিনাল এবং ফুলবাড়িয়া বাস টার্মিনাল। সড়ক পরিবহন মন্ত্রী বলেন, 'আমরা দেখেছি বাস টার্মিনালগুলোতে সারাদিন বাস থাকে। ওখানে ওয়ার্কশপ হয়ে গেছে। একটি বাস আট-দশ দিন ধরে ওখানে রং করছে, ডেন্ট করছে, ইঞ্জিন ডাউন দিয়ে আবার সেটা রিসেট করছে—এ রকম চলছে। এটা ওখানে চলবে না। আমরা ডিপো করার জন্য পরিকল্পনা নিয়েছি,

একটা ৩০০ ফিটে। একটা হচ্ছে কাঁচপুরে। কাঁচপুরে যেটা আমরা ডিপো করছি, সেটা টার্মিনালই হয়ে যাবে। সায়েদাবাদ টার্মিনাল আস্তে আস্তে কাঁচপুরে চলে যাবে। ফুলবাড়িয়া টার্মিনালটা চলে যাবে কেরানীগঞ্জে, জেলখানার ঠিক অপজিটে। গাবতলীরটা চলে যাবে হেমায়েতপুরে।' তিনি বলেন, 'এ রকমভাবে টার্মিনাল শিফট হবে, কিন্তু এখনই হচ্ছে না। এখন ডিপো হিসেবে ওখানে ব্যবহার হবে। আর এখান থেকে গাড়ি ছাড়বে, কিন্তু গাড়িগুলো (টার্মিনালে) আসবে আবার কখন? গাড়ি ছাড়ার যে সময় আছে, তার আগে আসবে। আসবে এবং গাড়ি এখান থেকে ছেড়ে যাবে। (গাবতলী, মহাখালী, সায়েদাবাদ ও ফুলবাড়িয়া) টার্মিনাল হিসেবে ব্যবহার হবে, বাসের ওই ডিপো হিসেবে ব্যবহার হবে না। আলাদা ডিপো করে আমরা ওখানে পর্যায়ক্রমে সর্বসাকুল্যে দুই বছরের মধ্যে বাস টার্মিনালগুলো সরিয়ে নেব, দুই থেকে আড়াই বছরের মধ্যে। গাবতলীরটা হেমায়েতপুর, মহাখালীরটা উত্তরা, আব্দুল্লাহপুরের কাছাকাছি ওখানে ৫০ বিঘা জায়গা অ্যাকোয়ার করতে চলেছি আমরা এরই মধ্যে। তার আগ পর্যন্ত ডিপোটা হবে ৩০০ ফিটে। কাঁচপুরে চলে যাবে সায়েদাবাদ টার্মিনাল। ফুলবাড়িয়ারটা চলে যাবে কেরানীগঞ্জে। অর্থাৎ এভাবে শিফট হচ্ছে ওটাকে বিবেচনায় নিয়ে।' (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## ইউনূস-নুরজাহানের শাস্তি চেয়ে ঢাকায় আ'লীগের মিছিল, ককটেল বিস্ফোরণ

হামে শিশুমৃত্যুর প্রতিবাদ ও প্রতিরোধযোগ্য এই রোগে মৃত্যু ঠেকাতে না পারায় সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস ও সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নুরজাহান বেগমের শাস্তির দাবিতে ঢাকায় মিছিল বের করা হয়েছে। সেই ঝটিকা মিছিল থেকে তিন-চারটি ককটেল বিস্ফোরণ ঘটানো হয়। বৃহস্পতিবার (১৮ জুন) সকাল ৯টার দিকে রাজধানীর মহাখালী বাস টার্মিনালের মূল সড়কে এ মিছিল বের করা হয়। মিছিল থেকে এক নারীসহ দুজনকে আটক করার কথা জানিয়েছে তেজগাঁও শিল্পাঞ্চল থানা পুলিশ। আটকরা হলেন, মিজানুর রহমান হাওলাদার (৪০), শামীম আরা বেবি (৫০) ও শামীম হোসেন (৪৮)। শিল্পাঞ্চল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মাহবুবুর রহমান জাগো নিউজকে বলেন, সকাল সোয়া ৯টার দিকে তিন-চারিট ককটেল বিস্ফোরণ ঘটানো হয়েছে। কারা ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে—এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও দলটির অঙ্গ সংগঠনের লোকজন এটি ঘটিয়েছে। যারা ঘটিয়েছে তাদের মধ্য থেকে তিনজনকে আটক করা হয়েছে। গুলশান ট্রাফিক পুলিশের সদস্যরা বলেন, প্রগতিশীল নাগরিক সমাজ ব্যানারে আনুমানিক ১০ থেকে ১৫ জন জড়ো হওয়ার চেষ্টা করেন। তাদের হাতে নিষিদ্ধ ঘোষিত একটি সংগঠনের প্ল্যাকার্ডও ছিল। তারা 'প্রতিরোধযোগ্য হাম রোগে নিষ্পাপ সম্ভাবনাময় শিশুদের মৃত্যুর জন্য দায়ী ইউনূস-নূরজাহানদের বিচার এবং মৃত শিশুদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার' দাবিতে মানববন্ধন কর্মসূচি পালনের উদ্দেশ্যে সেখানে অবস্থান নেওয়ার চেষ্টা করেন। পরে হাতবোমার বিস্ফোরণ ঘটায় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। মিছিলকারীরা 'জয় বাংলা' ও 'শেখ হাসিনার ভয় নাই রাজপথ ছাড়ি নাই'—এমন স্লোগান দেন। একই সঙ্গে ব্যানার ও ফেস্টুনে শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনার ছবি দেখা গেছে। মিছিল শেষ করে যাওয়ার সময় ককটেলগুলোর বিস্ফোরণ ঘটানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## সাগর-রুনি হত্যা: ১২৭ বারের মতো পেছালো তদন্ত প্রতিবেদন

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নতুন তারিখ নির্ধারণ করেছেন আদালত। আগামী ২২ জুলাই প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এ নিয়ে ১২৭ বারের মতো পেছালো তদন্ত প্রতিবেদন দাখিল। বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম এ আদেশ দেন। এদিন মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে তদন্তকারী সংস্থা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) প্রতিবেদন জমা দিতে না পারায় আদালত নতুন তারিখ নির্ধারণ করেন। মামলার তদন্ত কর্মকর্তা পিবিআইয়ের অতিরিক্ত পুলিশ সুপার মো. আজিজুল হক নির্ধারিত দিনে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হন। বিষয়টি নিশ্চিত করেছেন প্রসিকিউশন বিভাগের এসআই রফিকুল ইসলাম রাসেল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকে দুই দিনে জমা ১৫০ কোটি টাকা, চালু ২ হাজার হিসাব

চেয়ারম্যান হিসেবে খুরশীদ আলমের নিয়োগ বাতিলের পর ইসলামী ব্যাংককে ঘিরে গ্রাহকদের উদ্বেগ অনেকটাই কমেছে। ব্যাংকটির প্রতি আস্থা ফিরে আসতে শুরু করায় টাকা উত্তোলনের চাপ কমছে, পাশাপাশি বন্ধ বা স্থানান্তর করা হিসাবও পুনরায় চালু করছেন গ্রাহকরা। ব্যাংক সূত্রে জানা গেছে, মঙ্গলবার ৫৫২টি এবং বুধবার ১ হাজার ৪৪২টি হিসাব পুনরায় সক্রিয় করা হয়েছে। দুই দিনে মোট প্রায় ২ হাজার গ্রাহক আবার ইসলামী ব্যাংকের সঙ্গে লেনদেন শুরু করেছেন। এসব হিসাবে ফেরত আসা আমানতের পরিমাণ ১৫০ কোটির টাকার বেশি। সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবারের তথ্য এখনও জানা না গেলেও এদিনও ব্যাংকের অবস্থা ভালো বলে জানা গেছে। এদিকে ব্যাংকটির তারল্য পরিস্থিতি স্বাভাবিক রাখতে বাংলাদেশ ব্যাংক বুধবার আরও ১ হাজার কোটি টাকার সহায়তা দিয়েছে। এর আগে রোববার ২ হাজার ৬৭০ কোটি, সোমবার ২ হাজার ৫০০ কোটি এবং মঙ্গলবার ১ হাজার ৫০০ কোটি টাকা সহায়তা দেওয়া হয়। ফলে কেন্দ্রীয় ব্যাংকের মোট তারল্য সহায়তা দাঁড়িয়েছে ৭ হাজার ৬৭০ কোটি টাকায়। ইসলামী ব্যাংকের তথ্য অনুযায়ী, বুধবার পর্যন্ত ব্যাংকটির নগদ তারল্যের পরিমাণ ১ লাখ ৭২ হাজার কোটি টাকা, যা ১ জুন ছিল ১ লাখ

৮৪ হাজার কোটি টাকা। অর্থাৎ ১৭ দিনে প্রায় ১২ হাজার কোটি টাকা কমেছে। তবে ১ থেকে ১৪ জুনের মধ্যে গ্রাহকদের উত্তোলনের পরিমাণ ছিল প্রায় ১২ হাজার ৬০০ কোটি টাকা। সাম্প্রতিক সময়ে উত্তোলনের হার কমার পাশাপাশি নতুন আমানতও ফিরতে শুরু করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

**বিশ্বপরিসরেও অবদান রাখছে বাংলাদেশ সেনাবাহিনী: ওয়াকার-উজ-জামান**

বাংলাদেশ সেনাবাহিনী দেশের গণ্ডি পেরিয়ে বিশ্বপরিসরেও অবদান রাখছে বলে মন্তব্য করেছেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান। সেনাবাহিনীর আধুনিকায়নে বাস্তবমুখী নানা উন্নয়ন পরিকল্পনা নেওয়া হয়েছে বলেও জানান তিনি। সেনাপ্রধান বলেন, মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখতে দক্ষ, আধুনিক ও দেশপ্রেমে উদ্বুদ্ধ সেনাবাহিনীর গুরুত্ব অপরিসীম। আর এ বাহিনীর নেতৃত্বের দায়িত্ব মূলত অফিসারদের ওপরই ন্যস্ত। বৃহস্পতিবার (১৮ জুন) চট্টগ্রামের বাংলাদেশ মিলিটারি একাডেমি প্যারেড গ্রাউন্ডে ৯০তম দীর্ঘমেয়াদি কোর্সের অফিসার ক্যাডেটদের কমিশনপ্রাপ্তি উপলক্ষ্যে আয়োজিত রাষ্ট্রপতি কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ওয়াকার-উজ-জামান বলেন, ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ মিলিটারি একাডেমি দেশের জন্য নিবেদিতপ্রাণ, দক্ষ, চৌকস ও মেধাবী সেনা কর্মকর্তা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এখান থেকে কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের নেতৃত্বে বাংলাদেশ সেনাবাহিনী দেশে ও আন্তর্জাতিক পরিসরে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করছে। তিনি বলেন, পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির প্রেক্ষাপটে সেনাবাহিনীর আধুনিকায়ন ও প্রশিক্ষণের মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এর ধারাবাহিকতায় অফিসার ক্যাডেটদের জন্য আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণ নিশ্চিত করতে বাংলাদেশ মিলিটারি একাডেমিতে দ্বিতীয় বাংলাদেশ ব্যাটালিয়নের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

**সময় টিভির সাবেক এমডি আহমেদ জোবায়েরকে কারাগারে পাঠানোর নির্দেশ**

ব্যাংক জালিয়াতি ও বিশ্বাসভঙ্গের মামলায় সময় টেলিভিশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আহমেদ জোবায়েরকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। মামলায় আদালতের সমন উপেক্ষা করে নির্ধারিত সময়ে হাজির না হওয়ায় বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এ আদেশ দেওয়া হয়। আদালত সূত্রে জানা গেছে, ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজু আহমেদের আদালতে হাজির হওয়ার পর তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। এর আগে বুধবার (১৭ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির আদেশ দেন। মামলার নথি অনুযায়ী, রাজধানীর কলাবাগান থানায় দায়ের করা বিশ্বাসভঙ্গ সংক্রান্ত এক মামলায় আহমেদ জোবায়েরসহ ছয়জনকে আদালতে উপস্থিত হয়ে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছিল। গত ১০ মে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত সমন জারি করেন। পরে ১৪ মে মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগ বিষয়টি নিশ্চিত করে। সমনে অভিযুক্তদের ১৭ জুন সশরীরে অথবা আইনজীবীর মাধ্যমে আদালতে হাজির হয়ে আইনি জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয়েছিল। তবে নির্ধারিত দিনে কেউ আদালতে উপস্থিত না হওয়ায় বিচারক তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

**শাহজালাল বিমানবন্দরে আটকে থাকা পণ্য বিক্রিতে বিশেষ ই-নিলাম**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এয়ারফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিটে দীর্ঘদিন ধরে সংরক্ষিত বিভিন্ন ধরনের পণ্য বিক্রির জন্য বিশেষ ই-নিলাম আয়োজন করেছে ঢাকা কাস্টমস হাউস। বৃহস্পতিবার (১৮ জুন) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, বিমানবন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধের লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা কাস্টমস হাউসের অধীন এয়ারফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিটে রক্ষিত বিভিন্ন পণ্য 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। এ লক্ষ্যে আগ্রহী ক্রেতাদের কাছ থেকে অনলাইনে দরপত্র আহ্বান করা হয়েছে। এনবিআরের বিশেষ আদেশ নং-২৬/২০২৬/কাস্টমসের নির্দেশনা অনুযায়ী, সংরক্ষিত মূল্য ব্যতীত প্রথম নিলামে কোনো লটের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দরেই সংশ্লিষ্ট পণ্য বিক্রি করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

**অস্ট্রেলিয়ায় চাকরি-নাগরিকত্বের প্রলোভনে অনলাইন প্রতারণা, গ্রেফতার ২**

অস্ট্রেলিয়ায় চাকরি ও স্থায়ীভাবে বসবাসের সুযোগ করে দেওয়ার প্রলোভন দেখিয়ে এক প্রবাসীর কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের ঘটনায় দুজনকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। গ্রেফতাররা হলেন- মো. রাকিবুল হোসেন (২৬) ও মো. রনি ইসলাম ওরফে খাজা মোহাম্মদ আলী (১৯)। বৃহস্পতিবার (১৮ জুন) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বুধবার (১৭ জুন) নীলফামারীর সৈয়দপুরের কামারপুকুর বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে প্রতারণায় ব্যবহৃত ছয়টি মোবাইল ফোন এবং ১২টি সিমকার্ড জব্দ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

**শুল্ক ফাঁকি দিয়ে ট্রাকভর্তি করে নিয়ে যাওয়া হচ্ছিল এসি-ফ্রিজ, আটক দুই**

চট্টগ্রামের পতেঙ্গায় শুল্ক ফাঁকি দিয়ে ট্রাকভর্তি করে নিয়ে যাওয়া হচ্ছিল এসি-ফ্রিজসহ বিভিন্ন ইলেকট্রনিকস সামগ্রী। এ ঘটনায় দুজনকে আটক করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। বৃহস্পতিবার (১৮ জুন) ভোর ৫টার দিকে পতেঙ্গা থানার ১০ নম্বর ঘাট এলাকায় অভিযান চালিয়ে এসব পণ্য জব্দ করা হয়। জব্দ পণ্যের মধ্যে রয়েছে- একটি ফ্রিজ, একটি ডিপ ফ্রিজ, দুটি ওয়াশিং মেশিন, একটি পোর্টেবল এয়ার কন্ডিশনার (এসি), চারটি ফুল ইউনিট এসি এবং একটি আউটডোর এসি। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার বিএন সুমন আল মুকিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি বলেন, একটি চক্র বাণিজ্যিক জাহাজ থেকে অবৈধভাবে বিপুল পরিমাণ ইলেকট্রনিকস সামগ্রী খালাস করে শুল্ক ফাঁকি দিয়ে বাজারজাত করার প্রস্তুতি নিচ্ছে- এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানা হয়। অভিযানে একটি ট্রাকে তল্লাশি চালিয়ে বিভিন্ন ধরনের ইলেকট্রনিকস সামগ্রী উদ্ধার করা হয়। জব্দ পণ্যগুলোর দাম সাড়ে ১০ লাখ টাকারও বেশি। আটকদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানানো হয়নি। জব্দ মালামাল ও আটকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে কোস্ট গার্ড। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## নিখোঁজের ৩৬ ঘণ্টা পর ময়লার ভাগাড়ে মিললো শিশু জায়হানের বস্তাবন্দি মরদেহ

চট্টগ্রামের পটিয়ায় নিখোঁজের ৩৬ ঘণ্টা পর পাঁচ বছর বয়সী এক শিশুর বস্তাবন্দি মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য পাঁচজনকে আটক করা হয়েছে। নিহত শিশুটির নাম মো. জায়হান। সে পটিয়া পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের দক্ষিণ গোবিন্দারখীল এলাকার বাসিন্দা মো. শাহজাহানের একমাত্র সন্তান। শাহজাহান পেশায় গ্যারেজ ব্যবসায়ী। বুধবার (১৭ জুন) দিনগত রাত ৩টার দিকে বাড়ির পাশের এক প্রতিবেশীর ঘরের পেছনে ময়লার ভাগাড় থেকে শিশুটির মরদেহ উদ্ধার করে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার দুপুরের পর থেকে জায়হানের খোঁজ পাচ্ছিল না পরিবার। সম্ভাব্য বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তার সন্ধান মেলেনি। এসময় তারা ঘরের ভেতর হাতে লেখা একটি চিঠি পায়। ওই চিঠিতে মুক্তিপণ দাবি ও হুমকির বিষয় উল্লেখ ছিল বলে ভুক্তভোগী পরিবারের সদস্যরা জানিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## যুবলীগের দেড় মিনিটের মিছিল, সীমানা নিয়ে দুই থানার ঠেলাঠেলি

রাজধানীর মিরপুর সড়কে গণভবনের সামনে বিক্ষোভ মিছিল করেছে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের নেতাকর্মীরা। তবে ঘটনাস্থল কোন থানার আওতাভুক্ত, তা নিয়ে শেরেবাংলা নগর ও মোহাম্মদপুর থানার মধ্যে ভিন্নমত দেখা গেছে। দুই থানা সীমানা নির্ধারণ নিয়ে মিছিলের বিষয়টি অস্বীকার করেছে। বৃহস্পতিবার (১৮ জুন) সকাল ১০টার দিকে গণভবন ও রেসিডেন্সিয়াল মডেল স্কুলের সামনের সড়কে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। এ বিষয়ে শেরেবাংলা নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম বলেন, মিছিলটি সড়কের মাঝখানে হয়েছে, যা তাদের থানার আওতাভুক্ত এলাকায় পড়ে না। অন্যদিকে, মোহাম্মদপুর থানার ওসি মেজবাহ উদ্দিনের দাবি করেন, মিছিলটি শেরেবাংলা নগর থানার অংশে পড়েছে। পুলিশের দুই থানার দায়িত্ব ঠেলাঠেলির কারণে কোনো ব্যবস্থা নেওয়ার খবর পাওয়া যায়নি। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ১০টার দিকে ৪০-৫০ জনের একটি দল প্রথমে রেসিডেন্সিয়াল কলেজের সামনে মিছিল শুরু করে। পরে সড়ক ঘুরে গণভবনের সামনে মূল ফটক পাড় হয়ে মিছিলটি শেষ করে। এক থেকে দেড় মিনিটের মধ্যে মিছিলটি শেষ করে চলে যায় তারা। এ ঘটনায় মোহাম্মদপুর থানার ওসি মেসবাহ উদ্দিন বলেন, আমাদের থানা এলাকায় কোনো মিছিল হয়নি। আর এ মিছিল কখন হয়েছে আমাদের জানা নেই। যা দেখলাম এটি শেরে বাংলা নগর থানা এলাকায় হয়েছে। মিছিল থেকে কাউকে আটক হয়নি। শেরেবাংলা নগর থানার ওসি মো. মনিরুল ইসলাম বলেন, আমরা শুনেছি মিছিলটি সড়কের মাঝখানে হয়েছে। তবে, এটি আমাদের থানার মধ্যে পড়েনি। এরপরও বিষয়টি নিয়ে খোঁজ নিতে বলেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## ফেনীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল, আটক ৫

ফেনীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মীরা ঝটিকা মিছিল করেছেন। বুধবার (১৭ জুন) সকালে শহরের স্টেশন রোড এলাকায় সদর উপজেলা আওয়ামী লীগের ব্যানারে মাস্ক পরে ১৫ থেকে ২০ জন তরুণ মিছিলটিতে অংশ নেন। মিছিলের একটি ভিডিও ক্লিপ দুপুরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। পরে বিকেলে পুলিশ অভিযান চালিয়ে পাঁচজনকে আটক করে। ফেসবুকে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, মাস্ক পরা একদল তরুণ মিছিল করছেন। মিছিলটি স্টেশন রোড থেকে শুরু হয়ে রেলস্টেশনের প্ল্যাটফর্মে গিয়ে শেষ হয়। মিছিলে অংশ নেওয়া তরুণরা আওয়ামী লীগ ও শেখ হাসিনার পক্ষে স্লোগান দেন। জানতে চাইলে ফেনী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মুহাম্মদ ফৌজুল আজীম বলেন, যারা মিছিলে উপস্থিত ছিলেন তাদের বিষয়ে খোঁজখবর নেওয়া হচ্ছে। বিকেলে অভিযান চালিয়ে পাঁচজনকে আটক করা হয়েছে। তাদের তথ্য যাচাই-বাছাই চলছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## এইচএসসি পরীক্ষা হবে অভিন্ন প্রশ্নে, বন্যা হলে বিকল্প ব্যবস্থা

২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ জুলাই থেকে শুরু হবে। এবার সব কয়টি সাধারণ শিক্ষা বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, এইচএসসিতে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার সব ধরনের ব্যবস্থা করেছি। এখন দেখি কী হয়...। প্রত্যেকটা বোর্ডের

একটা প্রতিযোগিতা থাকে, মূলত সেজন্য এমন সিদ্ধান্ত। বৃহস্পতিবার (১৮ জুন) দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষার সময় ঝড়, অতিবৃষ্টি, বন্যা অথবা যে কোনো দুর্যোগ হলে বিকল্প ব্যবস্থা রাখবো। প্রশ্নপত্র তো আগেই পৌঁছে যাবে। পরীক্ষার সময় সমস্যা হলে তার জন্য ব্যবস্থা আছে। এ নিয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## শাবিপ্রবির উন্নয়নে সরকারের সহযোগিতা অব্যাহত থাকবে

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেছেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) সার্বিক উন্নয়নে সহযোগিতা অব্যাহত থাকবে। বৃহস্পতিবার (১৮ জুন) বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে নবীনবরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। আরিফুল হক চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যাতে সুস্থ থাকে, সুন্দর ও নিরাপদ পরিবেশ পায় এবং তাদের আবাসন ও খাবারের গুণগত মান যেন বজায় থাকে সেটি নিশ্চিত করা জরুরি। এই লক্ষ্যে সরকারের পক্ষ থেকে যদি কোনো ধরনের সহায়তার প্রয়োজন হয়, আমাদের অবস্থান থেকে সব ধরনের সহযোগিতা থাকবে। শাবিপ্রবির সামগ্রিক উন্নয়নের ব্যাপারে বর্তমান সরকার সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখবে। তিনি আরও বলেন, নবীন শিক্ষার্থীদের মধ্য থেকেই আগামী দিনে দেশের সেরা শিক্ষাবিদ, চিকিৎসক এবং জাতীয় রাজনীতির ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে উঠবে। আজকে যারা কঠোর পরিশ্রম ও মেধার স্বাক্ষর রেখে বাংলাদেশের অন্যতম শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় শাবিপ্রবিতে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছেন, আমি মনে করি তারা ভাগ্যবান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## স্বাস্থ্যব্যবস্থা শুধু চিকিৎসক দিয়ে চলে না, অন্যদের ওপরও নজর দিতে হবে

দেশের সামগ্রিক স্বাস্থ্যব্যবস্থা শুধু চিকিৎসকদের দিয়ে চলে না বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত। তিনি বলেছেন, শুধু চিকিৎসক তৈরিতে ফোকাস না দিয়ে নার্স, মিডওয়াইফ ও ফিজিওথেরাপিস্টদের মতো গুরুত্বপূর্ণ স্বাস্থ্যকর্মীদের তৈরি ও তাদের সুযোগ-সুবিধা বাড়ানোর দিকেও নজর দেওয়া জরুরি। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে (নিপোর্ট) দুটি গবেষণার ফলাফল প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গবেষণা দুটি ছিল—'বাংলাদেশে জনমিতিক লভ্যাংশ কাজে লাগানোর ক্ষেত্রে স্বাস্থ্যকর্মীদের সম্ভাবনা: সুযোগ, চ্যালেঞ্জ এবং নীতিগত প্রয়োজনীয়তা' এবং 'বিভিন্ন ধরনের মহামারি রোগ সঠিকভাবে মোকাবিলা বা ব্যবস্থাপনার জন্য স্বাস্থ্যকর্মীদের প্রস্তুতির মূল্যায়ন'। গবেষণার ফলাফলের বরাত দিয়ে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জানান, দেশে জনসংখ্যার আনুপাতিক হারে চিকিৎসকের সংখ্যা কম নয়। তারচেয়েও মূল সমস্যা হলো তাদের বণ্টন বা ডিস্ট্রিবিউশনে। তিনি বলেন, দেশের জনসংখ্যার ৮০ শতাংশ মানুষ গ্রামে বাস করলেও মোট চিকিৎসকের ৮০ শতাংশ থাকেন শহরে। এছাড়া চিকিৎসকদের একটি বড় অংশ সরকারি সিস্টেমের বাইরে বেসরকারি খাতে কাজ করছেন। স্বাস্থ্যখাতের অন্যান্য জনবলের ওপর গুরুত্বারোপ করে প্রতিমন্ত্রী বলেন, দেশে নার্স আর মিডওয়াইফ সংখ্যা বাড়ানো উচিত। অথচ এটি নিয়ে কোনো আলোচনাই হচ্ছে না। একইভাবে ফিজিওথেরাপিস্টদের প্রয়োজনীয়তা ব্যাপক হলেও তাদের এখনো সেভাবে স্বীকৃতি দেওয়া হয়নি। সামগ্রিক স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে এই উপেক্ষিত জনবলগুলোকে ফোকাস করা এবং তাদের সুযোগ-সুবিধা বাড়ানো দরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## জুলাই থেকেই কার্যকর নতুন বেতন কাঠামো, চূড়ান্ত হয়নি বাস্তবায়ন কৌশল

সরকারি চাকরিজীবীদের নতুন বেতন কাঠামো তথা নবম পে-স্কেল আগামী জুলাই মাস থেকেই কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তবে কীভাবে এই বেতন কাঠামো বাস্তবায়ন করা হবে, সে কৌশল এখনো চূড়ান্ত হয়নি। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন বেতন কাঠামোর বাস্তবায়ন কৌশল চূড়ান্ত করতে সচিব কমিটির একটি বৈঠক বৃহস্পতিবার (১৮ জুন) অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনির নেতৃত্বে পুনর্গঠিত সচিব কমিটির এ বৈঠকে জাতীয় বেতন কমিশনের সুপারিশ, সচিব কমিটির পর্যবেক্ষণ, জুডিশিয়াল সার্ভিস পে কমিশনের প্রস্তাব এবং সশস্ত্র বাহিনীর বেতন কাঠামো-সংক্রান্ত বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়। তবে বৈঠকে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। আগামী ২৪ জুন কমিটির আরও একটি বৈঠক করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন বেতন কাঠামো দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে ২৪ জুনের পরও একাধিক বৈঠক হতে পারে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আগামী ১ জুলাই থেকে নতুন কাঠামোর আংশিক বাস্তবায়ন শুরু হবে। জাতীয় বেতন কমিশনের মূল সুপারিশ পুরোপুরি বাস্তবায়ন না করে তা কাটছাঁট করে ধাপে ধাপে কার্যকর করার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী, প্রথম ধাপে (২০২৬-২৭ অর্থবছর) সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি প্রতিষ্ঠান, বিচার বিভাগ এবং বিভিন্ন বাহিনীর কর্মীরা নতুন বেসিক বেতনের ৫০ শতাংশ পাবেন। দ্বিতীয় ধাপে (২০২৭-২৮ অর্থবছর) বাকি ৫০ শতাংশ বেসিক দেওয়া হবে। তৃতীয় ধাপে (২০২৮-২৯ অর্থবছর) বিভিন্ন ভাতা ও সুবিধা পুরোপুরি বাস্তবায়ন করা হবে। সূত্রটি আরও জানিয়েছে, নতুন বেতন কাঠামো ১ জুলাই থেকে কার্যকর করা হলেও বাড়তি অর্থ সরকারি চাকরিজীবীরা হাতে পেতে পারেন অক্টোবর মাসে। কারণ বাস্তবায়ন কৌশল নির্ধারণের পাশাপাশি অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনি প্রক্রিয়া সম্পন্ন করতে কিছুটা সময় লাগবে। এদিকে গত ১১ জুন ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপনের সময় অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ

চৌধুরী আনুষ্ঠানিকভাবে নবম পে-স্কেল বাস্তবায়নের ঘোষণা দেন। নতুন বেতন কাঠামোর ঘোষণা দেওয়ার পাশাপাশি বাজেটেও সরকারি চাকরিজীবীদের বেতন-ভাতার জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ রাখা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## নিরাপত্তার ঘেরাটোপ যেন সরকারপ্রধানকে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, জনগণের বিশ্বাস ও ভালোবাসার ওপরই একজন গণতান্ত্রিক সরকারপ্রধানের সবচেয়ে বেশি নির্ভরতা। তাই নিরাপত্তার ঘেরাটোপ যেন সরকারপ্রধানকে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়। তিনি এ বিষয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্সকে (এসএসএফ) বিশেষভাবে লক্ষ্য রাখার আহ্বান জানিয়েছেন। বৃহস্পতিবার (১৮ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এসএসএফের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আজ থেকে ৪০ বছর আগে সময়ের প্রয়োজনে এই বিশেষ নিরাপত্তা বাহিনী প্রতিষ্ঠিত হলেও ১৯৯১ সালের ২৭ সেপ্টেম্বর নাম পরিবর্তন করে 'এসএসএফ' নামে বাহিনীটির যাত্রা শুরু হয়। একই সঙ্গে এর দায়িত্বের পরিধিও বাড়ে। প্রতিষ্ঠাকাল থেকে আজ পর্যন্ত এই বিশেষ নিরাপত্তা বাহিনীর সঙ্গে যারা যুক্ত ছিলেন কিংবা বর্তমানে দায়িত্ব পালন করছেন, তাদের সবাইকে তিনি প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা জানান। তারেক রহমান বলেন, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া বিভিন্ন মেয়াদে সরকারপ্রধান থাকাকালে এবং জীবনের শেষ সময়ে এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এসএসএফ অত্যন্ত আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেছে। খালেদা জিয়ার মৃত্যুর পর শুধু বাংলাদেশ নয়, বিশ্বের ইতিহাসের অন্যতম বৃহত্তম জানাজার নামাজ আয়োজনের ক্ষেত্রেও প্রধান সমন্বয়ক হিসেবে এসএসএফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এজন্য তিনি নিজের ও পরিবারের পক্ষ থেকে এসএসএফকে ধন্যবাদ জানান। তিনি জানান, সরকারপ্রধান হিসেবে বর্তমানে প্রতিদিন ও প্রতি মুহূর্তে তিনি এসএসএফের কার্যক্রম সরাসরি প্রত্যক্ষ করছেন। তবে এসএসএফের কার্যক্রমের সঙ্গে তার পরিচয় নতুন নয়। খালেদা জিয়া যখন সরকারপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন, তখন থেকেই অর্থাৎ তার তরুণ বয়স থেকেই তিনি এসএসএফের কার্যক্রমের সঙ্গে পরিচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## সমীক্ষা অনুযায়ী পদ্মা রেলসেতুর নিচের মাটি সরালে আরও ভালো হতো: মন্ত্রী

সমীক্ষা (স্টাডি) অনুযায়ী নারায়ণগঞ্জের ফতুল্লায় পদ্মা রেলসেতুর পিলারের নিচ থেকে মাটি সরালে পরিবেশগত ও অন্যান্য দিক থেকে ভালো হতো বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু, নৌপরিবহন এবং রেলপথমন্ত্রী শেখ রবিউল আলম। বৃহস্পতিবার (১৮ জুন) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপে' মন্ত্রী এ তথ্য জানান। সম্প্রতি নারায়ণগঞ্জের ফতুল্লায় পদ্মা রেলসেতুর পিলারের নিচ থেকে মাটি কাটার ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এটি সমালোচনার জন্ম দেয়। এর পরিপ্রেক্ষিতে মঙ্গলবার (১৬ জুন) সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী সাংবাদিকদের জানান, মাটিকাটা বন্ধ করে দেওয়া হয়েছে সেখানে গাছ লাগানো হবে। বৃহস্পতিবার মন্ত্রী বলেন, 'পদ্মা সেতুর যে জায়গাটা আমি জেনেছি...যখন কোনো মেগা স্ট্রাকচার করবেন, স্ট্রাকচারের কাজ করার জন্য কোনো কোনো সময় একটু আপনার, ওটাকে বলা হয় ভেহিক্যাল চলাচল, স্ট্রাকচারটাকে দাঁড় করানোর জন্য অথবা ধরেন, বিল্ড করার জন্য কিছু নিচে কিছু সাপোর্টিং লাগে। যেখানেই সেতু হবে আপনি দেখে নেবেন, যে দুই পাড়ে কিছু জায়গায় একটু বাঁধের মতো করা হয়। করে সেখান থেকে সেতুর কাজ করা হয়। কাজ করে সেটা আবার অপসারণ করে দেওয়া হয়। আবার চলাচলটা ইজি করে দেওয়া হয়। অর্থাৎ কিছু আর্টিফিসিয়ালি অ্যারেঞ্জমেন্ট করতে হয় প্রকল্প বাস্তবায়ন করার জন্য। প্রকল্প বাস্তবায়নের পর আবার সেটা অপসারণ করতে হয়। এর জন্য চুক্তিও থাকে এবং ওর জন্য বরাদ্দও থাকে।'
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## টেকনাফ বন্দরে আমদানি-রপ্তানি কমেছে ৯০ শতাংশ

কক্সবাজারের টেকনাফ স্থলবন্দর দিয়ে মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের সীমান্ত বাণিজ্য সচল থাকলেও আমদানি-রপ্তানি কার্যক্রমে এখনো ধীরগতি চলছে। মিয়ানমারের রাখাইন রাজ্যে অভ্যন্তরীণ সংঘাতের জেরে দীর্ঘ প্রায় এক বছর বন্ধ থাকার পর নতুন করে বাণিজ্য চালু হলেও তা আগের তুলনায় মাত্র ১০ শতাংশে নেমে এসেছে। ফলে সরকারের রাজস্ব আয় প্রত্যাশিত মাত্রায় বাড়ছে না। স্থলবন্দর সূত্রে জানা গেছে, বর্তমানে মিয়ানমারের ইয়াঙ্গুন থেকে সরাসরি পণ্য না এলেও রাখাইন রাজ্য থেকে সীমিত পরিসরে কাঠ আমদানি হচ্ছে। অন্যদিকে বাংলাদেশ থেকে কোল্ড ড্রিংকস, বিস্কুটসহ বিভিন্ন ভোগ্যপণ্য রপ্তানি করা হচ্ছে। নাফ নদী এলাকায় আরাকান আর্মির সরাসরি কঠোর বাধা না থাকলেও পুরোপুরি বাধা কাটেনি, সে সঙ্গে ঝুঁকি ও আশঙ্কা রয়েছে। বর্তমানে টেকনাফ বন্দরে সীমিতসংখ্যক আমদানিকারক ব্যবসা পরিচালনা করছেন। আগের তুলনায় বাণিজ্য কার্যক্রম উল্লেখযোগ্যভাবে কম, যার একটি বড় কারণ ব্যবসায়ীদের যোগাযোগ মূলত ইয়াঙ্গুনকেন্দ্রিক হওয়া। বর্তমানে রপ্তানি তুলনামূলক বেশি হলেও আমদানি খুবই সীমিত। টেকনাফ স্থলবন্দরের সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি এহেতাশামুল হক বাহাদুর বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর সীমান্ত বাণিজ্য পুনরায় চালু হলেও এখনো আগের মতো স্বাভাবিক অবস্থায় ফেরেনি। বর্তমানে বাংলাদেশ থেকে রপ্তানি কার্যক্রম কিছুটা সচল থাকলেও মিয়ানমার থেকে আমদানি খুবই সীমিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## বগুড়ার উন্নয়ন নিয়ে কাজ শুরু করায় নানামুখী ষড়যন্ত্র হচ্ছে

বগুড়া জেলা গত ২০ বছর উন্নয়ন বঞ্চিত ছিল। এখন এই বগুড়ার উন্নয়ন নিয়ে যখন আমরা কাজ শুরু করেছি, তখন নানামুখী ষড়যন্ত্র শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম। বৃহস্পতিবার (১৮ জুন) বেলা সাড়ে ১১টায় বগুড়ার দত্তবাড়ী এলাকায় অবস্থিত শহীদ জিয়াউর রহমান শিশু হাসপাতালের বহিঃ ও অন্তঃ বিভাগের কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রখ্যাত হৃদ্‌রোগ বিশেষজ্ঞ ডা. জোবাইদা রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে হাসপাতাল কর্তৃপক্ষ এ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। প্রতিমন্ত্রী মীর শাহে আলম হাসপাতালটির পরিধি ও শয্যা বাড়ানোর ঘোষণা দিয়ে বলেন, বর্তমানে এ হাসপাতালটি ৬ তলা বিশিষ্ট, এটিকে ৮ তলায় রূপান্তরিত করা হবে। এছাড়া হাসপাতালের প্রতিষ্ঠাতা ও প্রধানমন্ত্রী তারেক রহমানের ইচ্ছা অনুযায়ী- পাশের যে জায়গাটিতে এখন ইসলামী ব্যাংকসহ অন্যান্য স্থাপনা রয়েছে, সেটি সরকারি হলে সরকারিভাবে আর ব্যক্তি মালিকানাধীন হলে প্রয়োজনে অধিগ্রহণ করে হাসপাতালের সঙ্গে সম্পৃক্ত করা হবে। এর মাধ্যমে ৫০ শয্যার এ শিশু হাসপাতালটিকে ১০১ বা ১৫০ শয্যায় রূপান্তরিত করতে আগামী মাসেই পরিচালনা কমিটির পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। রাজনৈতিক প্রেক্ষাপট উল্লেখ করে তিনি আরও বলেন, সামনে ২৩শে জুন স্বৈরাচার ফ্যাসিস্ট আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী। সাধারণ মানুষের দৃষ্টি অন্যদিকে প্রবাহিত করার জন্য যে নাটকীয়তা ও ষড়যন্ত্র চলছে, তা থেকে চোখ সরিয়ে আমাদের উন্নয়নের কথা বলতে হবে। নিজেদের মধ্যে কাদা ছোড়াছুড়ি করে সেই স্বৈরাচারকে যেন আমরা আবার ফিরে আসার সুযোগ করে না দিই।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## প্রস্তাবিত বাজেটকে বাস্তবমুখী রোডম্যাপ হিসেবে দেখছে আইবিএফবি

ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অব বাংলাদেশ (আইবিএফবি) ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটকে অর্থনৈতিক পুনরুদ্ধার, বিনিয়োগ সম্প্রসারণ, কর্মসংস্থান সৃষ্টি এবং দীর্ঘমেয়াদি সংস্কারের একটি ইতিবাচক ও বাস্তবমুখী রোডম্যাপ হিসেবে অভিহিত করেছে। বৃহস্পতিবার (১৮ জুন) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত 'প্রস্তাবিত বাজেট ২০২৬-২৭: প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক সংবাদ সম্মেলনে আইবিএফবির সভাপতি লুতফুন নিসা সৌদিয়া খান বলেন, বাজেটে বিনিয়োগ, শিল্পায়ন, এসএমই উন্নয়ন, নারী ও তরুণ উদ্যোক্তাদের সহায়তা, ডিজিটাল অর্থনীতির বিকাশ, নবায়নযোগ্য জ্বালানি এবং করমুক্ত আয়সীমা বৃদ্ধির উদ্যোগ দেশের ব্যবসা-বাণিজ্য ও কর্মসংস্থানের জন্য ইতিবাচক বার্তা বহন করে। তবে, তিনি উচ্চাভিলাষী রাজস্ব লক্ষ্যমাত্রা, মূল্যস্ফীতির চাপ, ব্যাংকিং খাতের দুর্বলতা এবং বাস্তবায়ন সক্ষমতার সীমাবদ্ধতা মোকাবিলায় কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। কর প্রশাসনের ডিজিটালাইজেশন, জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার, ব্যবসা সহজীকরণ, এসএমই অর্থায়ন সম্প্রসারণ, বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ, পুঁজিবাজারের উন্নয়ন এবং নীতির ধারাবাহিকতা নিশ্চিত করার সুপারিশ পুনর্ব্যক্ত করে আইবিএফবি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## ওভেন ওনার কাছে কে চেয়েছে, পার্থকে বিরোধীদলীয় নেতা

বাংলাদেশ জাতীয় পার্টি- বিজেপির সংসদ সদস্য আন্দালিভ রহমান পার্থ জামায়াতের এক সংসদ সদস্যকে মাইক্রোওয়েভ ওভেন দিতে চেয়েছেন। বিষয়টির প্রতিবাদ জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, মাইক্রোওয়েভ ওভেন উনার (আন্দালিভ রহমান পার্থ) কাছে কে চেয়েছে। আমি মনে করি উনি একজন বিজ্ঞ সংসদ সদস্য। আমাদের মানসিকতা এমন হওয়া উচিত যে এখানে দাঁড়িয়ে অন্তত কেউ কারও সম্মানে আমরা আঘাত করবো না। পরে বিষয়টি নিয়ে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেন, এটা নিয়ে কোনো বিতর্ক হোক আমি চাই না। আর বাড়াবাড়ি করার কোনো দরকার নেই। বৃহস্পতিবার (১৮ জুন) জাতীয় সংসদের অধিবেশনে এ বিষয়ে কথা বলেন তারা। আন্দালিভ রহমান পার্থর বক্তব্যের প্রতিবাদ জানিয়ে বিরোধীদলীয় নেতা বলেন, মাননীয় সদস্য (পার্থ) পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে যে কথাগুলো বলেছেন, আপনি (স্পিকার) তো প্রথমেই নাকচ করেছেন যে এটা পয়েন্ট অব অর্ডারের বিষয় না। দুই নম্বর, একজন সদস্য ((জামায়াত নেতা মজিবুর রহমান) তিনি সবার জন্য একটা বিষয় চেয়েছেন। আপনি (স্পিকার) রাইটলি বলেছেন যে এটা হাউজে না বলে এটার জন্য কমিটি আছে ওখানে বললেই হতো। কিন্তু তিনি (পার্থ) এইটাকে সূত্র ধরে আবার আরেকটা যে গাড়ি-বাড়ি সব নিয়ে আসলেন। তিনি বলেন, আমি মনে করি উনি (পার্থ) একজন বিজ্ঞ পার্লামেন্টারিয়ান। আবার নিজের থেকে অফারও দিয়ে দিলেন যে আমি সব দিয়ে দেবো। উনার কাছে চাইছে নাকি কেউ যে উনি দেবেন? আমার মনে হয় যে আমাদের মানসিকতা এমন হওয়া উচিত যে এখানে দাঁড়িয়ে অন্তত কেউ কারও সম্মানে আমরা আঘাত করবো না।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## প্রস্তাবিত বাজেট স্বপ্নবিলাসী, বাংলাদেশকে নতুন উচ্চতায় নেবে

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট একটি স্বপ্নবিলাসী ও উচ্চাভিলাষী বাজেট। যা বাংলাদেশকে নতুন উচ্চতায় নিয়ে যাবে এবং একটি স্বনির্ভর রাষ্ট্র গঠনের পথ সুগম করবে। বৃহস্পতিবার (১৮ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম

বাজেট অধিবেশনের দশম দিন ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। আইনমন্ত্রী বলেন, একসময় বাজেট উপস্থাপনের পর 'গরিব মারার বাজেট' কিংবা 'বড়লোকের বাজেট' বলে সমালোচনা করা হতো। কিন্তু এবারের বাজেটকে ঘিরে তেমন কোনো প্রতিক্রিয়া দেখা যায়নি। কারণ এই বাজেট গরিব, মধ্যবিত্ত, প্রান্তিক জনগোষ্ঠী, ব্যবসায়ী ও কর্মপ্রত্যাশী তরুণদের স্বার্থকে গুরুত্ব দিয়ে প্রণয়ন করা হয়েছে। মো. আসাদুজ্জামান বলেন, সরকারের দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনার ধারাবাহিকতায় এ বাজেট প্রণয়ন করা হয়েছে। এটি কোনো একদিনের চিন্তার ফল নয়; বরং দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে দীর্ঘদিনের পরিকল্পনার বাস্তব প্রতিফলন। বাজেটকে স্বপ্নবিলাসী ও উচ্চাভিলাষী বলে সমালোচনার জবাবে মন্ত্রী বলেন, যে জাতি স্বপ্ন দেখতে পারে না, সে জাতি এগিয়ে যেতে পারে না। উচ্চাভিলাষ ছাড়া উন্নয়ন সম্ভব নয়। বাংলাদেশকে একটি শক্তিশালী ও স্বনির্ভর রাষ্ট্রে পরিণত করতে হলে বড় লক্ষ্য নিয়ে এগোতে হবে। আইনমন্ত্রী বলেন, প্রস্তাবিত বাজেটে কৃষি খাতে ভর্তুকি অব্যাহত রাখা হয়েছে। কৃষকদের জন্য কৃষি কার্ড, উৎপাদন বৃদ্ধির উদ্যোগ এবং বিভিন্ন সহায়তা কর্মসূচি রাখা হয়েছে। একই সঙ্গে ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতা বাড়িয়ে প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় সরকারি সহায়তা পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে। শিক্ষা খাতের প্রসঙ্গ তুলে তিনি বলেন, শুধুমাত্র সনদনির্ভর শিক্ষা নয়, কর্মমুখী ও দক্ষতাভিত্তিক শিক্ষা ব্যবস্থার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। এ লক্ষ্যে কারিগরি ও মাদরাসা শিক্ষার উন্নয়নে অতিরিক্ত প্রায় ৬ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্য, যুব উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মন্ত্রী বলেন, সরকার দায়িত্ব গ্রহণের সময় নানা অর্থনৈতিক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। অর্থপাচার, ব্যাংক খাতের দুর্বলতা এবং বৈশ্বিক অর্থনৈতিক অস্থিরতার মধ্যেও সরকার একটি বাস্তবমুখী ও উন্নয়নবান্ধব বাজেট প্রণয়ন করেছে। আইনমন্ত্রী বলেন, কর্মসংস্থান বৃদ্ধির জন্য খাল ও নদী পুনঃখনন, ব্যাপক বৃক্ষরোপণ কর্মসূচি এবং অন্যান্য উন্নয়ন কর্মকাণ্ড গ্রহণ করা হয়েছে। এসব উদ্যোগ নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। মো. আসাদুজ্জামান বলেন, প্রস্তাবিত বাজেটে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ, কর-সুবিধা বৃদ্ধি, সামাজিক নিরাপত্তা কর্মসূচির সম্প্রসারণ এবং সুশাসন প্রতিষ্ঠার বিষয়গুলো গুরুত্ব পেয়েছে। একই সঙ্গে ব্যাংকিং খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনা, জনগণের আমানতের নিরাপত্তা নিশ্চিত করা এবং আইনের শাসন প্রতিষ্ঠার প্রতিশ্রুতিও এতে প্রতিফলিত হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## বিমানবাহিনীর সাবেক কর্মকর্তার স্ত্রী খুনের প্রধান আসামি গ্রেফতার

রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকায় বিমানবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তার স্ত্রীর হাত-পা বাঁধা মরদেহ উদ্ধারের পৌনে দুই বছর পর আত্মগোপনে থাকা প্রধান আসামিকে গ্রেফতার করেছে র‍্যাব। বৃহস্পতিবার (১৮ জুন) কুষ্টিয়া থেকে তাকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী। তিনি জানান, এ বিষয়ে আজ বৃহস্পতিবার (১৮ জুন) রাতে কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে বিস্তারিত জানানো হবে। ২০২৪ সালের ২৭ অক্টোবর দুপুরে ডিওএইচএসের ১০ নম্বর সড়কের একটি বাসা থেকে ফারাহ দীবা (৬০) নামের ওই নারীর মরদেহ উদ্ধার করা হয়। মরদেহ উদ্ধারের পর পুলিশ তখন জানিয়েছিল, ২০২৪ সালের ২৭ অক্টোবর সকালের দিকে ওই নারীকে হত্যা করা হয়। তবে তার শরীরে আঘাতের কোনো চিহ্ন ছিল না। ঘটনার সময় ফারাহ দীবা বাসায় একাই ছিলেন। দুপুরে তার মেয়ে বাসায় এসে মায়ের মরদেহ দেখে পুলিশে খবর দেন। বাসা থেকে বেশকিছু মালামাল লুট হয়েছে বলেও পরিবারের সদস্যরা পুলিশের কাছে দাবি করেছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## তেজগাঁও এলাকায় অভিযান, বিভিন্ন অপরাধে গ্রেফতার ৪৭

রাজধানীর তেজগাঁও বিভাগের অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ৪৭ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, বুধবার (১৭ জুন) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে এসব ব্যক্তিকে গ্রেফতার করা হয়। তাদের মধ্যে তেজগাঁও থানা তিনজন, শেরেবাংলা নগর থানা ছয়জন, মোহাম্মদপুর থানা ১৪ জন, আদাবর থানা ১৪ জন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা ৫ জন ও হাতিরঝিল থানা ৫ জন। তাদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে অবৈধ দখল উচ্ছেদে অভিযান

যাত্রাবাড়ীতে জনসাধারণের নির্বিঘ্ন চলাচল নিশ্চিতকরণ এবং ফুটপাত ও সড়ক দখলমুক্ত রাখতে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযান চালিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। বৃহস্পতিবার (১৮ জুন) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলামের নেতৃত্বে পরিচালিত এই অভিযানে ফ্লাইওভারের ইনকামিং অংশ থেকে শুরু করে যাত্রাবাড়ী হয়ে কাজলা পর্যন্ত সড়কের উভয় পাশের ফুটপাত ও রাস্তার ওপর গড়ে ওঠা সব অবৈধ স্থাপনা ও দোকানপাট উচ্ছেদ করা হয়। অভিযান চলাকালে অবৈধভাবে ফুটপাত ও সড়ক দখল করে ব্যবসা পরিচালনার দায়ে ৫টি মামলা দায়ের করা হয় এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছ থেকে সর্বমোট ১৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এসময় ফুটপাত ও সড়ক দখলমুক্ত করে জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করা হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## এসএসএফের পিস্তল দিয়ে নিশানা পরীক্ষা করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) নবনির্মিত ফায়ারিং রেঞ্জে অস্ত্রচালনা ও নিশানা প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় তিনি এসএসএফের ব্যবহৃত একটি অস্ত্র দিয়ে নিশানা পরীক্ষা করেন। বৃহস্পতিবার (১৮ জুন) এসএসএফের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের অংশ হিসেবে তিনি স্পেশাল সিকিউরিটি ফোর্স ব্যবহৃত একটি পিস্তল দিয়ে নিশানা পরীক্ষা করেন এবং প্রশিক্ষণ কার্যক্রম প্রত্যক্ষ করেন। জানা গেছে, প্রধানমন্ত্রী এসএসএফ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও আধুনিক প্রশিক্ষণের গুরুত্বের ওপর জোর দেন এবং নবনির্মিত ফায়ারিং রেঞ্জের কার্যক্রম ঘুরে দেখেন। পরে তিনি এসএসএফ সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং বাহিনীর পেশাদারত্ব, দক্ষতা ও প্রস্তুতির প্রশংসা করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নিতে চায় পাকিস্তান: ইমরান হায়দার

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। বৃহস্পতিবার (১৮ জুন) বেলা সাড়ে ১১টায় বিরোধীদলীয় নেতার সংসদীয় কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় পাকিস্তান হাইকমিশনের পলিটিক্যাল কাউন্সেলর কামরান দাংগালও উপস্থিত ছিলেন। বৈঠকে পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার বলেন, ভবিষ্যতমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলাদেশ ও পাকিস্তানের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে চায় তার দেশ। তিনি উল্লেখ করেন, সাম্প্রতিক সময়ে দুই দেশের সম্পর্ক ইতিবাচক ধারায় এগোচ্ছে। এরই মধ্যে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি পেয়েছে এবং সামরিক ও বেসামরিক পর্যায়ে একাধিক সফর বিনিময় হয়েছে। এছাড়া সম্প্রতি বাংলাদেশের শিক্ষাবিদদের একটি প্রতিনিধিদল পাকিস্তান সফর করেছে উল্লেখ করে তিনি বলেন, প্রতিনিধি দলটি দেশটির শিক্ষা কাঠামো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছে। বৈঠকে গত মাসে ঢাকায় অনুষ্ঠিত শিক্ষা মেলার সাফল্য সম্পর্কেও বিরোধীদলীয় নেতাকে অবহিত করা হয়। পাকিস্তানের হাইকমিশনার বলেন, পাকিস্তান আগামী পাঁচ বছরে পর্যায়ক্রমে বাংলাদেশের ৫০০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে। এরই মধ্যে ৭৪ জন পাকিস্তানে গমন করেছেন। আগামীতে দুই দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে আরও বেশি মেধা বিনিময়ের লক্ষ্য নিয়ে কাজ চলমান রয়েছে। চলমান 'নলেজ করিডোর' প্রকল্প সামনের দিনগুলোতে আরও সংহত করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করা হয়। পাকিস্তানের হাইকমিশনার একটি সংসদীয় গ্রুপ গঠন এবং সংসদীয় পর্যায়ে দুই দেশের সম্পর্ক আরও জোরদার করার আহ্বান জানান। আলোচনার একপর্যায়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরে পাকিস্তানের ঐতিহাসিক ভূমিকার জন্য বিরোধীদলীয় নেতা হাইকমিশনারের মাধ্যমে পাকিস্তান সরকারকে ধন্যবাদ জানান। বৈঠকে বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এমপি এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষার ফি নেওয়ার সিদ্ধান্ত হয়নি: শিক্ষামন্ত্রী

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষার ফি নেওয়া হবে বলে এক অনুষ্ঠানে জানিয়েছিলেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. সাখাওয়াৎ হোসেন। তার সেই বক্তব্যকে উড়িয়ে দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। মন্ত্রীর দাবি, বাংলাদেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ও অবৈতনিক। এ বিদ্যালয়ে পরীক্ষার ফি নেওয়ার কোনো সিদ্ধান্ত হয়নি। বৃহস্পতিবার (১৮ জুন) দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে ফি না নেওয়ার বিষয়ে সরকারের নীতিগত অবস্থান রয়েছে। সংবিধানের ১৭ ধারায় গণমুখী ও সর্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং কার্যকর ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। তাই প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ও অবৈতনিক হওয়ায় এ ধরনের ফি নেওয়ার কোনো সিদ্ধান্ত হয়নি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৫ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে ৫ শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মৃত্যু বেড়ে ৬৬৬ জনে দাঁড়িয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনের তথ্য বলছে, বুধবার সকাল ৮টা থেকে আজ বৃহস্পতিবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় সারাদেশে ১০০৯ জন শিশুর শরীরে হামের উপসর্গ দেখা গেছে। এসময়ে নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৩৯ শিশুর। চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে হাম উপসর্গে ৫৭৩ শিশু মারা গেছে। এসময়ে হাম শনাক্ত হয়ে মারা গেছে ৯৩ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে মোট হামের উপসর্গ দেখা দিয়েছে ৮৯ হাজার

৯০৪ শিশুর। এসময়ে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৭৪ হাজার ১৮৪ জন শিশু। তাদের মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাসায় ফিরেছে ৭০ হাজার ৫০৩ শিশু। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যা সোয়া সাতটার দিকে জাতীয় সংসদ ভবনের মন্ত্রিপরিষদ সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব মো. সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ কথা জানান। সভায় মন্ত্রিপরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে চীনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। আজ বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। তিনি জানান, বৈঠকের শুরুতে চীনের রাষ্ট্রদূত জাতিসংঘ সাধারণ পরিষদের ২০২৬-২০২৭ সেশনের সভাপতি পদে ড. খলিলুর রহমান নির্বাচিত হওয়ায় বাংলাদেশকে অভিনন্দন জানান। শাহাদাৎ হোসেন স্বাধীন বলেন, বৈঠকে চীন ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, কারিগরি শিক্ষা এবং দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## বর্তমান সংসদ সদস্যদের কেউ ঋণখেলাপি নন: স্বরাষ্ট্রমন্ত্রী

বর্তমান সংসদের কোনো সদস্য ঋণখেলাপি নেই। যারা আছেন তারা ঋণগ্রস্ত হতে পারেন, তবে ঋণখেলাপি নন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আজ বৃহস্পতিবার বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলামের পয়েন্ট অব অর্ডারে দেওয়া এক বক্তব্যের পরিপ্রেক্ষিতে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আইন অনুযায়ী, যেমন রিপ্রেজেন্টেশন অব দ্য পিপল অর্ডারসহ অন্যান্য বিধিমালায়, যদি কেউ আদালত কর্তৃক ঋণখেলাপি হিসেবে সাব্যস্ত বা ঘোষিত হন, তবে তিনি অযোগ্য হিসেবে বিবেচিত হন। এমপি পদে মনোনয়ন দিতে পারেন না। সেটি স্পষ্ট বিধান। তিনি আরো বলেন, নির্বাচিত হয়ে সংসদে আসার অর্থ হলো, সংশ্লিষ্ট ব্যক্তি হয় ঋণগ্রস্ত হতে পারেন, কিন্তু ঋণখেলাপি নন। এখন কেউ যদি দাবি করেন যে এই সংসদে ঋণখেলাপিদের মনোনয়ন দেওয়া হয়েছে, তা কোনোভাবেই আইনগত ব্যাখ্যার সঙ্গে সংগতিপূর্ণ নয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যাদের মনোনয়ন দেওয়া হয়েছে, তাদের কারো বিরুদ্ধে ব্যাংক বা অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের মামলা থাকলেও, সেগুলো হাইকোর্ট বা সুপ্রিম কোর্টে নিষ্পত্তি হয়ে গেছে। আদালত থেকে নিষ্পত্তির পর এবং বৈধ প্রার্থী হিসেবে ঘোষিত হওয়ার পর তিনি আর ঋণখেলাপি থাকেন না এবং তারা নির্বাচিত হয়ে সংসদে এসেছেন। সুতরাং এটিকে 'ঋণখেলাপিদের সংসদ' বলা সঠিক নয় এবং এটি মানহানিকর বক্তব্য। আমি মনে করি, এটি এক্সপাঞ্জ করা উচিত।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## জুনের প্রথম ১৭ দিনে রেমিট্যান্স এসেছে ১৮২ কোটি ডলার

চলতি মাসের প্রথম ১৭ দিনে দেশে ১৮১ কোটি ৬০ লাখ মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, চলতি জুন মাসের প্রথম ১৭ দিনে দেশে রেমিট্যান্স এসেছে ১৮১ কোটি ৬০ লাখ ডলার। আর গত বছরের একই সময়ে এসেছিল ১৭৫ কোটি ৫০ লাখ ডলার। অর্থাৎ বছর ব্যবধানে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে। চলতি অর্থবছরের জুলাই থেকে ১৭ জুন পর্যন্ত দেশে এসেছে ৩ হাজার ৪৫৭ কোটি ৩০ লাখ ডলার রেমিট্যান্স। বছর ব্যবধানে যা বেড়েছে ১৮ দশমিক ১০ শতাংশ। এর আগে গত মে মাসে দেশে রেমিট্যান্স এসেছে মোট ৩৪২ কোটি ৫০ লাখ ৩০ হাজার মার্কিন ডলার, যা দেশের ইতিহাসে কোনো এক মাসে দ্বিতীয় সর্বোচ্চ প্রবাসী আয়। গত এপ্রিলে দেশে এসেছিল ৩১২ কোটি ৭৩ লাখ মার্কিন ডলার এবং মার্চে এসেছিল ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার মার্কিন ডলার, যা দেশের ইতিহাসে যে কোনো এক মাসের সর্বোচ্চ।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## একবেলা না খেয়ে হলেও প্রতিরক্ষা বাজেট বাড়াতে হবে: মুজাহিদ

প্রস্তাবিত বাজেটকে বিশাল ঘাটতি ও 'সাদা হাতির বাজেট' আখ্যা দিয়ে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় প্রতিরক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর জোর দাবি জানিয়েছেন এনসিপির সংসদ সদস্য আতিকুর রহমান মুজাহিদ। তিনি বলেন, দেশকে রক্ষা করার জন্য সবাইকে যদি একবেলা না খেয়েও থাকতে হয়, তবুও স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় আমাদের বাজেট বেশি করে দিন। বৃহস্পতিবার জাতীয় সংসদে প্রস্তাবিত ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। এ সময় অধিবেশনে সভাপতিত্ব করছিলেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। প্রতিরক্ষা খাতের বাজেট নিয়ে চরম অসন্তোষ প্রকাশ করে আতিকুর রহমান মুজাহিদ বলেন, প্রতিরক্ষা খাতে মাত্র ৪২ হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে, যার মধ্যে ৩৫ হাজার কোটি টাকাই পরিচালনা ব্যয়।

মাত্র ৭ হাজার কোটি টাকা দিয়ে কি আমাদের প্রতিরক্ষা ব্যবস্থার আধুনিকায়ন সম্ভব? আমাদের চারপাশের বর্ডার থেকে প্রতিদিন হুমকি আসছে। পঞ্চগড়, হিলি, কুড়িগ্রাম, গাইবান্ধা থেকে শুরু করে দক্ষিণের ফেনী এবং চিকেন নেক নিয়ে আমরা হুমকির মুখে আছি। দেশের সার্বভৌমত্ব যখন হুমকির মুখে, তখন এই বাজেট দিয়ে প্রতিরক্ষা সম্ভব নয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## ২০২৭ বর্ষ থেকে বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা চালু

আগামী ২০২৭ বর্ষ থেকে বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে 'পরীক্ষা পদ্ধতি' চালু করতে যাচ্ছে সরকার। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। মন্ত্রী বলেন, শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষা একটি নামমাত্র পরীক্ষা নেওয়া হবে। এখানে কোচিং সেন্টারে যাওয়ার কোনো প্রশ্ন আসে না। ক্যাচমেন্ট এরিয়া প্লাস পরীক্ষা এই দুইটার সমন্বয়ে ভর্তি নেওয়া হবে। এর আগে যে ভর্তি পরীক্ষার সিস্টেম ছিল— তখন ব্যাপক অনিয়ম হতো বলে অভিযোগ করেন মন্ত্রী। আওয়ামী লীগ সরকার ২০১১ শিক্ষাবর্ষ থেকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে প্রথম শ্রেণিতে ভর্তি পরীক্ষার পরিবর্তে লটারির মাধ্যমে ভর্তি বাধ্যতামূলক করে। পরে বেসরকারি বিদ্যালয়েও একই পদ্ধতি চালু হয়। পরবর্তীতে করোনাভাইরাস পরিস্থিতির কারণে ২০২১ শিক্ষাবর্ষে সব শ্রেণিতেই লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি শুরু হয় এবং এরপর থেকে একই পদ্ধতি অনুসরণ করা হচ্ছিল। তবে ফের ৬ বছর পর ফের স্কুলে ভর্তি পরীক্ষা চালুর সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। বৃহস্পতিবার সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে ব্রিটিশ হাইকমিশনার বর্তমান সরকারের সময়ে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বিদ্যমান সম্পর্ক আরও সুদৃঢ় হওয়ার আশা ব্যক্ত করেন। বৈঠকে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ খাতে ব্রিটিশ সরকারের সহযোগিতার প্রস্তাব দেওয়া হয়। এছাড়া বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বাণিজ্য বৃদ্ধি এবং বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা নিয়েও আলোচনা হয়, যা দেশে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। সেই সঙ্গে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালুর পর এভিয়েশন খাতে ব্রিটিশ বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেন ব্রিটিশ হাইকমিশনার। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানত ছাড়ালো সাড়ে ১২ হাজার কোটি টাকা

সুইস ব্যাংকে ফুলে ফেঁপে উঠেছে বাংলাদেশিদের জমানো টাকা। আমানত ছাড়িয়েছে ১২ হাজার ৫শ' কোটি টাকা। কেবল ২০২৫ সালেই বাংলাদেশিদের আমানত বেড়েছে প্রায় সাড়ে ৪১ শতাংশ। জমা পড়েছে ৩ হাজার ৬শ' কোটি টাকার বেশি। বৃহস্পতিবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সুইস ন্যাশনাল ব্যাংক। এতে বলা হয়, ২০২৫ সাল নাগাদ ব্যক্তি ও ব্যাংক কর্তৃক সুইস ব্যাংকে রাখা বাংলাদেশিদের অর্থের পরিমাণ ৮৩ কোটি ৪১ লাখ সুইস ফ্রাঁ (প্রায় ১২ হাজার ৫শ' ১২ কোটি টাকা)-তে পৌঁছেছে, যা এযাবৎকালের দ্বিতীয় সর্বোচ্চ। আগের বছর একইসঙ্গে, এই পরিসংখ্যানটি গত চার বছরের মধ্যে সর্বোচ্চ। ২০২৪ সালে এটি ছিলো ৫৮ কোটি ৯৫ লাখ সুইস ফ্রাঁ। যেটি টাকার হিসাবে আট হাজার ৮৪৩ কোটির বেশি। অর্থাৎ, এই সময়ে অর্থ বেড়েছে ৩ হাজার ৬শ' ৬৯ কোটি টাকা। এর আগে, ২০২১ সালে ৮৭ কোটি ১১ লাখ সুইস ফ্রাঁ। যেটি ছিল ইতিহাসের সর্বোচ্চ বাংলাদেশি আমানত। এরপরের দুইবছর নজিরবিহীন হারে টাকা তুলে নেয় বাংলাদেশিরা। ফলে, ২০২৩ সালে আমানত কমে দাঁড়ায় মাত্র ১ কোটি ৭৭ লাখ সুইস ফ্রাঁ। তবে, ২০২৪ ও ২০২৫ সালে হঠাৎ এই উলম্ফনের কোনো কারণ উল্লেখ করেনি সুইস ব্যাংক কর্তৃপক্ষ।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## রিজার্ভ চুরির অভিযোগপত্রে ৬৪ ব্যক্তি-প্রতিষ্ঠান

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির মামলায় এক দশকের বেশি সময় ধরে তদন্তের পর খসড়া অভিযোগপত্র প্রস্তুত করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। দেড়শ পৃষ্ঠার এই অভিযোগপত্র সম্প্রতি অ্যাটর্নি জেনারেলের কাছে হস্তান্তর করে আইনি পরামর্শ চেয়েছেন মামলার তদন্ত কর্মকর্তা। দেশের ইতিহাসে সবচেয়ে বড় এই আর্থিক কেলেঙ্কারির ঘটনায় করা অভিযোগপত্রে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমানসহ বাংলাদেশের ১০ জনের নাম রয়েছে। সবমিলিয়ে ভারত, শ্রীলংকা ও চীনের নাগরিকসহ দেশি-বিদেশি ৬৪ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে দায়ী করা হয়েছে। বুধবার সংশ্লিষ্ট একাধিক কর্মকর্তা যুগান্তরকে এসব তথ্য নিশ্চিত করেছেন। এত বড় আর্থিক কেলেঙ্কারি ধামাচাপা দেওয়ার অভিযোগ রয়েছে আতিউর রহমানের বিরুদ্ধে। তিনি এখন পলাতক।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## ওয়াশিং মেশিন-মাইক্রোওয়েভ ওভেন ইস্যুতে উত্তপ্ত সংসদ

সংসদ সদস্যদের আবাসিক ফ্ল্যাটে ওয়াশিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন ও পর্দা দেওয়ার দাবি ঘিরে জাতীয় সংসদে তর্ক-বিতর্কের সৃষ্টি হয়েছে। জামায়াতে ইসলামীর এক সংসদ সদস্যের উত্থাপিত এ দাবিকে কেন্দ্র করে বাংলাদেশ জাতীয় পার্টির বিজেপি চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থ কটাক্ষমূলক মন্তব্য করলে বিষয়টি নিয়ে সংসদে উত্তেজনা দেখা দেয়। পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ পার্থর বক্তব্যকে সংশ্লিষ্ট সদস্যের জন্য 'অসম্মানজনক' হতে পারে বলে মন্তব্য করেন। একই সঙ্গে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান সংসদ সদস্যদের মানসিকতা পরিবর্তনের আহ্বান জানান। বৃহস্পতিবার বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিষয়টি উত্থাপন করেন আন্দালিব রহমান পার্থ। বক্তব্যের শুরুতে পার্থ বলেন, দীর্ঘ সংগ্রামের পর দেশের মানুষ একটি কার্যকর সংসদ পেয়েছে। তিনি দাবি করেন, বর্তমান সংসদের অন্যতম ইতিবাচক দিক হলো এখানে স্বৈরাচার বা ফ্যাসিবাদের কোনো প্রতিনিধিত্ব নেই। তবে সাম্প্রতিক কিছু ঘটনা সংসদের মর্যাদা নিয়ে প্রশ্ন তুলছে। তিনি বলেন, সংসদ সদস্যরা শুধু জনপ্রতিনিধিই নন, সংসদেরও প্রতিনিধি। দেশের ভেতরে ও বাইরে তারা সংসদের ভাবমূর্তি বহন করেন। এ প্রসঙ্গে তিনি সংবাদমাধ্যমে প্রকাশিত 'জামায়াত এমপির ওয়াশিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন ও পর্দা দাবি' শিরোনামের খবরের উল্লেখ করে বলেন, এমন সংবাদ তাকে ব্যক্তিগতভাবে বিব্রত করেছে এবং সংসদের জন্যও অস্বস্তিকর। বিজেপি চেয়ারম্যান বলেন, জনগণের সমস্যা ও দাবি তুলে ধরার জায়গা সংসদ। সেখানে একজন সদস্য যদি ওয়াশিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন বা পর্দা না পাওয়ার বিষয় নিয়ে কথা বলেন, তাহলে সেটি সংসদের মর্যাদার সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ, তা ভেবে দেখা দরকার। একাদশ সংসদে গাড়ি ও প্লট সুবিধা না নেওয়ার ঘোষণার প্রসঙ্গ টেনে এমপি পার্থ বলেন, যখন গাড়ি ও প্লটের মতো সুবিধা ত্যাগ করা হয়েছে, তখন কেন সংসদে দাঁড়িয়ে মাইক্রোওয়েভ ওভেন বা ওয়াশিং মেশিন নিয়ে আলোচনা করতে হবে? (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৬.২০২৬ আসাদ)

## চলতি অর্থবছরে রেমিট্যান্স প্রবাহে ১৮.৩ শতাংশ বেড়েছে

চলতি অর্থবছরেও বাংলাদেশের প্রবাসী আয়ের ঊর্ধ্বগতি অব্যাহত রয়েছে। প্রবাসী বাংলাদেশিরা ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের ১৬ জুন পর্যন্ত ৩৪.৪৯ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রেমিট্যান্স দেশে পাঠিয়েছেন, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ১৮.৩ শতাংশ বেশি। বুধবার বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রকাশিত তথ্যানুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের ১৬ জুন পর্যন্ত রেমিট্যান্স প্রবাহ ৩৪.৪৯ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে, যা ২০২৪-২৫ অর্থবছরের একই সময়ে ছিল ২৯.১৪ বিলিয়ন মার্কিন ডলার। এদিকে ২০২৬ সালের ১৬ জুন একদিনেই প্রবাসীরা বৈধ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে ১০৫ মিলিয়ন মার্কিন ডলার পাঠিয়েছেন, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভে প্রবাসীদের ধারাবাহিক অবদানেরই প্রতিফলন। চলতি জুন মাসের ১৬ দিনে মোট রেমিট্যান্স এসেছে ১ হাজার ৭২৯ মিলিয়ন মার্কিন ডলার।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## জর্ডানে অবৈধ বাংলাদেশিদের জন্য সুখবর

জর্ডানে অবস্থানরত অবৈধ বাংলাদেশি প্রবাসীদের জন্য সাধারণ ক্ষমা ঘোষণা করেছে জর্ডান সরকার। এতে করে তারা সেখানে বৈধভাবে থেকে কাজ করার সুযোগ পাবেন, নয়তো কোনো জরিমানা ছাড়াই দেশে ফিরে আসতে পারবেন। বুধবার (১৭ জুন) জর্ডানের বাংলাদেশ দূতাবাস এক বিশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। দূতাবাস জানায়, জর্ডান সরকার দেশটিতে থাকা সব অবৈধ প্রবাসী শ্রমিকদের জন্য এই সাধারণ ক্ষমা ঘোষণা করেছে। এর আওতায় যেকোনো অবৈধ শ্রমিক চাইলে জরিমানা ছাড়াই নিজ দেশে ফিরে যেতে পারবেন। আবার শর্তসাপেক্ষে জর্ডানেই থেকে কাজ চালিয়ে যাওয়ার সুযোগও রয়েছে। শুধু তাই নয়, ক্ষমার আওতায় শ্রমিকরা তাদের কর্মস্থলও পরিবর্তন করতে পারবেন। গৃহকর্মীরা নতুন নিয়োগকর্তার অধীনে কাজ করার সুযোগ পাবেন। যারা ভ্রমণ (টুরিস্ট) ভিসায় জর্ডানে গিয়েছেন, তারাও ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করতে পারবেন। দূতাবাস এসব সুবিধা নিতে আগ্রহী প্রবাসীদের দূতাবাসের সঙ্গে যোগাযোগ করার আহ্বান জানিয়েছে। এই সাধারণ ক্ষমা জর্ডানে আটকে পড়া অনেক বাংলাদেশি শ্রমিকের জন্য বড় স্বস্তির খবর হয়ে দেখা দিয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## জাতীয় বাজেটে পানিনিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার, বড় বিনিয়োগ

আগামী ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে জলবায়ু সহনশীলতা, খাদ্যনিরাপত্তা ও টেকসই পানি ব্যবস্থাপনার কৌশলের কেন্দ্রবিন্দুতে রাখা হয়েছে পানিনিরাপত্তাকে। নদী পুনরুদ্ধার, বন্যা নিয়ন্ত্রণ, খাল খনন এবং বহুল আলোচিত পদ্মা ব্যারাজ প্রকল্পকে অগ্রাধিকার দিয়ে পানি সম্পদ খাতে ব্যাপক কর্মপরিকল্পনা ঘোষণা করেছে সরকার। বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী পানি সম্পদ মন্ত্রণালয়ের জন্য ১০ হাজার ৫৩৩ কোটি টাকার প্রস্তাবিত বরাদ্দের ঘোষণা করেন। এর মাধ্যমে দেশের নদী, সেচব্যবস্থা ও বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামোয় বড় ধরনের বিনিয়োগের ইঙ্গিত পাওয়া যায়।

### প্রতিটি বিভাগে নদী দখলমুক্ত করার উদ্যোগ

পরিবেশগত ভারসাম্য পুনরুদ্ধার এবং মৃতপ্রায় নদীগুলোকে পুনরুজ্জীবিত করার অংশ হিসেবে প্রতিটি বিভাগে অন্তত একটি নদীকে অবৈধ দখলমুক্ত করার বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার। চলমান সাতটি প্রকল্পের আওতায় ধলেশ্বরী, লৌহজং, আলাইকুড়ি, মোগড়া, সালতা, সুতাং, বাঁকখালী ও বড়নাই- এই আটটি নদী থেকে অবৈধ দখল উচ্ছেদ এবং

স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধারের কাজ চলছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা মনে করছেন, এ উদ্যোগ জীববৈচিত্র্য সংরক্ষণ, স্থানীয় প্রতিবেশব্যবস্থা শক্তিশালীকরণ এবং আশপাশের এলাকায় জলাবদ্ধতা ও নিষ্কাশন সমস্যার সমাধানে সহায়ক হবে।

**প্রযুক্তিনির্ভর পানি ব্যবস্থাপনা**

তথ্যনির্ভর শাসনব্যবস্থার দিকে অগ্রসর হওয়ার অংশ হিসেবে ঢাকার আশপাশের নদীগুলোর জন্য 'ওয়াটার কোয়ালিটি ইনডেক্স' (ডব্লিউকিউআই) বা পানির গুণগত মান সূচক প্রণয়ন করেছে সরকার। এর মাধ্যমে নদীর গুণগত অবস্থা (রিভার হেলথ) আরও নিয়মতান্ত্রিকভাবে পর্যবেক্ষণ করা সম্ভব হবে। একই সঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ডিপ লার্নিংভিত্তিক ভূগর্ভস্থ পানির রিয়েল-টাইম পর্যবেক্ষণ ড্যাশবোর্ড চালু করা হয়েছে। এ ব্যবস্থার মাধ্যমে ভূগর্ভস্থ পানির স্তর সম্পর্কে ধারাবাহিক তথ্য পাওয়া যাবে, যা পানি সংরক্ষণ ও টেকসই উত্তোলন বিষয়ে নীতিনির্ধারকদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। বিশেষজ্ঞরা মনে করেন, জলবায়ু ও পরিবেশগত চ্যালেঞ্জের প্রেক্ষাপটে এসব প্রযুক্তিগত উদ্যোগ বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনাকে আধুনিকায়নের গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

**ব্যাপক খাল খনন কর্মসূচি**

পানি সম্পদ মন্ত্রণালয় 'নদী, খাল ও জলাধার খনন ও পুনঃখনন' শীর্ষক একটি জাতীয় কর্মসূচি বাস্তবায়ন করছে। এ উদ্যোগটি আগামী পাঁচ বছরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সমন্বিত প্রচেষ্টায় ২০ হাজার কিলোমিটার খাল, নদী ও ড্রেনেজ চ্যানেল খননের বৃহত্তর সরকারি লক্ষ্যের সঙ্গে যুক্ত। শুধু ২০২৬-২৭ অর্থবছরেই ৬৮০ কিলোমিটার খাল, সেচখাল ও নিষ্কাশন খাল খনন ও পুনঃখননের পরিকল্পনা রয়েছে। এছাড়া 'বাংলাদেশের খাল শনাক্তকরণ, শ্রেণিবিন্যাস এবং জিও-ইনফরমেটিক্স ডেটাবেজ উন্নয়ন' নামে একটি বড় প্রকল্পের আওতায় দেশের সব খালের মানচিত্র তৈরি করা হবে এবং জিআইএসভিত্তিক খাল নেটওয়ার্ক ডাটাবেজ গড়ে তোলা হবে। এর ফলে দেশের জলপথের একটি পূর্ণাঙ্গ ডিজিটাল তালিকা তৈরি হবে।

**বন্যা নিয়ন্ত্রণ ও নৌপথের উন্নয়ন**

আগামী অর্থবছরে ব্যাপক বন্যা নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। এর আওতায় ৩০৯ কিলোমিটার এলাকাজুড়ে বাঁধ ও বন্যা প্রতিরোধ দেয়াল নির্মাণ, পুনর্নির্মাণ ও পুনর্বাসনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে ৪৮৪ কিলোমিটার নৌপথের নাব্যতা বৃদ্ধি এবং ডুবোচর অপসারণের পরিকল্পনাও রয়েছে। অন্যদিকে সরকারের চলমান 'বন্যা সুরক্ষায় ১৮০ দিনের কর্মসূচি'র আওতায় ইতোমধ্যে ২৯২ কিলোমিটার এলাকায় বাঁধ ও বন্যা প্রতিরোধ দেয়াল নির্মাণ ও পুনর্বাসনের কাজ চলছে। এসব উদ্যোগ মৌসুমি বন্যার ক্ষতি কমানোর পাশাপাশি পানি প্রবাহ ও নৌপরিবহন ব্যবস্থার উন্নয়নে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে।

**দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জন্য মেগা প্রকল্প পদ্মা ব্যারেজ**

পানি সম্পদ খাতের বাজেটের কেন্দ্রবিন্দুতে রয়েছে সদ্য অনুমোদিত 'পদ্মা ব্যারাজ (প্রথম পর্যায়)' প্রকল্প। সরকারের নীতিনির্ধারকদের মতে, এটি দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কৃষি, মৎস্য ও পানি ব্যবস্থাপনায় বৈপ্লবিক পরিবর্তন আনবে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) অনুমোদিত এ প্রকল্পের কাজ আগামী জুলাই থেকে ২০৩৩ সালের জুন পর্যন্ত চলবে। প্রকল্পের আওতায় রাজবাড়ীর পাংশায় পদ্মা নদীর ওপর ২.১ কিলোমিটার দীর্ঘ মূল ব্যারাজ নির্মাণ, জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপন এবং শুষ্ক মৌসুমে মিঠাপানির প্রাপ্যতা নিশ্চিত করতে পদ্মার পানি সংরক্ষণ ও নিয়ন্ত্রণ করা হবে। সরকারের হিসাব অনুযায়ী, প্রকল্পটির মাধ্যমে বছরে ২৯০ কোটি ঘনমিটার পানি সংরক্ষণ করা সম্ভব হবে। সুন্দরবনসহ পুরো পদ্মা অববাহিকায় লবণাক্ততার অনুপ্রবেশ রোধ করা যাবে। এছাড়া পাঁচটি শাখা ও উপনদীর নাব্যতা পুনরুদ্ধার হবে। ২৮ লাখ ৮৮ হাজার হেক্টর কৃষিজমিতে সেচ সুবিধা দেওয়া যাবে। বছরে ধান উৎপাদন ২ কোটি ৩ লাখ ৯০ হাজার টন এবং মাছ উৎপাদন ২৩ লাখ ৪০ হাজার টন বাড়বে। সরকার আশা করছে, চার বিভাগের ১৯টি জেলার ১২০টি উপজেলার বাসিন্দারা সরাসরি ও পরোক্ষভাবে এ প্রকল্পের সুফল পাবেন। এতে দেশের প্রায় ৩৭ শতাংশ জনগোষ্ঠী উপকৃত হবে।

**তিস্তা পুনরুদ্ধারে গুরুত্ব**

বাজেট বক্তৃতায় তিস্তা ও পদ্মা নদীর উজানে নির্মিত বাঁধের কারণে পানির প্রবাহ কমে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়। এতে কৃষি, সেচ, মৎস্য ও জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হচ্ছে বলেও উল্লেখ করা হয়। এ সমস্যা মোকাবিলায় সরকার 'তিস্তা নদীর সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্প' বা তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ এগিয়ে নিচ্ছে। উন্নত নদী ব্যবস্থাপনা, পানি সংরক্ষণ এবং অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে উত্তরাঞ্চলের মানুষের জীবনমান ও জীবিকা উন্নত করাই এ উদ্যোগের লক্ষ্য।

**পানিকেন্দ্রিক উন্নয়ন ভাবনা**

প্রস্তাবিত বাজেটে অর্থনৈতিক প্রবৃদ্ধি, জলবায়ু অভিযোজন এবং পরিবেশগত স্থায়িত্বের ভিত্তি হিসেবে পানিনিরাপত্তার ওপর সরকারের ক্রমবর্ধমান গুরুত্ব স্পষ্ট হয়েছে। নদী দখলমুক্তকরণ, ভূগর্ভস্থ পানির পর্যবেক্ষণে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার এবং পদ্মা ব্যারাজের মতো দেশের অন্যতম বৃহৎ পানি অবকাঠামো প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে পানি, কৃষি, মৎস্য, নৌপরিবহন ও পরিবেশগত সহনশীলতা জোরদারের একটি সমন্বিত কৌশল তুলে ধরা হয়েছে এ বাজেটে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## মোবাইল ব্যাংকিং ভ্যালিডেশন না হলে বন্ধ থাকবে উপবৃত্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি ও সমমানের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) দ্বারা ভ্যালিডেশন সম্পন্ন করার নির্দেশনা জারি করা হয়েছে। এ বিষয়ে সোমবার প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের স্কিম পরিচালক (যুগ্মসচিব) মোহাম্মদ আসাদুল হক স্বাক্ষরিত এক পত্রে দেশের সকল উপজেলা ও থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এইচএসপি-এমআইএস সফটওয়্যারে নিবন্ধিত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যেসব শিক্ষার্থীর মোবাইল ব্যাংকিং হিসাব এখনও অভিভাবকের এনআইডি দ্বারা ভ্যালিডেশন করা হয়নি, সেসব তথ্য সংশোধনের সুযোগ দিতে 'মোবাইল ব্যাংক তথ্য আপডেট' অপশন ১৭ জুন থেকে ২০ জুন ২০২৬ পর্যন্ত উন্মুক্ত রাখা হয়েছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট জানিয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে অভিভাবকের এনআইডি'র মাধ্যমে মোবাইল ব্যাংকিং হিসাব ভ্যালিডেশন সম্পন্ন না হলে, সংশ্লিষ্ট শিক্ষার্থীর উপবৃত্তি বিতরণ কার্যক্রম স্থগিত থাকবে। ফলে উপবৃত্তির অর্থ প্রাপ্তিতে যে কোনো ধরনের জটিলতা এড়াতে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়েছে। নির্দেশনায় ভ্যালিডেশন প্রক্রিয়ার বিস্তারিত ধাপও উল্লেখ করা হয়েছে। প্রথমে এইচএসপি-এমআইএস-এর ওয়েবসাইটে প্রবেশ করে লগ ইন করতে হবে। এরপর ড্যাশবোর্ডে 'বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী' অপশনে ক্লিক করে 'মোবাইল ব্যাংক তথ্য আপডেট' মেনুতে যেতে হবে। সেখানে 'খুঁজুন' বাটনে ক্লিক করলে সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীদের তথ্য প্রদর্শিত হবে। পরবর্তী ধাপে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্যের পাশে থাকা 'সম্পাদনা' অপশনে ক্লিক করে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) নির্বাচন করতে হবে। সেবা প্রদানকারী হিসেবে রকেট, বিকাশ, নগদ, উপায় অথবা এমক্যাশের মধ্যে যে কোনো একটি নির্বাচন করে হিসাবধারীর নাম ও মোবাইল ব্যাংকিং নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। সবশেষে 'হালনাগাদ' অপশনে ক্লিক করে তথ্য সংরক্ষণ করতে হবে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আরও জানিয়েছে, এইচএসপি-এমআইএস সফটওয়্যারে শিক্ষার্থীর অভিভাবকের যে জাতীয় পরিচয়পত্র নম্বর সংরক্ষিত রয়েছে, সেই এনআইডি নম্বরের মাধ্যমেই সংশ্লিষ্ট মোবাইল নম্বরের সিম নিবন্ধিত থাকতে হবে এবং একই এনআইডি ব্যবহার করে মোবাইল ব্যাংকিং হিসাব খোলা থাকতে হবে। অন্যথায় ভ্যালিডেশন সম্পন্ন হবে না। সংশ্লিষ্ট কর্মকর্তারা মনে করছেন, উপবৃত্তির অর্থ সঠিক উপকারভোগীর কাছে পৌঁছানো, জালিয়াতি প্রতিরোধ ও ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ সরাসরি অভিভাবকের নিয়ন্ত্রিত মোবাইল ব্যাংকিং হিসাবে নিরাপদে পৌঁছানো সম্ভব হবে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা অব্যাহত রাখতে দীর্ঘদিন ধরে উপবৃত্তি সহায়তা প্রদান করে আসছে। নতুন এই ভ্যালিডেশন কার্যক্রম উপবৃত্তি ব্যবস্থাপনাকে আরও স্বচ্ছ, জবাবদিহিমূলক ও প্রযুক্তিনির্ভর করবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## এসএসএফকে আরও আধুনিক ও দক্ষ বাহিনী হিসেবে গড়ে তোলার আহ্বান প্রধানমন্ত্রীর

স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ)-এর সদস্যদের আধুনিক নিরাপত্তা কৌশল ও প্রযুক্তিগত দক্ষতা অর্জনের মাধ্যমে বহুমাত্রিক নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় সর্বদা প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। বৃহস্পতিবার এসএসএফের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমানে আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ভূ-রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের পাশাপাশি তথ্যপ্রযুক্তির ব্যাপক বিকাশের কারণে নিরাপত্তা ঝুঁকির ধরনও বদলে গেছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের বিকল্প নেই। প্রধানমন্ত্রী বলেন, একটি বিশেষায়িত বাহিনী হিসেবে সাহস, দক্ষতা, কৌশল ও সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহারে এসএসএফের পিছিয়ে থাকার কোনো সুযোগ নেই। তিনি সদস্যদের পেশাগত উৎকর্ষতা অর্জনের পাশাপাশি সততা, বিশ্বস্ততা, শৃঙ্খলা ও 'চেইন অব কমান্ড' কঠোরভাবে অনুসরণের আহ্বান জানান। অনুষ্ঠানে তিনি বলেন, সাবেক প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার বিভিন্ন মেয়াদে সরকার পরিচালনার সময় এবং জীবনের শেষদিকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এসএসএফ অত্যন্ত আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেছে। তাঁর মৃত্যুর পর অনুষ্ঠিত জানাজার আয়োজনেও বাহিনীটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে উল্লেখ করেন তিনি। সরকারপ্রধান বলেন, রাষ্ট্রীয় দায়িত্ব পালনের ক্ষেত্রে এসএসএফের কার্যক্রম তিনি প্রতিনিয়ত প্রত্যক্ষ করছেন। তবে এই বাহিনীর সঙ্গে তাঁর পরিচয় নতুন নয়; তরুণ বয়স থেকেই তিনি এসএসএফের কার্যক্রম সম্পর্কে অবগত। তিনি বলেন, জনগণের দুর্ভোগ কমাতে এবং সড়কে যান চলাচল স্বাভাবিক রাখতে তাঁর গাড়িবহরের আকার সীমিত করা হয়েছে। ফলে সদস্য সংখ্যা বৃদ্ধির পরিবর্তে দক্ষতা ও নিরাপত্তা কৌশলের ওপর আরও বেশি গুরুত্ব দিতে হচ্ছে। এ ক্ষেত্রে এসএসএফ সদস্যরা দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করছেন বলেও তিনি মন্তব্য করেন। জনসভা ও রাষ্ট্রীয় কর্মসূচিতে ব্যাপক জনসমাগমের মধ্যে নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টি জটিল উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সরকারপ্রধানের নিরাপত্তা এবং নাগরিক জীবনের স্বাভাবিকতা—এই দুইয়ের মধ্যে ভারসাম্য বজায় রেখেই এসএসএফকে দায়িত্ব পালন করতে হয়। তিনি আরও বলেন, সরকারপ্রধান হিসেবে জনগণের বিশ্বাস ও ভালোবাসার ওপরই তাঁর সবচেয়ে বেশি নির্ভরতা। তাই নিরাপত্তা ব্যবস্থা যেন সরকারপ্রধানকে জনগণ থেকে বিচ্ছিন্ন না করে, সে বিষয়ে এসএসএফকে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। অনুষ্ঠানে

প্রধানমন্ত্রী এসএসএফের নবনির্মিত অত্যাধুনিক ফায়ারিং রেঞ্জ উদ্বোধন করেন এবং একটি মহড়া প্রত্যক্ষ করেন। তিনি আশা প্রকাশ করেন, বাহিনীর সদস্যরা পেশাগত দক্ষতা বৃদ্ধিতে এই সুবিধার সর্বোত্তম ব্যবহার করবেন। তিনি জানান, ২০০২ সালের পর এসএসএফের 'রেড বুক' পুনঃসংস্কার করে আরও আধুনিক ও সময়োপযোগী করা হয়েছে। এটি বাহিনীর কার্যপদ্ধতি নির্ধারণের পাশাপাশি প্রয়োজনীয় আইনি সুরক্ষাও নিশ্চিত করবে।

প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রপতি, সরকারপ্রধান এবং রাষ্ট্রঘোষিত গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিত করার সঙ্গে জাতীয় নিরাপত্তার বিষয়টিও জড়িত। তাই অন্যান্য নিরাপত্তা ও আইনশৃঙ্খলা বাহিনী, গোয়েন্দা সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় জোরদার করা জরুরি। তিনি বলেন, সেনা, নৌ, বিমান, পুলিশ ও আনসার বাহিনী থেকে দক্ষ কর্মকর্তাদের বাছাই করে এসএসএফ গঠন করা হয়। তাদের দেশে-বিদেশে উন্নত প্রশিক্ষণের সুযোগ দেওয়া হয়। আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এসএসএফকে আরও দক্ষ বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ অব্যাহত রাখবে। বক্তব্যের শেষাংশে প্রধানমন্ত্রী দায়িত্ব পালনের সময় সাধারণ জনগণের সঙ্গে সৌজন্যমূলক আচরণ বজায় রাখার আহ্বান জানান। তিনি বলেন, গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি জনগণ যাতে কোনো ধরনের দুর্ভোগ বা দুর্ব্যবহারের শিকার না হন, সে বিষয়েও সদস্যদের সতর্ক থাকতে হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## গণমাধ্যম সংস্কার প্রক্রিয়ায় সরকার কেবলই সহায়ক: তথ্যমন্ত্রী

দেশের ইতিহাসে এই প্রথম গণমাধ্যমের সব ধারার অংশীজনকে এক মঞ্চে সমবেত করেছে সরকার। এর মাধ্যমে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত ও দেশে একটি স্বাধীন জাতীয় গণমাধ্যম কমিশন গঠনের বিরাট সুযোগ সৃষ্টি হয়েছে। এমনটাই জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, 'এই সংস্কার প্রক্রিয়ায় সরকার রাষ্ট্রের পক্ষ থেকে কেবল একজন 'সহায়ক' ও সহযোগী অংশীদার হিসেবে দায়িত্ব পালন করবে।' বৃহস্পতিবার সকালে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এ জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত এক কর্মশালায় সভা প্রধানের বক্তব্যে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, 'আজকের দিনটি দেশের গণমাধ্যম ইতিহাসের জন্য এক অনন্য মাইলফলক। বাংলাদেশে এই প্রথম গণমাধ্যমের মূল ধারার সকল অংশীজনকে আমরা একই মঞ্চে জড়ো করতে পেরেছি।' তিনি বলেন, 'আজকের এই আয়োজন মূলত একটি উন্মুক্ত সম্ভাবনার দুয়ার খুলে দিয়েছে। আমরা সবাই যদি আলোচনার মধ্য দিয়ে সর্বসম্মতিক্রমে আমাদের পথ চলার মূল বিন্দুটি খুঁজে বের করতে পারি, তবেই এই আয়োজন সার্থক হবে। রাষ্ট্রের পক্ষ থেকে গণমাধ্যমের মহান ও স্বাধীন উদ্দেশ্যকে সফলভাবে সামনের দিকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে সরকার কেবল একজন 'সহায়ক' এবং 'সমন্বয়কারী'র দায়িত্ব পালন করবে।' বর্তমান সরকারের গণতান্ত্রিক ও কল্যাণকামী রাষ্ট্র গঠনের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করে তথ্যমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার নির্বাচনে যাওয়ার আগেই দেশের জনগণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলÑ রাষ্ট্রকে একটি প্রকৃত গণতান্ত্রিক ও কল্যাণ রাষ্ট্রে পরিণত করার। এজন্য রাষ্ট্রের কাঠামোগত যেসব জায়গায় মেরামত বা সংস্কার করা দরকার, সকলকে সাথে নিয়ে সেসব জায়গায় সরকার মেরামত করবে।' তিনি বলেন, 'সংস্কারের এইতালিকাভুক্ত খাতগুলোর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ হচ্ছে গণমাধ্যম। সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ।' তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী। স্বাগত বক্তব্যে তথ্য প্রতিমন্ত্রী বলেন, একটি রক্তক্ষয়ী বিপ্লব ও সংগ্রামের পর দেশে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এই গণতন্ত্রকে কীভাবে সমুন্নত রাখা যায় এবং সরকারের এই উন্নয়ন যাত্রায় গণমাধ্যম কীভাবে সহযাত্রী ও সহযোগী হতে পারে, সে বিষয়ে সুনির্দিষ্ট পরামর্শ প্রয়োজন। গণমাধ্যমের অগ্রযাত্রায় সরকার ও গণমাধ্যমকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। প্রস্তাবিত গণমাধ্যম কমিশনকে শক্তিশালী করার ওপর জোর দিয়ে ইয়াসের খান চৌধুরী বলেন, 'আমরা এমন একটি গণমাধ্যম কমিশন গঠন করতে চাই যা অত্যন্ত শক্তিশালী হবে এবং যেখানে জবাবদিহিতা থাকবে। এই কমিশনকে কীভাবে আরও কার্যকর ও জবাবদিহিতামূলক করা যায়, সে বিষয়ে আপনাদের মূল্যবান মতামত ও পরামর্শ অত্যন্ত জরুরি।'

মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানার সঞ্চালনায় কর্মশালায় ন্যাশনাল এডিটরস কাউন্সিল, সম্পাদক পরিষদ, জাতীয় নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব), টেলিভিশন এডিটরস কাউন্সিল, অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্সের (অ্যাটকো), ন্যাশনাল মিডিয়া ওয়াচ কাউন্সিল, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে), ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে), ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার (বিজেসি), ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টসহ বিভিন্ন টেলিভিশন মালিক, সম্পাদকবৃন্দ, বেসরকারি সংস্থার প্রতিনিধি এবং দেশের শীর্ষ গণমাধ্যম বিশেষজ্ঞরা অংশ নেন। তথ্যমন্ত্রীর দিকনির্দেশনামূলক বক্তব্যের পর কর্মশালার মূল অধিবেশনে উপদেষ্টার উপস্থাপিত রূপরেখার ওপর ভিত্তি করে উপস্থিত গণমাধ্যম নেতৃবৃন্দ, সম্পাদক ও সাংবাদিক প্রতিনিধিরা স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের প্রক্রিয়াকে গতিশীল করতে স্ব-স্ব মতামত, ন্যাশনাল অ্যাকশন প্ল্যানের খসড়া এবং গুরুত্বপূর্ণ সুপারিশ তুলে ধরেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

**নেত্রকোনায় বজ্রপাতে ৩ জনের মৃত্যু**

নেত্রকোণার হাওর বিস্তৃত দুই উপজেলায় মাছ ধরতে গিয়ে পৃথক স্থানে বজ্রপাতে ৩ জনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে কেন্দুয়া ও মদন উপজেলায় এসব ঘটনা ঘটে। নিহতরা হলেন— মদন উপজেলার জয়পাশা গ্রামের ইটভাটা শ্রমিক রাজীব মিয়া (২৫), কেন্দুয়া উপজেলার মাসকা ইউনিয়নের দিগলি গ্রামের শামসুল হুদা (৫৫) এবং একই উপজেলার ডাউকি গ্রামের আশরাফুল ইসলাম (২৫)। মদন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সালাহ উদ্দিন করিম জানান, সকালে বৃষ্টির মধ্যে বাড়ির সামনে মাছ ধরতে যান উপজেলার জয়পাশা গ্রামের সোনালী মিয়ার ছেলে রাজিব মিয়া (২৪)। এসময় আকস্মিক বজ্রপাতে তিনি গুরুতর আহত হন এবং ঘটনাস্থলেই মারা যান। রাজিব স্থানীয় একটি ইটভাটার শ্রমিক ছিলেন। অন্যদিকে কেন্দুয়া থানার ওসি মেহেদী মাকসুদ জানান, সকালে উপজেলার মোড়াইল বিলে মাছ ধরতে গিয়ে বজ্রপাতে নিহত হন দিগলী গ্রামের সুরুজ আলীর ছেলে শামসুল হুদা (৫৫)। বজ্রপাতে তিনি ঘটনাস্থলেই মারা যান। এছাড়া একই উপজেলার ডাউকী গ্রামের বেদেনা আক্তারের ছেলে আশরাফুল ইসলাম সান্ধিকোণা গ্রামের খালপাড়ে মাছ ধরতে গিয়ে বজ্রপাতে আহত হন। পরে তার মৃত্যু হয়। পুলিশ জানায়, নিহতদের মরদেহ উদ্ধার করে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৬.২০২৬ এলিনা)

## BBC

**HEGSETH ANNOUNCES US REVIEW OF EUROPE FORCES, SAYS SOME ALLIES WILL FAIL**

US Defense Secretary Pete Hegseth has severely criticized some of America's Nato allies, while announcing a six-month review of US forces in Europe. "Some countries will fail, and others will pass with flying colours," he said at a meeting of Nato defence ministers in Brussels, singling out allies that he suggested had been "free-riding". Hegseth was also highly critical of Nato member states that had imposed limits on help to US forces during the war with Iran. His announcement follows a US decision to scale back its commitments to a high readiness force within the alliance known as the Nato Force Model (NFM). The sim of the review, which Hegseth termed Nato 3.0, was to "ensure that Nato is moving fast and irreversibly toward Europe" on security on the continent. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**THREE KILLED AFTER ISRAELI STRIKES IN SOUTHERN LEBANON**

Three people have died in Lebanon after Israeli strikes targeted the towns of Kfar Tebnit and Zebdin this morning, according to the state-run National News Agency. The Israel Defense Forces (IDF) haven't confirmed any strikes in Lebanon on Thursday, but say Israeli forces continue to operate in the country, within a security zone extending about 10km into the southern border. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**NETANYAHU UNDER PRESSURE TO DEFY PEACE DEAL**

Israel's Prime Minister Benjamin Netanyahu has come under fresh political pressure to defy the terms of Donald Trump's ceasefire agreement with Iran. "I demand that the Prime Minister stand before the people of Israel and make it clear, both here and to the countries of the world: We are not part of the agreement. We do not accept any connection between the Iranian arena and the Lebanese arena," said the head of the Yisrael Beiteinu opposition party, Avigdor Lieberman. "We will act solely in accordance with Israeli interests, and not in accordance with fuel prices on world stock exchanges," he continued. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**HARDLINE IRANIAN LEADERS UNHAPPY WITH US DEAL**

The person now missing from the negotiating equation is Iran's late Supreme Leader, Ayatollah Ali Khamenei. He was the biggest critic of any deal with the US, and by killing him they somehow removed the main obstacle to a deal.

Some of his hardline supporters are unhappy about the agreement. His son Mojtaba Khamenei has yet to make any statements about the deal in recent days, and has also not been seen publicly for months. But from what the top negotiators and Parliament Speaker Mohammad Bagher Ghalibaf were saying yesterday, it appears that he is making some of the decisions in the country. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**AGREEMENT IS 'A MESSAGE FROM A POWERFUL IRAN': PRESIDENT**

Iran's President Masoud Pezeshkian has posted a picture on social media of the signed memorandum of understanding, saying it is "a message from a powerful Iran". Peace will be "realized in the shadow of mutual respect", he says. "The Islamic Republic of Iran has always been committed and steadfast to global peace while preserving its dignity and independence", Pezeshkian adds. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**THREE SAUDI-FLAGGED SUPERTANKERS CROSS HORMUZ STRAIT**

Three Saudi Arabian-flagged supertankers have transited the Strait of Hormuz. Data from MarineTraffic suggests they made the crossing with their position transmitters off before switching them back on after crossing into the Gulf of Oman. The tankers - Awtad, Jaham and Shaden - have been anchored west of the strait in the Gulf since the start of the conflict. All three were loaded with oil at Ras Tanura in Saudi Arabia, according to data from MarineTraffic. Two took on cargo before the conflict, on 27 and 28 February, while the other one loaded a week into the war on 7 March. Awtad and Shaden are currently broadcasting Republic of Korea and Japan respectively as their intended destinations. Jaham isn't broadcasting a location at present. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**MOSCOW HIT BY LARGEST UKRAINIAN ATTACK SINCE START OF RUSSIA'S FULL-SCALE WAR**

Moscow has come under the largest Ukrainian attack since the start of the full-scale war, with close to 200 drones hitting targets around the Russian capital and setting columns of thick smoke billowing high into the sky. Seventeen people were wounded in the Moscow region, according to local governor Andrei Vorobiev. Almost 1,000 drones and four Ukrainian cruise missiles were intercepted and destroyed across the country in 24 hours, Russia's defence ministry was quoted as saying. An oil Depot was struck in the southern Rostov region, where one person was killed. Volodymyr Zelensky said Kyiv had once again hit the Moscow region with "long-range sanctions" - a euphemism for Ukrainian long-distance strikes on Russia. "It's time to end this war, and Russia must take the necessary steps in diplomacy," he added.

(BBC News Web Page: 18/06/26, FARUK)

**SUSPECTED GANG LEADER SHOT DEAD IN FLOWER BOUQUET AMBUSH AT AIRPORT**

An Ecuadorean man, who police accuse of leading a faction of one of the country's most feared criminal gangs, has been shot dead as he was leaving the airport in Ecuador's largest city, Guayaquil. Security footage shows two young men waiting outside the arrivals terminal holding stuffed toys and flowers before one of them approaches the victim, pulls his gun from behind a teddy and shoots him point-blank. Police have detained two teenagers in connection with the crime, the latest in a widespread wave of gang violence.

This latest deadly shooting came just a day after Ecuador's president declared a fresh state of emergency in 10 provinces, including Guayas, where the attack unfolded. Ecuador's interior minister, John Reimberg, identified the victim of Wednesday's attack as 39-year-old Carlos Alberto Suastegui Villanueva, who he said was the leader of the Los Angeles gang in El Triunfo, a region east of Guayaquil. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**GUNFIRE AND EXPLOSIONS HEARD AT NIGER CAPITAL'S AIRPORT**

Explosions and gunfire were heard early on Thursday at the airport in Niger's capital, Niamey, residents have told the BBC. "I heard the first gunshots at 06:00 local time while I was at the mosque. But the current situation is under control," one person said. The gunfire, which lasted for two hours, came from the entrance at the Diori Hamani international airport, a witness told the AFP news agency. Niger has been fighting an Islamist insurgency for a decade and in January suspected jihadists launched an attack on the same airport. Like its neighbours, Burkina Faso and Mali, Niger is run by a military junta that came to power in part because of a failure to deal with the violence. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**FIRST RUSSIAN SHADOW FLEET VESSEL ENTERS CHANNEL SINCE SMYRTOS BOARDING**

A Russian"shadow fleet" tanker has entered the English Channel for the first time since UK forces boarded the Smyrtos on Sunday morning, ship tracking data shows. Forwarder, a Russian-flagged ship that left port in Primorsk last week, entered the Channel on Wednesday evening and sailed south. It is broadcasting its final destination as China's Dongying port. The shadow fleet is formed of hundreds of tankers used by Russia to avoid Western sanctions imposed on its oil exports following the 2022 full-scale invasion of Ukraine. UK-sanctioned tankers have avoided the Channel since the Smyrtos was intercepted with tracking data showing several vessels altering course to avoid the waterway. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**BIRD FLU KILLS MORE THAN 75% OF BABY SEALS ON REMOTE AUSTRALIAN ISLAND: STUDY FINDS**

Bird flu has killed thousands of southern elephant seal pups on remote Antarctic islands belonging to Australia, new research has shown. Heard and McDonald Islands, about 4,000 km south-west of Australia, are home to over one million breeding seabirds and seals. Scientists, using data from last October and this January, estimate about 13,000 baby seals from a group of 17,000 on Heard Island were killed by the H5N1 strain of bird flu since last August, more than 75% of the entire group. They also found higher than expected deaths in penguin populations. Australia is the only continent with no cases of the H5N1 strain which has spread among birds worldwide and affected some mammals. (BBC News Web Page: 18/06/26, FARUK)

**::--::THE END::--::**